বসুমতী-শাস্ত্র-প্রচার

সটীক-

বেদান্তসার।

শ্রীমৎ-পরমহংসাচার্য্য-সদানন্দযোগীন্দ্রবিরচিত।

[সুবোধিনী-টীকাসংযুক্ত]

বহু শাস্ত্রগ্রন্থ অনুবাদক—সম্পাদক, সৎসাহিত্য ও
ধর্ম্মশাস্ত্র-প্রচার-ব্রত
উ[illegible]ন্দ্রনাথ মুখোপাধ্যায় অনূদিত

পরিবর্দ্ধিত ষষ্ঠ সংস্করণ।

উপেন্দ্রনাথ মুখোপাধ্যায় প্রতিষ্ঠিত
বসুমতী-সাহিত্য-মন্দির হইতে
শ্রীসতীশচন্দ্র মুখোপাধ্যায় প্রকাশিত

কলিকাতা

১৬৬ নং বহুবাজার ষ্ট্রীট, "বসুমতী বৈদ্যুতিক রোটারী যন্ত্রে"
শ্রীপূর্ণচন্দ্র মুখোপাধ্যায় মুদ্রিত।

[মূল্য ৸০ আনা।

বেদান্তসার

বেদের অন্ত—বেদান্ত। বেদের পরম ও চরম জ্ঞানসঙ্কলন—আরণ্যকের পরিশিষ্ট বেদের মস্তকস্বরূপ—শীর্ষদেশ উপনিষদ্‌ই বেদান্ত। বেদের এই অংশেই জগতের সর্ব্বশ্রেষ্ঠজ্ঞান ব্রহ্মবিদ্যার দিব্যজ্যোতিঃ বিবস্বিত। বেদান্তসার ৩য় সূত্রে বলিতেছেন :—

"বেদান্তো নাম উপনিষৎপ্রমাণম্, তদুপকারীণি শারীরক-সূত্রাদীনি চ।"

"বেদের শেষাংশে যে পরমব্রহ্ম ও আত্মার একত্ববোধক উক্তিসমূহ আছে, তাহাই উপনিষদ্—তাহাই বেদান্ত। উপনিষৎসমূহের নিগূঢ় মর্ম্ম উপলব্ধির অনুকূল মহর্ষি বেদব্যাস-বিরচিত শারীরকসূত্র—বেদান্ত-দর্শন—ভাষ্যনিবন্ধাদিও উপনিষদের উপকারী—অনুযায়ী বলিয়া তাহাও বেদান্ত।"

ভারতে ব্রহ্মজ্ঞানের পুনঃপ্রবর্ত্তক আচার্য্য শঙ্কর ব্রহ্মবিদ্যার সহিত উপনিষদ্-নামের সার্থক সুসঙ্গতি প্রতিপাদন করিয়াছেন। শিবাবতার শঙ্কর বৃহদারণ্যক উপনিষদের ভাষ্য-ভূমিকায় বলিতেছেন—এবং অন্যান্য উপনিষদের ভাষ্যসূচনায় এই অর্থের সমর্থন করিতেছেন।

"সেয়ং ব্রহ্মবিদ্যা—উপনিষৎশব্দবাচ্যা—তৎপরাণাং সহেতোঃ সংসারস্য অত্যন্তাবসাদনাৎ। উপ-নি-পূর্ব্বস্য সদ্ধাতোঃ তদর্থত্বাৎ।"

সেই ব্রহ্মবিদ্যাই উপনিষদ্। যাঁহারা এই ব্রহ্মবিদ্যা অনুশীলনে তৎপর, এই জন্ম-জরা-মরণশীল সংসারে তাঁহাদের অবিদ্যা-প্রভাবের সম্পূর্ণ উচ্ছেদ সংসাধিত করে বলিয়াই এই ব্রহ্মবিদ্যা উপনিষদ্ নামে অভিহিত। উপ+নি পূর্ব্ব সদ্ ধাতুর অর্থ হইতেই উপনিষদ্ গ্রন্থ নামের এই সার্থকতা উপলব্ধি হয়।

হোমধূম-সুরভিত—বেদগাথা-মুখরিত—জ্ঞান-সাধনার পুণ্য-তপোবন বৈদিক-ভারতের আর্য্য-ব্রাহ্মণের জীবনযাত্রা চারি আশ্রমে সুবিন্যস্ত ছিল।

চারি আশ্রমের সাধনার জন্য বেদ-সঙ্কলয়িতা মহর্ষি বেদব্যাস ও তাঁহার শিষ্য বিশ্বপূজ্য আর্য্যঋষিগণ বেদের কর্ম্মকাণ্ড—সংহিতা ব্রাহ্মণে; জ্ঞানকাণ্ড—আরণ্যক উপনিষদে বিভক্ত করিয়াছিলেন। বৃহদারণ্যক উপনিষদের গ্রন্থপ্রবেশ-সূচনায় এ প্রসঙ্গের আলোচনা বিস্তারিত ভাবে করিয়াছি—পুনরুল্লেখ অনাবশ্যক। **ব্রহ্মচর্য্য** আশ্রমে **সংহিতা**—বেদের মন্ত্রভাগ স্বাধ্যায় করিতে,—**গার্হস্থ্য** আশ্রমে **ব্রাহ্মণ**—যজ্ঞব্যাখ্যা ও বিবৃতি অনুযায়ী যজ্ঞ সম্পাদন করিতে,—**বানপ্রস্থ** আশ্রমে **আরণ্যক**—যজ্ঞের রূপক-কল্পনা অনুসারে প্রতীকের উপাসনা করিতে,—পরিশেষে **সন্ন্যাস** আশ্রমে প্রব্রজ্যায় **উপনিষদ্** প্রতিপাদ্য ব্রহ্মজ্ঞানের সাধনা করিতে হইত। সেইজন্য সর্ব্ববাসনাত্যাগী সন্ন্যাসীর তীব্র বৈরাগ্যের শান্তির অমিয়-নির্ঝর—মুক্তিমন্ত্র-উচ্ছ্বসিত জ্ঞানগঙ্গোত্রী-ধারা—বেদের চরম ও পরম জ্ঞান-সমন্বয়—**বেদান্তের মূর্ত্তবিকাশ উপনিষদ্।**

বৃহদারণ্যক উপনিষদের তৃতীয় অধ্যায়ের অষ্টম ব্রাহ্মণে—ব্রহ্মবিদ্ মহারাজ জনকের মহাযজ্ঞের বিচার-সভায় ব্রহ্মর্ষি যাজ্ঞবল্ক্য ব্রহ্মবাদিনী বিদুষী গার্গীকে ব্রহ্মনির্দ্দেশপ্রসঙ্গে বলিতেছেন ;—

"ব্রহ্মবিদ্গণ সেই ব্রহ্মকে অক্ষর বলিয়া নির্দ্দেশ করেন। সেই অক্ষর-ব্রহ্ম স্থূল নহেন—সূক্ষ্ম নহেন—হ্রস্ব নহেন—দীর্ঘ নহেন—রক্তবর্ণ নহেন—স্নেহ নহেন—ছায়া নহেন—কায়া নহেন—তমঃ নহেন—বায়ু নহেন—আকাশ নহেন—আসক্ত নহেন—রস নহেন—গন্ধ—চক্ষু—শ্রোত্র—বাক্ মন তেজ নহেন—প্রাণ মুখ মাত্রা = পরিমাণ নহেন—অন্তর নহেন—বাহির নহেন—ভোক্তা নহেন—ভোজনীয় নহেন। তাঁহার শব্দ স্পর্শ রূপ ক্ষয় নাই—তাঁহার পূর্ব্বে বা পরে—অন্তরে বা বাহিরে কোন কিছুই নাই।

"হে গার্গি! এই অক্ষর-ব্রহ্মের প্রদীপ্ত শাসনে সূর্য্য-চন্দ্র নিয়মিত, ইহাঁরই প্রশাসনে স্বর্গ-মর্ত্ত স্থির—নিয়ন্ত্রিত। তাঁহারই শাসনে নিমেষ, মুহূর্ত্ত, দিবারাত্র, মাস অর্দ্ধমাস, ঋতু, সম্বৎসর নিয়মিত। তাঁহারই করুণায় হিমাদ্রি প্রভৃতি শুভ্র পর্ব্বত হইতে নদীসমূহ প্রবাহিত;—সেই করুণা-প্রবাহের কোন ব্যতিক্রম নাই। সেই অক্ষর-ব্রহ্মের অনুপ্রেরণাতেই মনুষ্যগণ দান-যজ্ঞ-শ্রাদ্ধ-কর্ম্মে নিয়োজিত—আস্থাবান্। তাঁহারই করুণা লাভের আশায় দান-যজ্ঞ-হোমের অনুষ্ঠান। সেই অক্ষর-ব্রহ্মকে না জানিয়া কেবল হোম-যজ্ঞ তপস্যা করিলে কি ফললাভ হইবে? সে সকল কর্ম্মানুষ্ঠানের ফল ত' পরিমিত—ধ্বংসশীল। যিনি ব্রহ্মকে না জানিয়া ইহলোক হইতে প্রযাণ করেন, তিনি নিতান্তই দুর্ভাগ্য। অক্ষর-ব্রহ্মকে অবগত হওয়ার নামই ত' ব্রহ্মনিষ্ঠা—ব্রহ্মবিদ্যা—ব্রহ্মজ্ঞান।

"সেই অক্ষর-ব্রহ্ম সকলের দ্রষ্টা—কিন্তু সকলেরই অ-দৃষ্ট; নিজে সকলের শ্রোতা—কিন্তু সকলেরই অশ্রুত; নিজে সকলের মন্তা=মতি-স্বরূপ—কিন্তু অন্যের মনোবৃত্তির অগোচর; নিজে বিজ্ঞাতা=জ্ঞান স্বরূপ—কিন্তু অপরের বুদ্ধিবৃত্তির অগোচর—অবিজ্ঞাত। এই অক্ষর-ব্রহ্ম ব্যতীত জগতের অন্য কোন দ্রষ্টা, শ্রোতা, মন্তা, বিজ্ঞাতা নাই। এই অক্ষর-ব্রহ্মই সর্ব্বত্র পরিব্যাপ্ত। তাঁহার ক্ষরণ নাই—তিনি অজর—অমর—স্থাণু—নির্ব্বিকার—নিমিত্তাতীত।"

বৃহদারণ্যক উপনিষদের তৃতীয় অধ্যায়ের সপ্তম ব্রাহ্মণে ব্রহ্মজ্ঞ যাজ্ঞবল্ক্য ঋষি তাঁহার অন্তরনিহিত অনুভূতিনিচয় যেন বাক্যরূপে বিকাশ করিয়া বলিতেছেন ঃ—

"যিনি নিজে দর্শনীয় নন—কিন্তু সকলের দ্রষ্টা—শ্রবণীয় নহেন অথচ সকলের শ্রোতা—নিজে মননের অতীত কিন্তু সকলের মননকর্ত্তা—যিনি

বুদ্ধির অগম্য অথচ নিজে বিজ্ঞাতা—যাঁহার অতিরিক্ত মন্তা নাই—বিজ্ঞাতা নাই—তিনিই অবিনাশী আত্মা অন্তর্যামী। তিনি ব্যতীত জগৎ আর্ত্ত—দুঃখময়—বিনাশশীল।”

বৃহদারণ্যকের দ্বিতীয় অধ্যায়ের চতুর্থ ব্রাহ্মণে মৈত্রেয়ীকে বৈভবপ্রদান প্রসঙ্গে ব্রহ্মবিদ্ ঋষি যাজ্ঞবল্ক্য বলিতেছেন :—

“* * সুখস্বরূপ আত্মাই সেই সমস্ত বিষয়—যাহার দ্বারা জীব সুখ অনুভব করে,—সুখের কামনা করে—তাহার ভিতরই আত্মা প্রচ্ছন্ন রহিয়াছেন। কামনার সংস্পর্শে জীব যে ক্ষণিক সুখ উপভোগ করে, তাহা সেই ব্রহ্মানন্দেরই কণিকা মাত্র। আত্মার দর্শন—মনন—বিজ্ঞান হইলে সমস্ত মায়া-রহস্যই সুবিদিত হয়।

“আনন্দস্বরূপ ব্রহ্মেরই উপাসনা কর।

আত্মা হইতে ভিন্ন কোন বস্তুই নাই। ব্রাহ্মণ, ক্ষত্রিয়, লোক, দেব, ভূত যাহা কিছু, যে কিছু সমস্তই আত্মস্বরূপ ব্রহ্ম। সমস্তই আত্মা হইতে উৎপন্ন—আত্মাতেই লীন—স্থিতিকালে আত্মস্বরূপ—আত্মাতিরিক্ত কোন বস্তুর সত্তা নাই। * * * * * * একই ব্রহ্ম হইতে জগতের নানা রূপ প্রতিভাত। নানারূপে তাঁহারই প্রকারভেদ। ব্রহ্মকে জানিলেই তাঁহার প্রকারভেদও বিজ্ঞাত হয়। * * * * * * * * * সেই নিত্য-সিদ্ধ—অনন্ত—অপার—বিজ্ঞানঘন—শুদ্ধ—চিন্মাত্রস্বরূপ সমস্ত ভূতের সঙ্গে মিশিয়া আছেন—তাঁহার নাম-রূপাদি কোন বিশেষ ধর্ম্মের—পৃথক্ সম্বন্ধের অস্তিত্ব ত' বিদ্যমান নাই। * * * * * * * ব্রহ্ম যখন অদ্বৈত—একাকার—ভূমা—তখন তিনি ত' জ্ঞেয় হইতে পারেন না। যাঁহার দ্বারা সমস্ত জ্ঞাত হয়—তাঁহাকে আবার কিরূপে জানিবে? যিনি জ্ঞাতা—দ্রষ্টা, তাঁহাকে কিরূপে পৃথক্‌ভাবে জানিবে? বিজ্ঞাতাকে আবার কিসের দ্বারা উপলব্ধি করিবে?

দ্বিতীয় অধ্যায়ের তৃতীয় ব্রাহ্মণে বৃহদারণ্যক বলিতেছেন :—

"গুণাতীত, গুণময়, নির্গুণ পরমব্রহ্মের বাসনানুরঞ্জিত রূপ কি হরিদ্রা-রঞ্জিত রমণীরঞ্জন বস্ত্র—না পাণ্ডুবর্ণ মেষ-রোমজ-বস্ত্র—না ইন্দ্রগোপ—রেশম-কীটের রক্তবর্ণ—না অগ্নির দীপ্তশিখা—না শ্বেতপদ্মের সুষমা—না চক্ষুর নিমিষের মত বিদ্যুতের চকিত ক্ষণভাতি—যে তাঁহাকে বিশেষণে বিশেষিত—লক্ষণে চিহ্নিত—গুণে অন্বিত করিয়া তাঁহার স্বরূপ পরিচয় দেওয়া সম্ভব হইবে? তাঁহার পরিচয় এইমাত্র—'নেতি নেতি'—'তিনি ইহা নহেন'—'তিনি ইহা নহেন'—তাঁহার পর আর কিছুই নাই—ব্রহ্মাতিরিক্ত অপর কিছুই নাই। **তিনি 'সত্যস্য সত্যম্'—তাঁহার উপনিষদে ইহাই তাঁহার রহস্যময় নাম।** প্রাণসমূহ সত্য—তিনি প্রাণসমূহেরও সত্যতা-সম্পাদক।"

শ্বেতাশ্বতর উপনিষদ্ পঞ্চম অধ্যায়ের প্রথমেই বলিতেছেন,—

বিদ্যা = প্রজ্ঞান—অবিদ্যা = অজ্ঞান উভয়ই পরমব্রহ্মে লীন। অবিদ্যা-প্রভাবে জীব বারংবার জন্ম-মরণাদি যন্ত্রণা ভোগ করিয়া আবদ্ধ থাকে—আর বিদ্যাপ্রসাদে ব্রহ্মতত্ত্ব অবগত হইয়া অমৃতত্ব—চিরবাঞ্ছিত মুক্তিলাভ করে।

মুণ্ডকোপনিষদ্ প্রথম খণ্ডের ৪র্থ ও ৫ম শ্রুতিতে বলিতেছেন,—

দুইটি বিদ্যা পরিজ্ঞাত হওয়া কর্ত্তব্য—এক পরাবিদ্যা—দ্বিতীয় অপরা-বিদ্যা। অপরাবিদ্যা দ্বারা বেদাঙ্গশাস্ত্রে পাণ্ডিত্যমাত্র লাভ হয়—পরা-বিদ্যাপ্রসাদে অক্ষর-ব্রহ্মের দিব্যজ্ঞানের উপলব্ধি হয়।

মুণ্ডকোপনিষদ্ দ্বিতীয়খণ্ডের শেষ শ্রুতিতে বলিতেছেন,—

এই ব্রহ্মবিদ্যার অনুভূতিপ্রভাবেই সেই একমাত্র সত্যস্বরূপ অক্ষর পুরুষকে পরিজ্ঞাত হওয়া যায়।

জগতের সেই সর্ব্বশ্রেষ্ঠ প্রজ্ঞান—যে জ্ঞানের উপলব্ধিতে বিশ্বস্রষ্টা—বিশ্বনিয়ন্তা পরমব্রহ্মের সহিত মানব আত্মার অভেদজ্ঞান জন্মে—নশ্বর জগতে মানব অমরত্ব লাভ করে—সেই অবিদ্যাশাতন—মায়া-প্রহেলিকার মোহান্ধকার অপসারণকারী **ব্রহ্মবিদ্যা উপনিষদের অনন্ত জ্ঞানরত্নাকরেই সমাহিত**।

বেদসঙ্কলয়িতা—আর্য্য হিন্দুর চারি আশ্রমের সাধনার উপযোগী বিভিন্ন শাখায় বেদচতুষ্টয় বিভাগকারী—পঞ্চম-বেদ মহাভারত—মোক্ষপ্রদ শ্রীমদ্ভাগবত প্রণেতা—মহর্ষি বেদব্যাস মুমুক্ষু মানবসম্প্রদায়ের পরম ও চরম মঙ্গল-বিধান—অমৃতত্ব প্রদানের জন্য **ব্রহ্মসূত্র** প্রণয়ন করেন। 'ব্রহ্মণঃ সূত্রম্—ব্রহ্মসূত্রম্। শ্রীধরস্বামী বলিতেছেন, 'ব্রহ্মসূত্রপদৈশ্চৈব—ব্রহ্ম সূত্র্যতে—সূচ্যতে।' যে গ্রন্থে ব্রহ্ম স্বল্পাক্ষরে সূত্রিত—সূচিত—কথিত—প্রকাশিত হন, তাহাই **ব্রহ্মসূত্র**। যে গ্রন্থে তটস্থ ও স্বরূপ লক্ষণ দ্বারা ব্রহ্ম নিরূপণ সম্ভব হইয়াছে, সেই সূত্রসমুচ্চয় ব্রহ্মসূত্র। বেদান্ত-বাক্যসমূহের সূত্রস্বরূপ বলিয়া এই বিশ্ববরেণ্য গ্রন্থের নাম বেদান্তসূত্র। বেদব্যাস-বিরচিত বলিয়া ইহার অপর নাম ব্যাসসূত্র। 'বদরে=বদরিকাশ্রমে অয়নং=বাসো যস্য সঃ বাদরায়ণঃ'—বেদব্যাস বদরিকাশ্রমে বাস—তপস্যা করিয়া জগতের এই সর্ব্বশ্রেষ্ঠ জ্ঞানগ্রন্থ প্রণয়ন করিয়াছিলেন বলিয়া ইহার অন্য নাম বাদরায়ণ-সূত্র। জন্মমরণশীল জীবের ব্রহ্মবিচার এই গ্রন্থে সম্ভব হইয়াছে বলিয়া সার্থক নাম—**শারীরক মীমাংসা—শারীরক সূত্র**। বেদের কর্ম্মকাণ্ডের বিধানে যজ্ঞক্রিয়া অনুষ্ঠানের ভিতর ব্রহ্মপ্রাপ্তির বাসনা বিচারের সূত্রসমূহের নাম যেমন পূর্ব্ব-মীমাংসা—মহর্ষি জৈমিনি-বিরচিত মীমাংসা-দর্শন, তেমনি বেদের জ্ঞানকাণ্ডের ব্রহ্মবিচারাত্মক ব্রহ্মসূত্র-সমুচ্চয়ের নাম উত্তর-মীমাংসা।

উপনিষদের ব্রহ্মবিদ্যার শ্রুতিসমূহ বেদান্তশ্রুতি নামে অভিহিত। ব্রহ্মসূত্রে এই শ্রুতিসমূহের বিচার—মীমাংসা সিদ্ধান্ত প্রদর্শিত হইয়াছে—এ জন্যই ব্রহ্মসূত্র **বেদান্তদর্শন** নামে সুপরিচিত। উপনিষদ্‌রাজির দার্শনিক তত্ত্বরাশির আলোচনায় পূর্ণ শঙ্কর-ভাষ্য—রামানুজ-ভাষ্য—মধ্বাচার্য্য-ভাষ্য—শ্রীকণ্ঠ-ভাষ্য—বল্লভাচার্য্য-ভাষ্য—বিজ্ঞানভিক্ষু-ভাষ্য—বলদেব ভাষ্য—নিম্বার্ক-ভাষ্য প্রভৃতি ভাষ্যসমূহও বেদান্তদর্শন নামে অভিহিত। বসুমতী-সংস্করণ বেদান্তদর্শনের গ্রন্থপ্রবেশে এ প্রসঙ্গের কিঞ্চিৎ আলোচনা করিয়াছি—এখানে পুনরুল্লেখ নিষ্প্রয়োজন।

বেদবিভাগ—উপনিষদ্‌সঙ্কলনে ব্রহ্মবিদ্যার প্রচার—বেদান্তদর্শনে ব্রহ্মজ্ঞানের মীমাংসা করিয়াও মহর্ষি বেদব্যাস তৃপ্তিলাভ করিতে পারিলেন না। ত্রিতাপদগ্ধ মানব-সম্প্রদায়কে অমরবাঞ্ছিত মুক্তির অধিকার প্রদানের জন্য সর্ব্বজনবোধগম্য ব্রহ্ম-মহিমার প্রসার কামনায় তিনি জ্ঞানভক্তির অমৃত-নির্ঝর মহাভারত প্রণয়ন করিলেন। সর্ব্বকালে নিত্যবিদ্যমান মহাভারতের সূচনায় বেদব্যাস বলিতেছেন,—

"ভগবন্! আমি এক অদ্ভুত কাব্য রচনা করিয়াছি, তাহাতে বেদ, বেদাঙ্গ, উপনিষদ্, এই সকলের সার সঙ্কলন,—ইতিহাস পুরাণের অনুসরণ,—ভূত বর্ত্তমান ভবিষ্যৎ কালত্রয়ের সম্যক্ নিরূপণ করিয়াছি ;—জরা, মৃত্যু, ভয়, ব্যাধি, ভাব, অভাব ইহাদের নির্ণয় ;—বিবিধ ধর্ম্মকর্ম্ম ও আশ্রমের লক্ষণ নিদর্শন ;—চাতুর্ব্বর্ণ্য বিধান—তপস্যা ব্রহ্মচর্য্য—পৃথিবী, চন্দ্র, সূর্য্য, গ্রহ, নক্ষত্র, তারা প্রভৃতির বিবরণ করিয়াছি। ভূতভাবন শ্রীভগবান্ যে নিমিত্ত দিব্য ও মনুষ্যাকারে জন্ম স্বীকার করেন, তাহার তত্ত্বানুসন্ধান ; অতি পবিত্র পুণ্যক্ষেত্র ও তীর্থস্থানসমূহের মাহাত্ম্য কীর্ত্তন করিয়াছি।" * * * * * * "যিনি এই অনন্ত প্রকাণ্ড ব্রহ্মাণ্ডের আদিপুরুষ ও অদ্বিতীয় অধীশ্বর,—যিনি স্থাবর জঙ্গম সকলের স্রষ্টা ও পাতা,—শাস্ত্র যাঁহাকে

একমাত্র পরব্রহ্ম বলিয়া নির্দ্দেশ করেন,—যাঁহার প্রীতির নিমিত্ত কেহ প্রজ্বলিত হুতাশনে মন্ত্রোচ্চারণ করিয়া বারংবার আহুতি প্রদান করিতেছেন,—যাঁহার দর্শনলাভ প্রত্যাশায় কেহ বা শত শত বৎসর নির্জ্জনে একান্তমনে ধ্যান, মনন, অতি কঠোর ব্রতাদির অনুষ্ঠান করিতেছেন,—কেহ বা মায়াপ্রপঞ্চস্বরূপ সংসারে বিরক্তি ভাব প্রকাশ করিয়া যাঁহার উপাসনার জন্য আত্মীয়-স্বজন সকলকেই পরিহার করিয়া অরণ্যে অরণ্যে ভ্রমণ করিতেছেন ;—এইরূপ নানা উপায়ে যাঁহাকে লাভ করিবার জন্য পৃথিবীর বহু লোকই অতি দুষ্করকার্য্যে আত্মনিবেদন করিতেছে, সেই অনাদি—অনন্ত—অভিলষিত-ফলদাতা—বিশ্বপাতা—চরাচর গুরু পরমব্রহ্ম শ্রীহরির শ্রীপাদপদ্মে প্রণাম। * * *

হিন্দুর পঞ্চম-বেদ মহাভারতের এই সর্ব্বশাস্ত্রের সারাৎসার সঙ্কলন—উপনিষদের ব্রহ্মবিদ্যার দিব্যজ্যোতির্ম্ময় প্রভাসময় শ্রীমদ্ভগবদ্গীতা। উপনিষদ্—ব্রহ্মসূত্র তীব্রবৈরাগ্যসম্পন্ন মুমুক্ষু—উচ্চ অধিকারীকে ব্রহ্মজ্ঞান প্রদানের জন্য পরিকল্পিত, কিন্তু করুণাময় আর্য্য-ঋষি মানব-সমাজের কোন স্তরকে বিস্মৃত হন নাই। স্বয়ং শ্রীভগবানের শ্রীমুখ-নিঃসৃত এই মুক্তি-মন্ত্রে—পাপী তাপী—সংসারী যোগী—বিলাসী ত্যাগী—মুমুক্ষু ভোগী—সন্ন্যাসী গৃহী সকলে সমান অধিকারী।

মানব-মনের সকল সন্দেহ নিরাস করিয়া শ্রীভগবান্ গীতায় বলিতেছেন,—

আমিই জগতের পিতা—মাতা—ধাতা—পিতামহ। আমিই পরম পবিত্র ও চরম জ্ঞাতব্য ওঁঙ্কার, আমিই ঋক্ যজুঃ সাম। আমি তাপ, আমিই বৃষ্টি ; আমি গ্রহণ করি আমিই ত্যাগ করি ; আমি অমৃত আমিই মৃত্যু, আমিই সৎ ও অসৎ। * * * এই সংসারে আমারই সনাতন জীবরূপ অংশ, প্রকৃতিস্থিত মন ও পঞ্চেন্দ্রিয়কে আকর্ষণ করিয়া থাকে।

পরে বলিতেছেন,—ক্ষর ও অক্ষর এই দুইটি পুরুষ সংসারে প্রসিদ্ধ; তন্মধ্যে সমুদয় ভূতই ক্ষর; কূটস্থ পুরুষ অক্ষর। আর একটি উত্তম পুরুষ আছেন যাঁহাকে পরমাত্মা বলিয়া শাস্ত্র নির্দ্দেশ করেন। সেই অবিনাশী পরমেশ্বর এই লোকত্রয়ে প্রবেশ করিয়া সমস্ত প্রতিপালন করিতেছেন। আমি ক্ষরের অতীত—অক্ষরেরও উত্তম, এই জন্যই বেদে ও লোকে আমি পুরুষোত্তম নামে প্রসিদ্ধ।

উপনিষদ্-নিহিত সত্যরাজি এইভাবে সরল—সর্ব্বজন-সুবোধ্য করিয়া তিনি গীতায় সুপ্রচারিত করিয়াছেন।

পূর্ণব্রহ্ম অবতাররূপে তিনি পরম করুণায়, মায়ামুগ্ধ সংসারী জীবগণকে ব্রহ্মজ্ঞানের পুণ্যজ্যোতিঃসম্পাতে ব্রহ্মানন্দের উৎস-মূলের সন্ধান দিয়াছেন—অনাহত শান্তি ও অতুল্য তৃপ্তির অমৃত ফল বিতরণ করিয়াছেন।

এজন্য সর্ব্বজন-কল্যাণ-সমুজ্জ্বল—ব্রহ্মজ্ঞানের প্রদীপ্ত ভাস্কর **শ্রীমদ্ভগবদ্গীতাও বেদান্ত!** সেই জন্য শঙ্করাচার্য্য—রামানুজ—বলদেব—বল্লভাচার্য্য—বিজ্ঞানভিক্ষু প্রভৃতি যে সকল মনীষী আচার্য্য বেদান্তদর্শনের ভাষ্য প্রণয়ন করিয়া অদ্বৈত—বিশিষ্টাদ্বৈত—দ্বৈত প্রভৃতি মতবাদ প্রতিষ্ঠা করিয়া বিভিন্ন সম্প্রদায় প্রবর্ত্তন করিয়াছেন, তাঁহাদেরই শ্রীমদ্ভগবদ্গীতার বিভিন্ন ভাষ্য প্রণয়ন করিয়া অতুলনীয় মনীষা প্রতিভা পাণ্ডিত্য—বিচারশক্তির পরিচয় দিতে হইয়াছে।

উপনিষদ্—বেদান্তদর্শন—শ্রীমদ্ভগবদ্গীতা এই তিনের সমন্বয়ে বেদান্তশাস্ত্র—এই তিনই বেদান্তের **প্রস্থানত্রয়**। উপনিষদ্-সমূহ—**শ্রুতিপ্রস্থান**;—ব্রহ্মসূত্র—**ন্যায়প্রস্থান**—শ্রীমদ্ভগবদ্গীতা—**স্মৃতিপ্রস্থান**। এই তিন শ্রেণীর গ্রন্থ বেদান্তশাস্ত্রের পূর্ণতা সম্পাদন করিয়াছেন।

বেদান্তের প্রস্থানত্রয়—এই তিন শ্রেণীর গ্রন্থ ভাষ্য টীকাদিসহ পাঠ—অনুশীলন—নিগূঢ় মর্ম্ম উপলব্ধি না করিলে ব্রহ্মজ্ঞানের উন্মেষ—অনুভূতি লাভ সম্ভব হয় না। কিন্তু বেদান্তশাস্ত্র-সমাহিত ব্রহ্মবিদ্যার অনুশীলনে যত্নবান্ হইয়া—সভাষ্য উপনিষদ্—ব্রহ্মসূত্র পাঠ করিয়া—আচার্য্য ভাষ্যকারগণের বিভিন্ন সিদ্ধান্তবাদ সুমীমাংসা করিতে না পারিয়া অনেকেই যেন দিশেহারা হইয়া পড়েন—বেদান্তনিহিত দিব্যজ্ঞান অনুভূতির পরিবর্ত্তে কূট তর্কসমূহে বিপর্য্যস্ত হইয়া পড়েন। ব্রহ্মবিদ্যালাভ-প্রয়াসিগণের সকল সন্দেহ নিরাস করিয়া—সকল বিতর্কের সুমীমাংসা করিয়া—পরমজ্ঞানী পরমহংস পরিব্রাজকাচার্য্য শ্রীমৎ সদানন্দ যোগীন্দ্র সরস্বতী এই **বেদান্তসার** সংক্ষিপ্ত গ্রন্থখানি প্রণয়ন করিয়া তাঁহাদের নিঃশ্রেয়সের অধিকার প্রদানের প্রচেষ্টা করিয়াছেন।

শিবাবতার শঙ্করাচার্য্য অনুমান ৬৮০ খৃষ্টাব্দে আবির্ভূত হইয়া অদ্বৈতবাদ প্রবর্ত্তন করিয়াছিলেন। তাহার প্রায় ৭৫০ বৎসর পরে—অনুমান পঞ্চদশ শতাব্দীতে পরমহংস শ্রীমদ্ অদ্বয়ানন্দের শিষ্য—শ্রীমৎ সদানন্দ যোগীন্দ্র বেদান্তশাস্ত্রের সারাৎসার বেদান্তসার সঙ্কলন করেন।

এমন সর্ব্বজনসুবোধ্য—সরল—সংক্ষেপে ব্রহ্মবিদ্যা-বিবৃতিতে সুসম্পূর্ণ প্রামাণ্য বেদান্তগ্রন্থ আর নাই বলিলেও অত্যুক্তি হয় না।

শ্রীমৎ সদানন্দ যোগীন্দ্র সরস্বতীর প্রশিষ্য পরিব্রাজক শ্রীমৎ নৃসিংহ সরস্বতী এই সর্ব্বাঙ্গসুন্দর বেদান্তগ্রন্থের সুবোধিনী টীকা প্রণয়ন করিয়া গ্রন্থপ্রবেশের পথ আরও সুগম করিয়াছেন। এই টীকা সুধীজনসমাজে বিশেষভাবে সমাদৃত—সহজবোধ্য—গ্রন্থের জ্ঞানরাশি সুবিস্তারিত বলিয়া বসুমতী-সংস্করণ বেদান্তসারে সুবোধিনী টীকাই সন্নিবেশিত। এই গ্রন্থের প্রজ্ঞানরাশি বিশ্লেষণ করিয়া, সুবিখ্যাত মীমাংসক পণ্ডিত আপোদেব

বালবোধিনী নামে ও পরিব্রাজকাচার্য্য শ্রীমদ্ রামতীর্থযতি বিদ্বন্মনোরঞ্জনী নামে আরও দুইটি টীকা প্রণয়ন করেন।

বিতর্কের অবকাশ না দিয়া সরল—সুন্দরভাবে বেদান্তশাস্ত্রের সার সত্যরাজি উপলব্ধি করাইবার উদ্দেশ্যে শ্রীমৎ সদানন্দ যোগীন্দ্র বেদান্তসার প্রণয়ন করিয়াছিলেন—এ জন্যই বসুমতী-সংস্করণে টীকা-বাহুল্য পরিহার করা হইয়াছে।

দক্ষিণেশ্বরের সেই মূর্তিমান্ বেদান্ত ভগবান্ শ্রীশ্রীরামকৃষ্ণদেবের আশীর্ব্বাদে ও অনুপ্রেরণায়—তাঁহার সুযোগ্য শিষ্য, বিশ্বপূজ্য ব্রহ্মবিৎ সন্ন্যাসী শ্রীমদ্ বিবেকানন্দ স্বামীর উৎসাহে ও পরামর্শে স্বর্গীয় পিতৃদেব যে সকল বেদান্তগ্রন্থ প্রথম প্রকাশ করেন, তাহার মধ্যে বেদান্তসার প্রথম—পঞ্চদশী দ্বিতীয়—বিবেকচূড়ামণি তৃতীয়। বসুমতী-সাহিত্য-মন্দির প্রতিষ্ঠার প্রাথমিক যুগে সুলভ সৎসাহিত্য ও শাস্ত্রগ্রন্থ-প্রচারে আত্মনিবেদিত প্রাণ—বসুমতীর প্রবর্ত্তক, নীরব কর্ম্মবীর উপেন্দ্রনাথ মুখোপাধ্যায় বেদান্তসারের প্রথম অনুবাদ সুবোধিনী টীকাসহ প্রচার করিয়াছিলেন। তাহার পর একে একে বেদান্তসারের পাঁচটি সংস্করণ নিঃশেষিত হইয়া, ষষ্ঠ সংস্করণ প্রকাশিত হইল। বর্ত্তমান সংস্করণে অনুবাদের ভাষা আরও সরল করিবার জন্য—গ্রন্থখানি নির্ভুল—সুন্দরভাবে মুদ্রণের জন্য যথাসাধ্য প্রয়াস পাইয়াছি। সে সাধনা কতদূর সফল হইয়াছে, সুধীজন-সমাজ তাহার বিচার করিবেন।

বর্ত্তমান যুগের জীবনসংগ্রাম—জীবন-বিড়ম্বনা—হাহাকারের দিনে বেদান্তশাস্ত্রের প্রস্থানত্রয় অনুশীলন করিবার মত অবসর অনেকেরই কর্ম্ম-ব্যস্ত জীবনে নাই—পাশ্চাত্য শিক্ষা-বিস্তারে—আত্মসুখ-সর্ব্বস্ব পাশ্চাত্য সভ্যতার মোহনীয় প্রভাবে ব্রহ্মজ্ঞানলাভের প্রবল তৃষা—মোক্ষলাভের আকুল আকাঙ্ক্ষাই বা কোথায়?—তবু যদি শিক্ষিত-সমাজ বিরলপ্রাপ্ত অবসরের

ভিতরও নশ্বর জগতে সেই একমাত্র সত্য পরমব্রহ্মের স্বরূপ উপলব্ধির জন্য ব্রহ্মানন্দের অনুভূতির আশায় বেদান্তসারের মত অদ্বৈতবাদের পূর্ণ সমর্থক পরমসুন্দর প্রকরণ গ্রন্থপাঠের অবসর পান—আয়াস—প্রচেষ্টা—সার্থক হইবে।

দীর্ঘ ভূমিকায় সুধীজন-সমাজের বিরক্তি উৎপাদনের বিনিময়ে ক্ষমাপ্রার্থী।

বসুমতী-সাহিত্য-মন্দির।
দুর্গাষষ্ঠী—১৩৩৯ সাল।

বিনয়াবনত
শ্রীসতীশচন্দ্র মুখো

সূচিপত্র

ওঁ নমঃ পরমাত্মনে।

সটীক-

বেদান্তসারঃ।

অখণ্ডং সচ্চিদানন্দমবাঙ্মনসগোচরম্।
আত্মানমখিলাধারমাশ্রয়েঽভীষ্টসিদ্ধয়ে ॥ ১ ॥

টীকা।—কৃষ্ণানন্দং গুরুং নত্বা পরমানন্দনদ্বয়ম্।
বক্ষ্যে বেদান্তসারস্য টীকাং নাম্না সুবোধিনীম্ ॥ ১ ॥

ইহ খলু কশ্চিন্মহাপুরুষো নিত্যাধ্যয়নবিধ্যধীতসকলবেদরাশীনাং চিন্মাত্রা-শ্রয়তদ্রূপাদ্বয়ানন্দবিষয়ানাত্মনির্ব্বচনীয়ভাব—রূপাজ্ঞান—বিলসিতানন্তভবানুষ্ঠিত—কাম্যনিষিদ্ধবর্জ্জিত-নিত্যনৈমিত্তিকপ্রায়শ্চিত্তোপাসনাকর্ম্মভিঃ সম্যক্ প্রসন্নে-শ্বরাণামিষ্টকাচূর্ণাদিসজ্ঘর্ষিতাদর্শতলবদতিনির্ম্মলাশয়ানাং নলিনীদলগতজল-বিন্দুবদ্ধিরণ্যগর্ভাদিস্তম্বপর্য্যন্তং জীবজাতং স্বাত্মবন্মৃত্যোরাস্যান্তরগতং ক্ষণ-ভঙ্গুরং তাপত্রয়াগ্নিসন্দহ্যমানমনিশমাত্মন্যনুপশ্যতামতিবিবেকিনামত এব ঐহিকস্রক্‌চন্দনাদিবিষয়ভোগেভ্য আমুষ্মিকহৈরণ্যগর্ভাদ্যমৃতভোগেভ্যশ্চ বান্তাশন ইবাতিনির্ব্বিণ্নমানসানাং শমাদিসাধনসম্পন্নানামাপাততোঽবগতাখিল-বেদার্থত্বাদ্দেহাদ্যহঙ্কার-পর্য্যন্ত-জড়পদার্থ-তদ্‌-বিলক্ষণস্বপ্রকাশস্বরূপপ্রত্যগাত্মনি

ব্রহ্মানন্দত্বে সংশয়াপন্নানাং তজ্জিজ্ঞাসূনামল্পশ্রবণেন মূলাজ্ঞাননিবৃত্তিপরমানন্দাবাপ্তিসিদ্ধয়ে প্রকরণমারভমাণঃ সমাপ্তিপ্রচয়গমনাদিফলক-শিষ্টাচার-পরিপ্রাপ্তেষ্টদেবতা-নমস্কার-লক্ষণ-মঙ্গলাচরণস্য অবশ্যকর্ত্তব্যতাং দর্শয়ন্ লক্ষণয়া অনুবন্ধচতুষ্টয়ং নিরূপয়ন্ পরমাত্মানং নমস্কুরুতে—অখণ্ডমিত্যাদিনা। অভীষ্টস্য নিঃশ্রেয়সস্য সিদ্ধয়ে প্রাপ্ত্যর্থম্ আত্মানম্ আশ্রয়ে একত্বেন প্রতিপদ্যে ইত্যর্থঃ।

নন্ববিষয়স্যাত্মনঃ কথং প্রতিপত্তিঃ? ইত্যাশঙ্ক্যাহ—অখিলাধারমিতি। অখিলস্য চরাচরাত্মকপ্রপঞ্চস্য বিবর্ত্তাধিষ্ঠানত্বেন কারণত্বাক্রান্তং ব্রহ্মৈব প্রতিপদ্যে, ন তু শুদ্ধমিত্যর্থঃ।

নন্বেবং সতি প্রতিপত্তিবিষয়ত্বেন দৃশ্যত্বাপত্তিঃ? ইত্যাশঙ্ক্যাহ—অবাঙ্মনসগোচরমিতি। "যতো বাচো নিবর্ত্তন্তেঽপ্রাপ্য মনসা সহ" ইত্যাদিশ্রুতিভিরবিষয়ত্বপ্রতিপাদনাৎ প্রতিপত্তিবিষয়ত্বং কারণত্বোপলক্ষিতব্রহ্মবিষয়কত্বেনৌপচারিকমিতি ভাবঃ।

নন্বেবমপি ব্রহ্মণঃ কারণত্বে মৃৎপিণ্ডবদনিত্যত্বম্? ইত্যাশঙ্কামপহরন্নাহ—সদিতি। নাশাভাবোপলক্ষিতস্বরূপম্, "সদেব সৌম্যেদমগ্র আসীৎ" ইত্যাদিশ্রুতেঃ।

নন্থ তথাঽপি জড়ত্বাপত্তিঃ? ইত্যাশঙ্ক্যাহ—চিদিতি। স্বপ্রকাশচৈতন্যস্বরূপমিতি যাবৎ।

নন্থ তথাঽপ্যপুরুষার্থত্বাৎ কিমিত্যাশ্রয়ণীয়ম্? ইত্যত আহ—আনন্দমিতি। পরমানন্দস্বরূপমিত্যর্থঃ।

নন্থ তথাঽপি "ভক্ষিতেঽপি লশুনে ন শান্তো ব্যাধিঃ" ইতি ন্যায়েন প্রপঞ্চস্যাধিষ্ঠানতয়া ব্যতিরিক্তপ্রতীয়মানত্বাৎ কথমদ্বৈতসিদ্ধিঃ? ইত্যাশঙ্কাং তৃণীকুর্ব্বন্নাহ—অখণ্ডমিতি। সজাতীয়বিজাতীয়স্বগতভেদশূন্যমিত্যর্থঃ।

অত্র সচ্চিদানন্দমিতি প্রয়োজনম্। অখণ্ডমিতি বিষয়ঃ। শাস্ত্রবিষয়য়োঃ

প্রতিপাদ্যপ্রতিপাদকভাবঃ সম্বন্ধঃ। তৎকামোঽধিকারী। ইত্যনুবন্ধচতুষ্টয়-মর্থাদুক্তং ভবতি ॥ ১ ॥

অনুবাদ।—গ্রন্থকর্ত্তা নির্ব্বিঘ্নে গ্রন্থসমাপ্তিকামনায় প্রথমে নিজ ইষ্টদেবতা ও গুরুদেবকে প্রণাম করিতেছেন।

যিনি সনাতন, জ্ঞান ও আনন্দময়, বাক্য যাঁহার মহিমা-কীর্ত্তনে অক্ষম, যিনি চিন্তারও অতীত, যিনি নিখিল ব্রহ্মাণ্ডের একমাত্র আশ্রয়, আমি অভীষ্টসিদ্ধিকামনায় সেই অদ্বিতীয় পরমপুরুষের শরণাগত হইতেছি ॥ ১ ॥

অর্থতোঽপ্যদ্বয়ানন্দান্ অতীতদ্বৈতভানতঃ।
গুরূনারাধ্য বেদান্ত-সারং বক্ষ্যে যথামতি ॥ ২ ॥

টীকা।—কিঞ্চ "যস্য দেবে পরা ভক্তির্যথা দেবে তথা গুরৌ। তস্যৈতে কথিতা হ্যর্থাঃ প্রকাশন্তে মহাত্মনঃ ॥" ইত্যাদিশ্রুত্যা গুরুনমস্কারস্যাপি শাস্ত্রাঙ্গত্বপ্রতিপাদনাত্তন্নমস্কারোঽপি পৃথক্ত্বেন কার্য্য ইতি তন্নতিপূর্ব্বকমভি-ধেয়গ্রন্থং প্রতিজানীতে—অর্থত ইতি। অপিনা ডিত্থাদিবৎ সংজ্ঞামাত্রং ব্যবচ্ছিদ্যতে, ন কেবলং শব্দতঃ, অর্থতঃ শব্দতশ্চেতি। অদ্বয়ানন্দরূ[illegible]গুরূন্ আরাধ্য বেদান্তসারং যথামতি বক্ষ্যে ইত্যন্বয়ঃ। অদ্বয়াশ্চ তে আনন্দাশ্চেতি অদ্বয়ানন্দাস্তান্।

তত্র হেতুমাহ—অতীতদ্বৈতভানত ইতি। অতীতং গতং দ্বৈতভানং যতস্তস্মাদতীতদ্বৈতভানতঃ নিরস্তসমস্তভেদজ্ঞানত্বাদিত্যর্থঃ। তান্ গুরূন্ আরাধ্য কায়বাঙ্মনোভির্নমস্কারগোচরীকৃত্য বেদান্তসারং বেদান্তানামৌপ-নিষদ্বাক্যজাতানাং মধ্যে যঃ সারঃ সিদ্ধান্তরহস্যং, যস্মিন্ জ্ঞাতে

পুনর্জ্ঞাতব্যং নাবশিষ্যতে তং বেদান্তসারং যথামতি বুদ্ধিমনতিক্রম্য বক্ষ্যে প্রতিপাদয়িষ্যে ইত্যর্থঃ ॥ ২ ॥

অনুবাদ।—জীবাত্মা ও পরমাত্মায় কোন ভেদ নাই, এই অদ্বৈতজ্ঞানের দৃঢ়তাবশতঃ যিনি "অদ্বয়ানন্দ" এই নামকে সার্থক করিয়াছেন, সেই গুরুদেব অদ্বৈতানন্দের আরাধনা করিয়া আমি নিজের জ্ঞানানুসারে বেদান্তশাস্ত্রের সার মর্ম্ম ব্যাখ্যা করিব ॥ ২ ॥

বেদান্তো নাম উপনিষৎপ্রমাণম্,
তদুপকারীণি শারীরকসূত্রাদীনি চ ॥ ৩ ॥

টীকা।—ইদানীং সর্ব্বস্যাপি বস্তুবিচারোদ্দেশপূর্ব্বকত্বাৎ প্রতিজ্ঞাতং বেদান্তং নামতো নির্দ্দিশতি—বেদান্ত ইতি। উপনিষদ এব প্রমাণং উপনিষৎ-প্রমাণম্, উপনিষদো যত্র প্রমাণমিতি বা। তদুপকারীণি বেদান্তসংগ্রাহকাণি শারীরকসূত্রাদীনি চ; শরীরমেব শারীরং তত্র ভবো জীবঃ শারীরকঃ স সূত্র্যতে যাথাতথ্যেন নিরূপ্যতে যৈঃ তানি শারীরকসূত্রাণি, "অথাতো ব্রহ্মজিজ্ঞাসা" ইত্যাদীনি। আদিশব্দো ভাষ্যাদিসংগ্রহার্থঃ। চশব্দো বেদান্ত-শব্দানুষঙ্গার্থঃ। যদ্‌বা শারীরক-সূত্রাণি তদ্‌যথার্থবাদিবেদান্তার্থসংগ্রহ-বাক্যানি, "অথাতো ব্রহ্মজিজ্ঞাসা" ইত্যাদিসূত্রাদীনি। আদিশব্দেন ভগ-বদ্‌গীতাদ্যধ্যাত্মশাস্ত্রাণি গৃহ্যন্তে, তেষামপি উপনিষচ্ছব্দবাচ্যত্বাদিতি ভাবঃ ॥৩ ॥

অনুবাদ।—প্রথমতঃ বেদান্ত কি, তাহা জানা আবশ্যক, উপনিষৎরূপ প্রামাণিকশাস্ত্রই বেদান্ত, অর্থাৎ প্রত্যেক বেদের শেষভাগে যে পরমব্রহ্ম ও পরমাত্মার একত্ববোধক উক্তিসমূহ আছে, তাহাই উপনিষৎ, তাহাই বেদান্ত। উপনিষৎসমূহের নিগূঢ়মর্ম্ম সহজে বোধগম্য হওয়ার অনুকূল, মহর্ষি ব্যাসপ্রণীত

শারীরকসূত্র প্রভৃতি শাস্ত্রসমূহও বেদান্ত। এ স্থানে প্রসঙ্গক্রমে উপনিষৎ শব্দের অর্থ বলা যাইতেছে,—যে শাস্ত্র দ্বারা আত্মাই ব্রহ্ম এবং জন্ম-মৃত্যু-সুখ-দুঃখাদি-জন্য হর্ষ-বিষাদাদি যে আত্মজ্ঞানেরই অভাব বশতঃ, এই জ্ঞান দৃঢ় হয়, সেই ব্রহ্মবিদ্যার নামই উপনিষৎ ॥ ৩ ॥

অস্য বেদান্তপ্রকরণত্বাৎ তদীয়ৈরেবানুবন্ধৈস্তদ্বত্তা-সিদ্ধের্ন তে পৃথগালোচনীয়াঃ ॥ ৪ ॥

টীকা।—নন্ন যদ্যপি অবান্তরানুবন্ধচতুষ্টয়মাপদ্যেত অর্থান্নির্দ্দিষ্টং তথাঽপি পরমানুবন্ধচতুষ্টয়স্যানিরূপিতত্বাদত্র প্রেক্ষাবতাং প্রবৃত্তির্ন স্যাদিত্যত আহ—অস্যেতি। বেদান্তসারস্যেত্যর্থঃ ॥ ৪ ॥

অনুবাদ।—এই বেদান্তসার নামক গ্রন্থ মূল বেদান্তশাস্ত্রেরই সারার্থ বুঝাইবার নিমিত্ত রচিত হইয়াছে, অতএব মূল বেদান্তে যে কয়েকটি অনুবন্ধ বলা হইয়াছে, তাহা জানিতে পারিলেই ইহারও অনুবন্ধ-বিষয়ে জ্ঞান হইবে বলিয়া এই গ্রন্থের জন্য অনু-বন্ধের পৃথক্ আলোচনা অনাবশ্যক ॥ ৪ ॥

তত্র অনুবন্ধো নাম অধিকারি-বিষয়-সম্বন্ধ-প্রয়োজনানি ॥৫॥

টীকা।—নন্ন বেদান্তশাস্ত্রস্যাপি কিমনুবন্ধচতুষ্টয়ং যেনাস্যাপি তদ্-বত্তাসিদ্ধিঃ ? ইত্যাশঙ্ক্য মূলশাস্ত্রস্যানুবন্ধচতুষ্টয়মাবিষ্করোতি—তত্রেতি ॥ ৫ ॥

অনুবাদ।—মূল বেদান্তে কি কি অনুবন্ধ বলা হইয়াছে, এক্ষণে তাহাই বলিতেছেন—বেদান্তে অধিকারী, বিষয়, সম্বন্ধ ও

প্রয়োজন এই চারিটিকে অনুবন্ধ বলা হইয়াছে। অনুবন্ধ অর্থাৎ শাস্ত্ররচনার প্রথমেই যে চারিটি বিষয় অবশ্য বক্তব্য, তাহার উল্লেখ, কারণ, ইহা জানিতে না পারিলে কোন বুদ্ধিমান্ ব্যক্তিই সেই শাস্ত্রাধ্যয়নে প্রবৃত্ত হইতে ইচ্ছা করেন না ॥ ৫ ॥

অধিকারী তু—বিধিবদধীতবেদবেদাঙ্গত্বেন আপাততো-ঽধিগতাখিলবেদার্থঃ অস্মিন্ জন্মনি জন্মান্তরে বা কাম্য-নিষিদ্ধবর্জ্জনপুরঃসরং নিত্য-নৈমিত্তিকপ্রায়শ্চিত্তোপাসনানু-ষ্ঠানেন নির্গত-নিখিল-কল্মষতয়া নিতান্ত-নির্ম্মলস্বান্তঃ-সাধনচতুষ্টয়সম্পন্নঃ প্রমাতা ॥৬॥

টীকা।—যথোদ্দেশমধিকারিণং লক্ষয়তি—অধিকারীত্যাদিনা। "স্বাধ্যায়োঽধ্যেতব্যঃ" ইতি বচনাৎ ত্রৈবর্ণিকানামুপনীতানামধ্যয়নং নিয়মেন বিধীয়তে, অধ্যয়নবিধিপ্রযুক্তমেবাধ্যয়নং নাধ্যাপনবিধিপ্রযুক্তম্। তথাচ—অধীতো বেদো বেদাঙ্গানি চ শিক্ষা-কল্প-ব্যাকরণচ্ছন্দোজ্যোতির্নিরুক্তাখ্যানি যেন তস্য ভাবঃ তেন, আপাততোঽধিগতাখিলবেদার্থঃ—অত্র সর্ব্ববেদার্থরহস্যে জ্ঞাতে সতি উত্তর-গ্রন্থবৈয়র্থ্যপরিহারায় আপাতত ইত্যুক্তম্।

নন্বনধীতবেদানামপি বিদুরাদীনাং তত্ত্বজ্ঞানোৎপত্তিদর্শনাৎ অধ্যয়ন-তৎ-প্রযুক্তকর্ম্মানুষ্ঠানবৈয়র্থ্যম্? ইত্যাশঙ্ক্যোত্তরমাহ—জন্মান্তর ইতি। তেষা-মাধুনিকাধ্যয়নাদ্যভাবেঽপি জন্মান্তরীয়াধ্যয়নাদিনা চিত্তপরিপাকতা অস্মিন্ জন্মনি বিনাঽপ্যধ্যয়নাদিনা জ্ঞানোৎপত্তৌ বাধকাভাবাৎ নাধ্যয়নাদি-বৈয়র্থ্যমিতি ভাবঃ।

কাম্যেতি। কাম্যস্যাপি কর্ম্মণো ধর্ম্মসাধনত্বেঽপি যাতায়াত-সম্পাদক-ত্বেন বন্ধকত্বাৎ নিষিদ্ধবৎ তদ্বর্জ্জনপুরঃসরমিত্যুক্তম্। তথা চ

নিত্যাদিকর্ম্মানুষ্ঠানেন নির্গতনিখিলকল্মষতয়া নিঃশেষনিরস্তসকলকল্মষত্বেন। অত্র নিখিলপদং কাম্য-নিষিদ্ধজনিতসুকৃতদুষ্কৃতপরং, তেন নিতান্তনির্ম্মলস্বান্তঃ নিতান্তমত্যন্তং নির্ম্মলং স্বচ্ছং স্বান্তমন্তঃকরণং যস্য স তথোক্তঃ। বক্ষ্যমাণ-সাধনচতুষ্টয়সম্পন্নঃ প্রমাতা অন্তঃকরণপ্রতিবিম্বিতচৈতন্যমিত্যর্থঃ ॥ ৬ ॥

অনুবাদ।—পূর্ব্বে অধিকারী প্রভৃতি যে চারিটি অনুবন্ধ বলা হইয়াছে, তাহার মধ্যে অধিকারীর লক্ষণ প্রথমে বলিতেছেন—যিনি ঋক্, যজুঃ, সাম ও অথর্ব্ব এই বেদচতুষ্টয়, শিক্ষা, কল্প, ব্যাকরণ, নিরুক্ত, জ্যোতিষ ও ছন্দ এই ছয়টি বেদাঙ্গ যথাবিধি অধ্যয়ন করিয়া সমস্ত বেদের সারমর্ম্ম মোটামুটিভাবে আয়ত্ত করিয়াছেন এবং যিনি এই জন্মেই অথবা জন্মান্তরে কাম্যকর্ম্ম ও শাস্ত্রনিষিদ্ধ কর্ম্মসমূহ বর্জ্জন পূর্ব্বক কেবল নিত্য ও নৈমিত্তিক কর্ম্ম, প্রায়শ্চিত্ত ও উপাসনা দ্বারা সর্ব্ববিধ পাপ হইতে নির্ম্মুক্ত ও নির্ম্মলান্তঃকরণ হইয়াছেন এবং যিনি শমদমাদি-সম্পন্ন চতুর্ব্বিধ সাধনা দ্বারা পরমতত্ত্বকে হৃদয়ঙ্গম করিয়াছেন, তিনিই অধিকারী। এক কথায় যিনি এই গ্রন্থের মর্ম্ম বুঝিতে ও তদনুযায়ী অনুষ্ঠান করিতে সমর্থ এবং সৎক্রিয়াশীল, তিনিই অধিকারী। অনধিকারীর নিকট ইহার উপদেশ অরণ্যে রোদনের ন্যায় নিষ্ফল ॥ ৬ ॥

কাম্যানি—স্বর্গাদীষ্টসাধনানি জ্যোতিষ্টোমাদীনি ॥ ৭ ॥

টীকা।—এতদেব স্পষ্টং ব্যাকরোতি—কাম্যানীত্যাদিনা ॥ ৭ ॥

অনুবাদ।—অধিকারীর লক্ষণের মধ্যে যে কাম্যশব্দের উল্লেখ করিয়াছেন, সেই কাম্যশব্দে কি বুঝায়, তাহাই বলিতেছেন—

স্বর্গলাভ বা তদনুরূপ অন্যান্য সুখকামনায় যে জ্যোতিষ্টোম, রাজসূয় ইত্যাদি যজ্ঞ করা যায়, তাহাই কাম্যকর্ম্ম ॥ ৭ ॥

নিষিদ্ধানি—নরকাদ্যনিষ্টসাধনানি ব্রহ্ম-হননাদীনি ॥৮॥

টীকা ;—নিষিদ্ধানীতি। সুগমম্ ॥ ৮ ॥

অনুবাদ ;—নিষিদ্ধ কর্ম্ম কি, তাহা বলিতেছেন—ব্রহ্ম-হত্যা, মদ্যপান, চৌর্য্য ইত্যাদি যে সমস্ত দুষ্কর্ম্ম নরকভোগের সহায় হয় বলিয়া শাস্ত্রে নির্দ্দিষ্ট হইয়াছে, তাহাই নিষিদ্ধ কর্ম্ম ॥ ৮ ॥

নিত্যানি—অকরণে প্রত্যবায়সাধনানি সন্ধ্যাবন্দনা-দীনি ॥৯॥

টীকা ;—নিত্যানীতি। সুগমম্ ॥ ৯ ॥

অনুবাদ ;—নিত্যকর্ম্ম কি? তাহা বলিতেছেন—

সন্ধ্যোপাসনাদি যে সমস্ত দৈনিক কার্য্য অনুষ্ঠান না করিলে পাপভাগী হইতে হয়, তাহাই নিত্যকর্ম্ম ॥ ৯ ॥

নৈমিত্তিকানি—পুত্রজন্মাদ্যনুবন্ধীনি জাতেষ্ট্যা-দীনি ॥১০॥

টীকা ;—নৈমিত্তিকানীতি। সুগমম্ ॥ ১০ ॥

অনুবাদ ;—নৈমিত্তিক কর্ম্ম কি? তাহা বলিতেছেন—

পুত্র জন্মগ্রহণ করার পর জাতকর্ম্ম, নামকরণ, অন্ন-প্রাশনাদি যে সমস্ত কর্ম্ম বিহিত আছে, সেই সমস্ত ও তদনুরূপ অন্য কোন উপলক্ষে যে সমস্ত যাগাদি অনুষ্ঠিত হয়, তাহাই নৈমিত্তিক কর্ম্ম ॥১০॥

প্রায়শ্চিত্তানি—পাপক্ষয়মাত্রসাধনানি চান্দ্রায়ণাদীনি ॥১১॥

টীকা ;—প্রায়শ্চিত্তানীতি। সুগমম্॥ ১১ ॥

অনুবাদ ;—প্রায়শ্চিত্ত কি ? তাহা বলিতেছেন—

অতিশয় কষ্টসাধ্য যে সমস্ত ব্রতাচরণের দ্বারা সঞ্চিত পাপ ক্ষয় হয়, তাহাই প্রায়শ্চিত্ত, যেমন চান্দ্রায়ণ প্রভৃতি ॥ ১১ ॥

উপাসনানি—সগুণব্রহ্মবিষয়ক-মানসব্যাপাররূপাণি শাণ্ডিল্যবিদ্যাদীনি ॥ ১২ ॥

টীকা—উপাসনানীতি। সুগমম্॥ ১২ ॥

অনুবাদ।—উপাসনা কি ? তাহা বলিতেছেন—

শাণ্ডিল্য প্রভৃতি ঋষিগণ কর্ত্তৃক উপদিষ্ট যে সমস্ত বিদ্যার অনুশীলন দ্বারা সগুণ ব্রহ্মের প্রতি চিত্তের একাগ্রতা সাধিত হয়, তাহাই উপাসনা ॥ ১২ ॥

এতেষাং নিত্যাদীনাং বুদ্ধিশুদ্ধিঃ পরং প্রয়োজনম্, উপাসনানান্তু চিত্তৈকাগ্র্যম্। “তমেতমাত্মানং বেদানুবচনেন ব্রাহ্মণা বিবিদিষন্তি যজ্ঞেন ” (বৃঃ উঃ ৪।৪।২২) ইত্যাদিশ্রুতেঃ, “তপসা কল্মষং হন্তি” (মনু ১২।১০৪) ইত্যাদি স্মৃতেশ্চ ॥ ১৩ ॥

টীকা ;—এতেষামিতি। সুগমম্॥ ১৩ ॥

অনুবাদ।—পূর্ব্বোক্ত নিত্য, নৈমিত্তিক, প্রায়শ্চিত্ত ও উপাসনা দ্বারা কি উদ্দেশ্যসিদ্ধি হয়, তাহা বলিতেছেন—

এই চারিটি কর্ম্মের মধ্যে নিত্য, নৈমিত্তিক ও প্রায়শ্চিত্তের অনুষ্ঠান দ্বারা চিত্তশুদ্ধি লাভ হয়, এবং উপাসনা দ্বারা চিত্তের একাগ্রতা সাধিত হয়। "ব্রাহ্মণগণ বেদাধ্যয়ন ও যজ্ঞানুষ্ঠান দ্বারা সেই এই আত্মাকে জানিতে ইচ্ছা করেন" এই বেদোক্তি ও "তপস্যা দ্বারা পাপ বিনষ্ট হয়" এই স্মৃতির উক্তিই উহার প্রমাণ ॥ ১৩॥

নিত্যনৈমিত্তিকয়োরুপাসনানাঞ্চ অবান্তরফলং পিতৃলোক-সত্যলোকপ্রাপ্তিঃ। "কর্ম্মণা পিতৃলোকো বিদ্যয়া দেব-লোকঃ" (বৃঃ উঃ ১।৫।১৬) ইত্যাদিশ্রুতেঃ ॥ ১৪ ॥

টীকা।—নিত্যনৈমিত্তিকয়োরিতি। সুগমম্ ॥ ১৪ ॥

অনুবাদ।—নিত্যনৈমিত্তিকাদি কর্ম্মের চিত্তশুদ্ধি প্রভৃতি মুখ্য ফল বলিয়া এক্ষণে উহার অবান্তর বা আনুষঙ্গিক ফল কি, তাহা বলিতেছেন—

নিত্যকর্ম্ম, নৈমিত্তিক কর্ম্ম ও উপাসনার আনুষঙ্গিক ফল পিতৃ-লোক ও সত্যলোক-প্রাপ্তি, অর্থাৎ নিত্য ও নৈমিত্তিক কর্ম্ম দ্বারা যেমন চিত্তশুদ্ধি হয়, তেমনই পিতৃলোকে গমন করিতেও সমর্থ হয়। উপাসনা দ্বারা যেরূপ চিত্তের একাগ্রতা সাধিত হয়, পক্ষা-ন্তরে উহা দ্বারা সত্য অর্থাৎ দেবলোকে গমন করিতে সমর্থ হয়। যেহেতু "কর্ম্ম দ্বারা পিতৃলোক ও বিদ্যা অর্থাৎ উপাসনা দ্বারা দেব-লোকপ্রাপ্তি হয়" বেদে এইরূপ উক্ত হইয়াছে ॥ ১৪ ॥

সাধনানি—নিত্যানিত্যবস্তুবিবেকেহামুত্রফলভোগবিরাগ-শমদমাদিসম্পত্তি-মুমুক্ষুত্বানি ॥ ১৫ ॥

টীকা।—সুগমম্ ॥ ১৫ ॥

অনুবাদ।—সাধনচতুষ্টয়সম্পন্ন ব্যক্তি বেদান্তপাঠে অধিকারী, ইহা পূর্ব্বে বলা হইয়াছে, এক্ষণে সেই সাধনচতুষ্টয় কি, তাহাই বলিতেছেন—

কোন্ বস্তু অক্ষয়, কোন্ বস্তু ক্ষয়শীল, এই সম্বন্ধে বিচার ; ইহলোকে ও পরলোকে কর্ম্মফলপ্রাপ্তি বিষয়ে আকাঙ্ক্ষার অভাব ; শমদম প্রভৃতি ছয়টিগুণবিশিষ্টতা ও মোক্ষাকাঙ্ক্ষা এই চারিটিই সাধনচতুষ্টয় ॥ ১৫ ॥

নিত্যানিত্যবস্তুবিবেকস্তাবৎ—ব্রহ্মৈব নিত্যং বস্তু, ততোঽন্যদখিলমনিত্যমিতি বিবেচনম্ ॥ ১৬ ॥

টীকা।—সুগমম্ ॥ ১৬ ॥

অনুবাদ।—ইহার মধ্যে—একমাত্র ব্রহ্মই নিত্য বা অবিনশ্বর এবং তদতিরিক্ত যাবতীয় পদার্থই অনিত্য বা বিনশ্বর, এই জ্ঞানের নামই "নিত্যানিত্যবস্তুবিবেক" ॥ ১৬ ॥

ঐহিকানাং স্রক্‌চন্দনাদি-বিষয়-ভোগানাং কর্ম্মজন্যতয়া অনিত্যত্ববৎ আমুষ্মিকাণামপি অমৃতাদিবিষয়ভোগানামনিত্যতয়া তেভ্যো নিতরাং বিরতিঃ ইহামুত্র-ফলভোগবিরাগঃ ॥ ১৭ ॥

টীকা।—সুগমম্॥ ১৭॥

অনুবাদ।—জীব পূর্ব্বজন্মে অনুষ্ঠিত সৎকর্ম্মের ফলেই ইহলোকে সুগন্ধি-মাল্য, চন্দন, সুন্দরী স্ত্রী ইত্যাদি ভোগ্যবস্তু সকল লাভ করিতে সমর্থ হয়, কিন্তু যত দিন পর্য্যন্ত ঐ সৎকর্ম্মের ফল-প্রদায়িনী শক্তি থাকে, তত দিন পর্য্যন্তই ঐ সমস্ত ভোগ করিতে পায়, কর্ম্মের ক্ষয় হইলেই ঐ সমস্ত ভোগ্য বস্তুরও অভাব হয়, অতএব উহা অনিত্য। এইরূপ ইহজন্মে যে সমস্ত সৎকর্ম্ম দ্বারা পরলোকে স্বর্গসুখাদি ভোগ করিতে সমর্থ হয়, কর্ম্মক্ষয় হইলেই ঐ সমস্ত সুখভোগেরও অবসান হয়, অতএব উহাও অনিত্য, এই জ্ঞানের দ্বারা ঐহিক ও পারত্রিক উভয়বিধ সুখেই যে অনাসক্তি, তাহাই "ইহমুত্রফলভোগবিরাগ" ॥ ১৭॥

শম-দমাদয়স্তু—শম-দমোপরতি-তিতিক্ষা-সমাধান-শ্রদ্ধাঃ॥ ১৮॥

টীকা।—সুগমম্॥ ১৮॥

অনুবাদ।—শম অর্থাৎ অন্তরিন্দ্রিয়ের নিগ্রহ, দম অর্থাৎ বাহ্যেন্দ্রিয়সমূহের নিগ্রহ, উপরতি অর্থাৎ বিষয়ভোগবাসনার নিবৃত্তি, তিতিক্ষা অর্থাৎ সহিষ্ণুতা, সমাধান অর্থাৎ চিত্তের একাগ্রতা এবং শ্রদ্ধা অর্থাৎ গুরুবাক্য শাস্ত্রবাক্য ইত্যাদিতে অবিচলিত আস্থা এই ছয়টি "শমদমাদি সম্পত্তি" ॥ ১৮॥

শমস্তাবৎ—শ্রবণাদি-ব্যতিরিক্ত-বিষয়েভ্যো মনসো নিগ্রহঃ॥ ১৯॥

টীকা।—তত্র শমং লক্ষয়তি—শমস্তাবদিতি। যথা তীব্রায়াং বুভুক্ষায়াং জাতায়াং ভোজনাদন্যব্যাপারো মনসো ন রোচতে ভোজনে চ বিলম্বং ন সহতে, তথা স্রক্চন্দনাদিবিষয়েষত্যন্তমরুচিঃ, তত্ত্বজ্ঞানসাধনেষু শ্রবণমননাদিষু অত্যন্তমভিরুচির্জায়তে যদা, তদা পূর্ব্ববাসনাবলাৎ শ্রবণাদিসাধনেভ্য উড্ডীয় স্রক্চন্দনাদিবিষয়েষু গম্যমানং মনঃ যেনান্তঃকরণবৃত্তিবিশেষেণ নিগৃহ্যতে স বৃত্তিবিশেষঃ শম ইত্যর্থঃ ॥ ১৯ ॥

অনুবাদ।—শমাদি ছয়টির মধ্যে শম কি, তাহাই প্রথমে বলিতেছেন—

শ্রবণ, মনন ও নিদিধ্যাসন ব্যতীত বিষয়ান্তর হইতে চিত্তবৃত্তির নিরোধই শম ॥ ১৯ ॥

দমঃ—বাহ্যেন্দ্রিয়াণাং তদ্ব্যতিরিক্তবিষয়েভ্যো নিবর্ত্তনম্ ॥ ২০ ॥

টীকা।—ইদানীং দমস্য লক্ষণমাহ—দম ইত্যাদি। জ্ঞানসাধনশ্রবণাদিভ্যো বিলক্ষণেষু শব্দাদিবিষয়েষু প্রবর্ত্তমানানি শ্রোত্রাদীনি বাহ্যেন্দ্রিয়াণি যেন বৃত্তিবিশেষেণ নিবর্ত্তন্তে, স দম ইত্যর্থঃ ॥ ২০ ॥

অনুবাদ।—চক্ষুঃ, কর্ণ, নাসিকা, জিহ্বা ও ত্বক্ এই পাঁচটি বাহ্যেন্দ্রিয়, এবং রূপ, শব্দ, গন্ধ, রস ও স্পর্শ এই পাঁচটি ঐ পঞ্চেন্দ্রিয়ের বিষয় অর্থাৎ গ্রাহ্য। শ্রবণ-মনন-নিদিধ্যাসন ব্যতীত রূপাদি বিষয়ান্তর হইতে চক্ষুঃ প্রভৃতি বাহ্যেন্দ্রিয়সমূহকে সংযত করাই দম ॥ ২০ ॥

নিবৰ্ত্তিতানামেতেষাং তদ্ব্যতিরিক্তবিষয়েভ্য উপরমণম্ উপরতিঃ ; অথবা বিহিতানাং কর্ম্মণাং বিধিনা পরিত্যাগ-উপরতিঃ ॥ ২১ ॥

টীকা।—ইদানীমুপরতের্লক্ষণমাহ—নিবৰ্ত্তিতানামিতি। নিগৃহীতানামেতেষাং বাহ্যেন্দ্রিয়াণাং * শ্রবণাদি-সাধনব্যতিরিক্তেষু শব্দাদিবিষয়েষু যথা তানীন্দ্রিয়াণি সর্ব্বথা ন গচ্ছন্তি তথা তেষাং নিগ্রহো যেন বৃত্তিবিশেষেণ ক্রিয়তে সোপরতিরিত্যর্থঃ।

উপরতের্লক্ষণান্তরমাহ—অথবেতি। বিহিতানাং নিত্যাদিকর্ম্মণাং বিধিনা চতুর্থাশ্রমস্বীকারকর্ম্মণা পরিত্যাগঃ, নাহং কর্ত্তেত্যবস্থানম্ উপরতিরিত্যর্থঃ ॥ ২১ ॥

অনুবাদ।—পূর্ব্বোক্তরূপে সংযত বাহ্যেন্দ্রিয় পাঁচটির শ্রবণ-মনন-নিদিধ্যাসন ব্যতীত রূপাদি বিষয়ান্তর হইতে নিবৃত্তির নামই উপরতি। দম ও উপরতির ভেদ এই যে—দম অর্থাৎ দমন, চেষ্টা দ্বারা সংযত করা ; আর উপরতি অর্থাৎ স্বয়ংই নিবৃত্তি, পূর্ব্বোক্ত-রূপে ইন্দ্রিয়সমূহ দমিত হওয়ার পর যখন আর ঐ সমস্ত বিষয়-ভোগে তাহাদের প্রবৃত্তিই হইবে না, তাহাই উপরতি। অথবা শাস্ত্রবিহিত নিত্যনৈমিত্তিক কর্ম্মসমূহের যথাবিধি পরিত্যাগ অর্থাৎ

---

* ইন্দ্রিয় একাদশ,—চক্ষুঃ, কর্ণ, নাসা, জিহ্বা, ত্বক্, এই পাঁচটি বাহ্যেন্দ্রিয়কে জ্ঞানসাধন বলে ; বাক্, পাণি, পাদ, পায়ু, উপস্থ, এই পাঁচটিকে কর্ম্মসাধন বলা যায়, এতদ্ব্যতীত মনকে অন্তরিন্দ্রিয় কহে, সুতরাং ইন্দ্রিয় সর্ব্বসমেত একাদশটি।

ভিক্ষাশ্রম গ্রহণ পূর্ব্বক "আমি কর্ম্মী নই, অতএব আমার কর্ম্মও নাই" এই বিবেচনায় নিষ্ক্রিয়রূপে অবস্থানও উপরতি ॥ ২১ ॥

তিতিক্ষা—শীতোষ্ণাদিদ্বন্দ্বসহিষ্ণুতা ॥ ২২ ॥

টীকা ঃ—তিতিক্ষালক্ষণমাহ—তিতিক্ষেতি। শরীরধর্ম্মস্য শীতোষ্ণাদেঃ তজ্জন্যসুখদুঃখাদেশ্চ শরীরেণ ত্যক্তুমশক্যত্বাৎ স্বপ্রকাশচিদ্রূপে স্বাত্মনি চ শীতোষ্ণাদেরত্যন্তাভাবাদিতি বিবেকদীপেন মিথ্যাভানস্য শীতোষ্ণাদের্দ্বন্দ্বস্য যৎ সহনং সা তিতিক্ষেত্যর্থঃ ॥ ২২ ॥

অনুবাদ ঃ—তিতিক্ষা কি, তাহা বলিতেছেন—

শীত-উষ্ণ, হর্ষ-বিষাদ, লাভ-ক্ষতি, মান-অপমান ইত্যাদি পরস্পর বিরুদ্ধ ভাবসমূহজন্য সুখদুঃখে অভিভূত না হইয়া অবিকৃত-চিত্তে তাহা সহ্য করিবার যে ক্ষমতা, তাহারই নাম তিতিক্ষা ॥ ২২ ॥

নিগৃহীতস্য মনসঃ শ্রবণাদৌ তদনুগুণবিষয়ে চ সমাধিঃ সমাধানম্ ॥ ২৩ ॥

টীকা ঃ—ইদানীং সমাধানং লক্ষয়তি—নিগৃহীতস্যেতি। শব্দাদি-বিষয়েভ্যো নিগৃহীতস্যান্তঃকরণস্য শ্রবণাদৌ তদনুগুণেষু তদুপকারকেষু অমানিত্বাদিসাধনবিষয়েষু সমাধির্নৈরন্তর্য্যেণ তচ্চিন্তনং সমাধানমিত্যর্থঃ ॥ ২৩ ॥

অনুবাদ ঃ—সমাধান কি, তাহা বলিতেছেন—

রূপ-রসাদি ইন্দ্রিয়বিষয় হইতে চিত্তকে সংযত করিয়া কেবল-মাত্র ভগবদ্বিষয়ে শ্রবণ মনন নিদিধ্যাসন এবং ঐ সমস্তের সহায়-স্বরূপ গুরুশুশ্রূষাদি-বিষয়ে চিত্তের একাগ্রতাসম্পাদনকে সমাধান বলে ॥ ২৩ ॥

গুরুবেদান্তবাক্যেষু বিশ্বাসঃ শ্রদ্ধা ॥ ২৪ ॥

টীকা ;—শ্রদ্ধাদয়ঃ স্পষ্টার্থাঃ ॥ ২৪ ॥

অনুবাদ ;—শ্রদ্ধা কাহাকে বলে, তাহা বলিতেছেন—

যিনি উপনয়ন দান পূর্ব্বক বেদ অধ্যাপনা করান, এইরূপ গুরুর উপদেশ ও বেদান্তোক্ত বাক্যসমূহে অবিচলিত বিশ্বাসের নাম শ্রদ্ধা ॥ ২৪ ॥

মুমুক্ষুত্বং মোক্ষেচ্ছা ॥ ২৫ ॥

টীকা ;—মুমুক্ষুত্বমিত্যাদয়ঃ স্পষ্টার্থাঃ ॥ ২৫ ॥

অনুবাদ ;—মোক্ষলাভের নিমিত্ত ইচ্ছা বা মুক্তিলাভের উপায়ানুসন্ধানই মুমুক্ষুত্ব ॥ ২৫ ॥

এবম্ভূতঃ প্রমাতা অধিকারী "শান্তো দান্ত" (বৃঃ উঃ ৪।৪।২৩) ইত্যাদি শ্রুতেঃ ॥ ২৬

টীকা ;—তথাচ পূর্ব্বোক্ত-সকলবিশেষণবিশিষ্টঃ প্রমাতা অধিকারী-ত্যর্থঃ। অস্মিন্নর্থে শ্রুতিং প্রমাণয়তি—শান্ত ইতি ॥ ২৬ ॥

অনুবাদ।—এইরূপ অর্থাৎ যথাবিধি বেদাধ্যয়ন প্রভৃতি গুণসম্পন্ন তত্ত্বজ্ঞানী আপ্ত ব্যক্তিই প্রমাতা এবং তিনিই বেদান্তপাঠে যথার্থ অধিকারী, যেহেতু বেদ "শান্ত দান্ত উপরত তিতিক্ষু সমাহিত ও শ্রদ্ধান্বিত হইয়া আত্মাতে আত্মাকে দেখিবে" এইরূপ বলিয়াছেন ॥ ২৬ ॥

উক্তঞ্চ—“প্রশান্তচিত্তায় জিতেন্দ্রিয়ায়
প্রক্ষীণদোষায় যথোক্তকারিণে।
গুণান্বিতায়ানুগতায় সর্ব্বদা
প্রদেয়মেতৎ সকলং মুমুক্ষবে॥”
(উপদেশসাহস্রী ৩২৪।১৬।৭২) ইতি॥ ২৭॥

টীকা।—প্রশান্তচিত্তায়েতি। সুগমম্॥ ২৭॥

অনুবাদ।—স্থানান্তরেও উক্ত হইয়াছে—

প্রশান্তচিত্ত, জিতেন্দ্রিয়, নির্দ্দোষ, আদেশপালনকারী, গুণবান্, সর্ব্বদা অনুগত ও মুমুক্ষু শিষ্যকে এই বেদান্তশাস্ত্র উপদেশ দিবেন॥ ২৭॥

বিষয়ঃ—জীবব্রহ্মৈক্যং শুদ্ধচৈতন্যং প্রমেয়ং, তত্রৈব বেদান্তানাং তাৎপর্য্যাৎ॥ ২৮॥

টীকা।—যথোদ্দেশং বিষয়ং নিরূপয়তি—বিষয় ইতি। অবিদ্যা-রোপিত-সর্ব্বজ্ঞত্ব-কিঞ্চিজ্‌জ্ঞত্বাদি-বিরুদ্ধধর্ম্মপরিত্যাগেনাবশিষ্টং শুদ্ধং চৈতন্যং জ্ঞেয়স্বরূপমেব সর্ব্বেষাং বেদান্তবাক্যানাং বিষয় ইত্যর্থঃ॥ ২৮॥

অনুবাদ।—পূর্ব্বোক্ত অনুবন্ধচতুষ্টয়মধ্যে অধিকারীর বিষয় বলিয়া এক্ষণে এই গ্রন্থের বিষয় কি, তাহা বলিতেছেন—

জীব ও ব্রহ্ম অভিন্ন পদার্থ, এই জীব ও ব্রহ্মের অভেদজ্ঞান-রূপ বিশুদ্ধ চৈতন্যই একমাত্র জ্ঞাতব্য, ইহাই বেদান্তসমূহের প্রতি-পাদ্য বিষয়॥ ২৮॥

সম্বন্ধস্তু—তদৈক্যপ্রমেয়স্য তৎপ্রতিপাদকোপনিষৎ-প্রমাণস্য চ বোধ্য-বোধকভাবঃ ॥ ২৯ ॥

টীকা ।—ক্রমপ্রাপ্তং সম্বন্ধং লক্ষয়তি—সম্বন্ধস্থিতি।

বোধ্যবোধকভাব ইতি। বোধ্যস্য ব্রহ্মাত্মৈক্যস্বরূপস্য বোধকস্য বেদান্ত-শাস্ত্রস্য চ বোধ্যবোধকভাব এব সম্বন্ধ ইত্যর্থঃ ॥ ২৯ ॥

অনুবাদ ।—তৃতীয় অনুবন্ধ সম্বন্ধ কি, তাহা বলিতেছেন—

জীব ও ব্রহ্ম অভিন্ন পদার্থ, এই জ্ঞাতব্য বিষয়ের সহিত তাহার জ্ঞাপক উপনিষদ্‌বাক্যসমূহের বোধ্যবোধকসম্বন্ধ। জীব ও ব্রহ্ম অভিন্ন, ইহাই এই গ্রন্থের বোধ্য, উপনিষদ্‌বাক্য-সমূহ তাহার বোধক। এই উপনিষৎশাস্ত্রে জ্ঞান হইলে জীব ও ব্রহ্মে কোন ভেদ নাই, ইহাই দৃঢ়রূপে প্রতীত হয় ॥ ২৯ ॥

প্রয়োজনন্তু—তদৈক্যপ্রমেয়গতাজ্ঞাননিবৃত্তিঃ স্ব-স্বরূপানন্দাবাপ্তিশ্চ। "তরতি শোকমাত্মবিৎ" (ছান্দো উ০৭।১।৩) ইত্যাদিশ্রুতেঃ। "ব্রহ্মবিদ্ ব্রহ্মৈব ভবতি" (মুণ্ড০উ০৩।২।৯) ইত্যাদিশ্রুতেশ্চ ॥ ৩০ ॥

টীকা ।—অবশিষ্টং প্রয়োজনমাহ—প্রয়োজনন্থিতি। ব্রহ্মাত্মৈকত্ব-লক্ষণচিন্মাত্রগতাজ্ঞান-তৎকার্য্যসকল-প্রপঞ্চ-নিবৃত্তিঃ পুনরুৎপত্ত্যভাবরূপ-স্ব-স্বরূপাখণ্ডানন্দপ্রাপ্তিঃ ফলমিত্যর্থঃ।

নন্বু লোকেঽপ্রাপ্তস্য ক্রিয়াসাধ্যস্য স্বর্গাদেঃ পুরুষার্থত্বেন ফলত্বং দৃষ্টম্, অত্র তু নিত্যপ্রাপ্তস্যাত্মস্বরূপস্য ক্রিয়াসাধ্যত্বাভাবেন পুরুষার্থত্বাভাবাৎ কথং ফলত্বম্? ইতি চেন্ন, অপ্রাপ্তস্যৈব পুরুষার্থত্বনিয়মাভাবাৎ। যথা লোকে

কস্যাচিৎ বিস্মৃতকণ্ঠমণেস্তৎপ্রযুক্তশোকাগ্নিসন্দহ্যমানস্যাপ্তোপদেশোত্তরকালং স্বকণ্ঠগতচামীকরপ্রাপ্তেরপি পুরুষার্থত্বাৎ ফলত্বং দৃষ্টম্, এবমত্রাপি নিত্যপ্রাপ্তস্যাত্মনঃ অজ্ঞানমোহান্ধকারাবৃতত্বেন বিস্মৃতস্বস্বরূপস্য গুরুশ্রুতিবাক্যশ্রবণানন্তরমজ্ঞানমোহান্ধকারনিবৃত্তৌ সত্যাং স্বয়ং প্রকাশমানচিদ্রূপস্য সিদ্ধস্যৈবাত্মনঃ ফলত্বমুপচর্যতে ইতি ভাবঃ।

উক্তেঽর্থে শ্রুতিং প্রমাণয়তি—তরতীতি ॥ ৩০ ॥

অনুবাদ।—অনুবন্ধচতুষ্টয়ের শেষানুবন্ধ প্রয়োজন কি, তাহা বলিতেছেন—

জীব ও ব্রহ্ম অভিন্ন পদার্থ, এই জ্ঞাতব্যবিষয়ে সম্পূর্ণজ্ঞানলাভ বশতঃ অজ্ঞাননিবৃত্তি এবং ঐ অজ্ঞাননাশহেতু নিত্যানন্দসম্ভোগই এই গ্রন্থের প্রয়োজন, যে হেতু বেদে আছে, "আত্মজ্ঞ ব্যক্তিই শোক-সাগর উত্তীর্ণ হইয়া থাকেন," "ব্রহ্মজ্ঞ ব্যক্তি ব্রহ্মই হন" ইত্যাদি ॥ ৩০ ॥

অয়মধিকারী জননমরণাদিসংসারানলসন্তপ্তো দীপ্তশিরা জলরাশিমিবোপহারপাণিঃ শ্রোত্রিয়ং ব্রহ্মনিষ্ঠং গুরুমুপসৃত্য তমনুসরতি "তদ্বিজ্ঞানার্থং স গুরুমেবাভিগচ্ছেৎ। সমিৎপাণিঃ শ্রোত্রিয়ং ব্রহ্মনিষ্ঠম্" (মুণ্ড০ উ০ ১।২।১২) ইত্যাদিশ্রুতেঃ ॥ ৩১ ॥

টীকা।—অধুনা শাস্ত্রারম্ভনিমিত্তাধিকার্য্যাদিনিরূপণানন্তরং শাস্ত্রারম্ভং প্রস্তৌতি, অথবা লক্ষিতস্যাধিকারিণঃ কর্তব্যং দর্শয়তি—অয়মধিকারীতি। উক্তলক্ষণলক্ষিতো বুদ্ধিসন্নিহিতোঽধিকারী গুরুমুপসরতীত্যর্থঃ।

নন্বু সংসারাসক্তচিত্তস্য বিষয়লোলুপস্যার্ত্তিরহিতস্য গুরূপসর্পণময়ুক্তম্ ? ইত্যাশঙ্কাহ—সংসারানলসন্তপ্ত ইতি।

সন্তাপে হেতুমাহ—জননেতি। আদিশব্দেন ব্যাধ্যাদয়ো গৃহ্যন্তে।

সন্তপ্তস্যৈব গুরূপসর্পণমিত্যত্র দৃষ্টান্তমাহ—দীপ্তশিরা ইতি। যথা অর্কদগ্ধ-মস্তকো দাহনিবৃত্তিকামো ঝটিতি শীতলং জলরাশিমনুসরতি তথা সংসার-তাপত্রয়সন্দহ্যমানস্তন্নিবৃত্তিকামঃ স্বস্বরূপজিজ্ঞাসুঃ সংসারনিবর্ত্তকং শ্রোত্রিয়ং ব্রহ্মনিষ্ঠং করতলামলকবৎ স্বপ্রকাশাত্মস্বরূপসমর্পকং গুরুমুপসৃত্য গুরু সমীপং গত্বা অনুসরতি মনোবাক্কায়কর্ম্মভিঃ সেবত ইত্যর্থঃ।

অস্মিন্ অর্থে শ্রুতিমুদাহরতি—তদ্বিজ্ঞানার্থমিত্যাদিঃ ॥ ৩১ ॥

অনুবাদ ;—শাস্ত্রারম্ভের পূর্ব্বে অধিকারী প্রভৃতি নিরূ-পণানন্তর অধুনা শাস্ত্রারম্ভ করিতেছেন, অথবা লক্ষিত অধিকারীর কর্ত্তব্য প্রদর্শিত হইতেছে—প্রখর সূর্য্যকরে সন্তপ্ত-মস্তক ব্যক্তি যেমন তাপশান্তির জন্য গভীর জলাশয়ে অবগাহন পূর্ব্বক শান্তি-লাভ করে, তদ্রূপ নিত্যানিত্যবস্তুবিবেক, ইহামুত্রফলভোগবিরাগ, শমদমাদিগুণসম্পত্তি ও মুমুক্ষুত্বরূপ উপরি-উক্ত সাধনচতুষ্টয়বিশিষ্ট অতএব বেদান্তপাঠে অধিকারী ব্রহ্মজিজ্ঞাসু শিষ্য, ত্রিবিধ দুঃখ, (আধ্যাত্মিক, আধিভৌতিক, আধিদৈবিক) জন্ম, মরণ, জরা, ব্যাধি ইত্যাদি দুঃসহ সাংসারিক ক্লেশের দ্বারা নিরতিশয় পীড়িত হইয়া ঐ সমস্ত ক্লেশ হইতে পরিত্রাণ-লাভের নিমিত্ত যথাসাধ্য উপহার গ্রহণপূর্ব্বক বেদজ্ঞ, ব্রহ্মপরায়ণ গুরুর নিকট উপস্থিত হইয়া কায়মনোবাক্যে তাঁহার সেবায় নিরত হইবেন। শ্রুতিতেও লিখিত আছে যে, "সচ্চিদানন্দস্বরূপ ব্রহ্মজ্ঞানলাভের নিমিত্ত যথাসাধ্য

হোমোপযোগী দ্রব্য গ্রহণপূর্ব্বক বেদজ্ঞ ব্রহ্মনিষ্ঠ গুরুর আশ্রয় গ্রহণ করিবে" ॥ ৩১ ॥

স গুরুঃ পরমকৃপয়া অধ্যারোপাপবাদন্যায়েনৈনমুপদিশতি।

"তস্মৈ স বিদ্বানুপসন্নায় সম্যক্,
প্রশান্তচিত্তায় শমান্বিতায়।
যেনাক্ষরং পুরুষং বেদ সত্যং,
প্রোবাচ তাং তত্ত্বতো ব্রহ্মবিদ্যাম্"
(মুণ্ড০ উ০ ১।২।১৩) ইত্যাদিশ্রুতেঃ ॥ ৩২ ॥

টীকা।—অথ গুরুকৃত্যমাহ—স গুরুঃ পরমকৃপয়েতি। কৃপাব্যতিরেকেণ সাধনান্তরাভাবাদিত্যর্থঃ।

নন্বখণ্ডস্য ব্রহ্মস্বরূপস্যাগোচরত্বেনোপদেষ্টুমশক্যত্বাৎ কথমুপদিশতি ? ইত্যত আহ—অধ্যারোপেতি। অখণ্ডব্রহ্মস্বরূপস্য বিধিমুখেনোপদেষ্টুমশক্যত্বেঽপি "নেহ নানাস্তি কিঞ্চন" (বৃ০উ০ ৪।৪।১৯) ইত্যাদিশ্রুতিমনুসৃত্য অবিদ্যাঽঽরোপিতমিথ্যানানাপদার্থনিষেধমুখেনোপলক্ষিতমখণ্ডচৈতন্যমেব পুনঃ "সত্যং জ্ঞানমনন্তং ব্রহ্ম" (তৈ০উ০ ২।১) ইত্যাদিশ্রুতিমনুসৃত্য লক্ষণয়া বিধিমুখেনাপ্যুপদিশতীতি ভাবঃ।

অত্র শ্রুতিমাহ—তস্মৈ স ইত্যাদি ॥ ৩২ ॥

অনুবাদ।—অতঃপর গুরুর কর্ত্তব্য প্রদর্শিত হইতেছে। তত্ত্বদর্শী ব্রহ্মপরায়ণ গুরুদেব শরণাপন্ন শিষ্যের ঐকান্তিক দুঃখ-অপনোদনের নিমিত্ত অসাধারণ করুণা প্রদর্শন পূর্ব্বক সত্যস্বরূপ,

অদ্বিতীয় ব্রহ্মবিষয়ে অজ্ঞতাবশতঃ নানাপ্রকার ভ্রান্তজ্ঞান যাহাতে দূরীভূত হয়, এরূপ উপদেশ দ্বারা ব্রহ্মের সত্য, জ্ঞান ও অনন্তস্বরূপতা-বিষয় দৃঢ়রূপে হৃদয়ঙ্গম করাইবেন। শ্রুতিতেও লিখিত আছে যে, "তত্ত্বজ্ঞ গুরু শরণাগত প্রশান্তচিত্ত শান্তিকামী জিতেন্দ্রিয় শিষ্যকে —যাহাতে সনাতন সত্যস্বরূপ পরমপুরুষকে জানিতে পারা যায়, এরূপ ব্রহ্মবিদ্যা যথাযথভাবে শিক্ষা দিবেন ॥ ৩২ ॥

অসর্পভূতায়াং রজ্জৌ সর্পারোপবৎ বস্তুন্যবস্ত্বারোপঃ অধ্যারোপঃ। বস্তু সচ্চিদানন্দমদ্বয়ং ব্রহ্ম। অজ্ঞানাদি-সকলজড়সমূহঃ অবস্তু। অজ্ঞানন্তু সদসদ্ভ্যামনির্ব্বচনীয়ং ত্রিগুণাত্মকং জ্ঞানবিরোধি ভাবরূপং যৎকিঞ্চিদিতি বদন্তি। "অহমজ্ঞঃ" ইত্যাদ্যনুভবাৎ, "দেবাত্মশক্তিং স্বগুণৈর্নিগূঢ়াম্" (শ্বে০ উ০ ১।৩) ইত্যাদিশ্রুতেশ্চ ॥ ৩৩ ॥

টীকা।—অস্মিন্নর্থে লৌকিকদৃষ্টান্তমাহ—অসর্পভূতায়াম্ ইতি। ব্যাবহারিকবস্তুত্বেনাভিমতায়াং রজ্জৌ অবস্তুভূতসর্পারোপো নাম রজ্জ্ববচ্ছিন্নচৈতন্যস্থা অবিদ্যা সর্পজ্ঞানাভাসাকারেণ পরিণমমানা সর্পাকারেণ বিবর্ত্ততে স বিবর্ত্তঃ। রজ্জ্ববচ্ছিন্নচৈতন্যনিষ্ঠাবিদ্যোপাদানত্বেন নায়ং সর্পঃ কিন্তু রজ্জুরিতি বিশেষ-দর্শনোত্তরকালীনাধিষ্ঠানরজ্জুসাক্ষাৎকারেণ রজ্জ্বজ্ঞাননিবৃত্তৌ সর্পভ্রান্তি-র্নিবর্ত্ততে ইত্যর্থঃ।

উক্তমর্থং দার্ষ্টান্তিকে যোজয়তি—বস্ত্বিতি। কালত্রয়ানপায়ী স্বাত্মৈব বস্তুশব্দার্থঃ।

তত্রাবস্তুস্বরূপমাহ—অজ্ঞানাদীতি। অজ্ঞান-তজ্জন্যব্যোমাদের্মিথ্যাত্ব-দৃশ্যত্ব-সাবয়বত্ব-বিকারিত্ব-সাপেক্ষসিদ্ধিকত্বাদিহেতুভিরবস্তুত্বমিত্যর্থঃ।

এতদেব বিস্তরেণ প্রতিপাদয়িতুমজ্ঞানস্বরূপং তাবদাহ—অজ্ঞানন্ত্বিতি।

কিমিদমজ্ঞানং সদ্রূপমসদ্রূপং বা ? নাদ্যঃ, শশবিষাণতুল্যত্বেন তুচ্ছত্বাৎ ; নাপি দ্বিতীয়ঃ, অসতঃ কারণত্বানুপপত্তেরিত্যাদিহেতুভিঃ সত্ত্বেনাসত্ত্বেন বা নিরূপয়িতুং ন শক্যতে ইত্যাহ—অনির্ব্বচনীয়মিতি।

নন্বজ্ঞানস্যানির্ব্বচনীয়ত্বেন সর্ব্বথা জ্ঞাতুমশক্যত্বাৎ তদভাবপ্রসঙ্গ ইত্যাশঙ্ক্যাহ—ত্রিগুণাত্মকমিতি। "অজামেকাম্" (শ্বে০ উ০ ৪।৫) ইত্যাদিশ্রুতিভিঃ সত্ত্বরজস্তমোগুণাত্মকত্বপ্রতিপাদনাদিত্যর্থঃ।

নন্বেবমজস্যাজ্ঞানস্য শ্রুতিপ্রসিদ্ধস্য ব্যোমাদিরূপেণ বিততস্য সত্যবদ্ভাসমানত্বেন সংসারানিবৃত্তিঃ ? ইত্যাশঙ্ক্যাহ—জ্ঞানবিরোধীতি। এতাদৃশমপ্যজ্ঞানমাত্মসাক্ষাৎকারেণ নিবর্ত্ততে ইত্যর্থঃ। তদুক্তং ভগবতা—"দৈবী হ্যেষা গুণময়ী মম মায়া দুরত্যয়া। মামেব যে প্রপদ্যন্তে মায়ামেতাং তরন্তি তে॥" (গীতা০৭।১৪) ইতি।

জ্ঞানাভাব এবাজ্ঞানমিতি তার্কিকমতং নিরাকরোতি—ভাবরূপমিতি।

ত্রিগুণাত্মকভাবরূপত্বেঽপি ইদমিত্থমেবেতি পিণ্ডীকৃত্য প্রদর্শয়িতুং ন শক্যতে ইত্যাহ—যৎকিঞ্চিদিতি। কিমপ্যঘটনঘটনাপটীয় ইত্যর্থঃ।

অনির্ব্বচনীয়ানাদিভাবরূপাজ্ঞানসদ্ভাবে অনুভবমেবোদাহৃত্য দর্শয়তি—অহমিতি। অহমজ্ঞো মামহং ন জানামীত্যপরোক্ষাবভাস এব প্রমাণমিত্যর্থঃ।

তস্যৈবোপষ্টম্ভকত্বেন শ্রুতিমুদাহরতি—"দেবাত্মশক্তিম্" (শ্বে০ উ০ ১।৩) ইতি॥ ৩৩॥

অনুবাদ।—পূর্ব্বে বলা হইয়াছে, অধ্যারোপাপবাদন্যায়েন। সেই অধ্যারোপ কি ? তাহা বলিতেছেন—রজ্জুতে সর্পভ্রমের ন্যায় কোন প্রকৃত বস্তুতে ভ্রান্তিবশতঃ অন্যবিধবস্তুর আরোপকেই

অধ্যারোপ কহে। যখন রজ্জুতে সর্পভ্রম হয়, তখন সর্প প্রকৃত বস্তু নহে, রজ্জুই সে স্থলে প্রকৃত বস্তু, ভ্রমবশতঃ সেই প্রকৃত বস্তু রজ্জুতে অপ্রকৃত বস্তু সর্পের আরোপই অধ্যারোপ। ব্রহ্মই বস্তু অর্থাৎ সত্য; ব্রহ্ম ব্যতীত সকলই অবস্তু অর্থাৎ মিথ্যা। সত্য-স্বরূপ ব্রহ্মে ভ্রান্তিবশতঃ মিথ্যাভূত জগতের আরোপই অধ্যারোপ। এক্ষণে বস্তু ও অবস্তু কি? তাহা দেখাইতেছেন। সচ্চিদানন্দময় অদ্বিতীয় ব্রহ্মই বস্তু বা সত্য। তদতিরিক্ত অজ্ঞানাদি যাবতীয় জড়-দ্রব্যমাত্রই অবস্তু বা মিথ্যা। অজ্ঞানাদি সকল জড়সমূহই অবস্তু এইরূপ বলিয়াছেন, এক্ষণে সেই অজ্ঞান কি, তাহা কথিত হইতেছে। —এই অজ্ঞান সৎও নহে অসৎও নহে, 'এই দ্বিবিধ বস্তু হইতেই অনির্ব্বচনীয়, অর্থাৎ ইহাকে সৎ বা বিদ্যমান, অসৎ বা অবিদ্যমান ইহার কিছুই বলা যায় না, যেহেতু, অসৎ কখনও কোন বস্তুর কারণ হইতে পারে না; কেন না, আকাশকুসুম ও শশবিষাণের কার্য্য দেখিতে পাওয়া যায় না। দেখা যাইতেছে, এই জগৎপ্রপঞ্চ অজ্ঞানের কার্য্য; সুতরাং অজ্ঞানকে অসৎ বলা যায় না। জ্ঞান-প্রভাবে অজ্ঞানের নাশ হইতেছে এবং একমাত্র ব্রহ্মই সৎ, তদ্ব্যতীত সকলই অসৎ, সুতরাং ইহাকে সৎও বলা যায় না; অতএব ইহা এক অনির্ব্বচনীয় বস্তু। অজ্ঞান যখন অনির্ব্বচনীয়, তখন ইহা একেবারেই নাই, ইহাও বলা যায় না; যে হেতু, ইহা সত্ত্ব রজঃ ও তমোগুণবিশিষ্ট, ইহা জ্ঞানের বিরোধী অর্থাৎ জ্ঞানের অভাব, উক্তপ্রকারে উহা অভাব হইলেও ইহাকে ভাবরূপ অর্থাৎ সত্তা-বিশিষ্ট বলা চলে; যেহেতু, আত্মসাক্ষাৎকার দ্বারা ইহার শান্তি

হয়। "আমি অজ্ঞ" ইত্যাকার অনুভব যখন হয়, তখন ইহাকে অভাবও বলা যায় না, সুতরাং ইহা একপ্রকার ভাবরূপ যৎকিঞ্চিৎ অর্থাৎ অঘটনঘটনাপটু কোন একটি অবস্থাবিশেষ। ইহা শ্রুতি দ্বারাও সপ্রমাণ হইতেছে যে, "স্বপ্রকাশক আত্মার শক্তি, সত্ত্ব রজঃ ও তমোরূপ গুণত্রয় দ্বারা সমাচ্ছাদিত আছে।" শ্রবণ-মনন-নিদিধ্যাসনাদি দ্বারা ঐ অজ্ঞানরূপ আবরণ বিদূরিত হইলে আত্ম-শক্তি প্রকাশ পায়॥ ৩৩॥

ইদমজ্ঞানং সমষ্টিব্যষ্ট্যভিপ্রায়েণৈকমনেকমিতি চ ব্যবহ্রিয়তে। তথা হি, যথা বৃক্ষাণাং সমষ্ট্যভিপ্রায়েণ বনমিত্যেকত্বব্যপদেশঃ; যথা বা জলানাং সমষ্ট্যভিপ্রায়েণ জলাশয় ইতি, তথা নানাত্বেন প্রতিভাসমানজীবগতাজ্ঞানানাং সমষ্ট্যভিপ্রায়েণ তদেকত্বব্যপদেশঃ, "অজামেকাম্"(শ্বে০ উ০ ৪।৫) ইত্যাদিশ্রুতেঃ॥ ৩৪॥

টীকা।—অজ্ঞানং বিভজতে—ইদমজ্ঞানমিতি। বস্তুতোঽজ্ঞানস্যানেকত্বেঽপি সমষ্ট্যভিপ্রায়েণৈকমিতি ব্যবহ্রিয়তে ব্যষ্ট্যভিপ্রায়েণানেকমিত্যর্থঃ।

এতদেব প্রপঞ্চয়িতুং প্রতিজানীতে—তথা হি যথেতি। যথা বহূনাং বৃক্ষাণাং সমুদায়বিবক্ষয়া বনমিত্যেকত্বব্যপদেশঃ, যথা বা বহুনদ্যাদিজলানাং সমুদায়বিবক্ষয়া জলাশয় ইত্যেকত্বব্যপদেশঃ; তথা অন্তঃকরণোপাধিভেদেন নানাত্বেন প্রতীয়মানানাং জীবগতাজ্ঞানানাং সমুদায়বিবক্ষয়া অজ্ঞানমিত্যেকত্বব্যপদেশঃ।

অস্মিন্নর্থে শ্রুতিং প্রমাণয়তি—"অজাম্" ইতি॥ ৩৪॥

অনুবাদ।—অজ্ঞান আবার দুই প্রকার ভেদবিশিষ্ট, তাহাই দেখাইতেছেন—এই অজ্ঞানকে সমষ্টি অর্থাৎ মিলিত অভিপ্রায়ে এক বলা চলে, আবার ব্যষ্টি অর্থাৎ পৃথক্ পৃথক্ অভিপ্রায়ে বহু বলিয়া ব্যবহার করা যায়। ইহার দৃষ্টান্ত—যেরূপ কোন বনমধ্যে অনেক বৃক্ষ এবং সেই বৃক্ষসমূহ প্রত্যেকে ভিন্ন ভিন্ন জাতীয় হইলেও কেবল বন বলিয়া ব্যাখ্যা করিলেই সমস্ত বৃক্ষেরই প্রতীতি হয়; যেরূপ সমুদায় নদ নদী প্রভৃতি ভিন্ন ভিন্ন হইলেও একমাত্র জলাশয় বলিলে জলমগ্ন স্থানমাত্রেরই বোধ হইয়া থাকে, তদ্রূপ প্রত্যেক জীবে পৃথক্ পৃথক্ ভাবে অবস্থিত অজ্ঞান অন্তঃকরণোপাধিভেদে বহুবিধ হইলেও সমষ্টি ধরিয়া এক ও ব্যষ্টি ধরিয়া বহু বলিয়া নির্দ্দিষ্ট ও ব্যবহৃত হয়। সমষ্টি বিষয়ে শ্রুতি আছে যে, "গুণত্রয়-ময়ী একমাত্র প্রকৃতি বহুপুরুষ-সহযোগে বহুরূপ সৃষ্টি করিতেছে" ইত্যাদি ॥ ৩৪ ॥

ইয়ং সমষ্টিরুৎকৃষ্টোপাধিতয়া বিশুদ্ধসত্ত্বপ্রধানা। এত-দুপহিতং চৈতন্যং সর্ব্বজ্ঞত্ব-সর্ব্বেশ্বরত্ব-সর্ব্বনিয়ন্তৃত্বাদি-গুণকং সদসদব্যক্তমন্তর্যামি জগৎকারণমীশ্বর ইতি চ ব্যপ-দিশ্যতে। সকলাজ্ঞানাবভাসকত্বাদস্য সর্ব্বজ্ঞত্বম্। "যঃ সর্ব্বজ্ঞঃ সর্ব্ববিৎ" (মু০ উ০ ১।১।৯) ইতিশ্রুতেঃ ॥ ৩৫ ॥

টীকা।—নানাজীবগতনিকৃষ্টান্তঃকরণব্যষ্ট্যুপাধ্যপেক্ষয়া সমষ্ট্যু-পাধেরস্য বৈলক্ষণ্যং দর্শয়তি—ইয়ং সমষ্টিরিতি। বিগতরাগাদিদোষসকল-

কার্য্যপ্রপঞ্চকারণভূতস্য অজ্ঞানস্য সমষ্টিভূতোৎকৃষ্টোপাধিত্বেন বিশুদ্ধসত্ত্ব-প্রাধান্যমিতিভাবঃ।

এতৎসমষ্ট্যুপাধিদ্বারেণেশ্বরচৈতন্যং লক্ষয়তি—এতদুপহিতমিতি। এতৎ সমষ্ট্যজ্ঞানোপলক্ষিত-চৈতন্যং সর্ব্বস্য চরাচরাত্মকপ্রপঞ্চস্য সাক্ষিত্বেন সর্ব্বজ্ঞ ইত্যুচ্যতে। তথা সর্ব্বেষাং জীবানামীশিতৃত্বেন কর্ম্মানুরূপফলদাতৃত্বেন ঈশ্বর ইত্যুচ্যতে। তথা সর্ব্বেষাং জীবানাং প্রেরকত্বেন নিয়ন্তেত্যুচ্যতে। তথা সর্ব্বেষাং জীবানামন্তর্হৃদয়ে স্থিত্বা বুদ্ধিনিয়ামকত্বেনান্তর্যামীত্যুচ্যতে। প্রমাণাগোচরত্বাৎ অব্যক্তমিত্যুচ্যতে। সর্ব্বস্য চরাচরাত্মকপ্রপঞ্চস্য বিবর্ত্তাধিষ্ঠানত্বেন জগৎকারণমিতি ব্যপদিশ্যতে ইত্যর্থঃ।

উক্তেঽর্থে যুক্তিমাহ—সকলাজ্ঞানেতি।

তত্র প্রমাণমাহ—যঃ সর্ব্বজ্ঞ ইতি ॥ ৩৫ ॥

অনুবাদ।—সমষ্টি ও ব্যষ্টি অনুসারে অজ্ঞানকে দুই অংশে বিভক্ত করা হইয়াছে। এই অজ্ঞান আবার বিশুদ্ধ সত্ত্বপ্রধান ও মলিন সত্ত্বপ্রধান বলিয়া দুই ভাগে বিভক্ত। মলিন সত্ত্বপ্রধান অজ্ঞানে চৈতন্য প্রতিফলিত হইলে অসর্ব্বজ্ঞ অনীশ্বর জীবরূপে গণনীয় হন এবং চৈতন্য বিশুদ্ধসত্ত্বপ্রধান অজ্ঞানে প্রতিফলিত হইলে সর্ব্বজ্ঞ ঈশ্বর বলিয়া নিরূপিত হয়েন; ইহাই প্রকাশিত হইতেছে। এই অজ্ঞানসমষ্টি উৎকৃষ্টোপাধিহেতুক বলিয়া বিশুদ্ধসত্ত্বপ্রধান। এই বিশুদ্ধ সত্ত্বপ্রধান সমষ্টি-অজ্ঞানগত চৈতন্যকে সর্ব্বজ্ঞত্ব, সর্ব্বেশ্বরত্ব, সর্ব্বনিয়ন্তৃত্ব ইত্যাদি গুণবিশিষ্ট, সর্ব্বত্র বর্ত্তমান থাকিয়াও দৃষ্টির অগোচরহেতুক অবর্ত্তমান, বাক্যের অগোচরহেতুক অব্যক্ত, অন্তর্যামী জগৎকারণ ঈশ্বর বলা যায়।

তিনি সমস্ত অজ্ঞানের প্রকাশক, এই হেতু তাঁহাকে সর্ব্বজ্ঞ বলা যায়.। এ বিষয়ে শ্রুতিপ্রমাণ আছে যে, "যিনি সামান্য ও বিশেষ-রূপে সমুদায় বিদিত হইতেছেন, যিনি অন্তর্যামী, যিনি সকলের অন্তরাত্মা, তিনিই মহেশ্বর" ॥ ৩৫ ॥

অস্যেয়ং সমষ্টিরখিলকারকত্বাৎ কারণশরীরং, আনন্দ-প্রচুরত্বাৎ কোষবদাচ্ছাদকত্বাচ্চানন্দময়কোষঃ, সর্ব্বোপরম-ত্বাৎ সুষুপ্তিঃ, অতএব স্থূলসূক্ষ্মপ্রপঞ্চ-লয়স্থানমিতি চোচ্যতে। যথা বনস্য ব্যষ্ট্যভিপ্রায়েণ বৃক্ষা ইত্যনেকত্ব-ব্যপদেশঃ, যথা বা জলাশয়স্য ব্যষ্ট্যভিপ্রায়েণ জলানি ইতি, তথা অজ্ঞানস্য ব্যষ্ট্যভিপ্রায়েণ তদনেকত্বব্যপদেশঃ। "ইন্দ্রো মায়াভিঃ পুরুরূপ ঈয়তে" (ঋগ্বেদ ৬। ৪৭। ১৮) ইত্যাদিশ্রুতেঃ ॥ ৩৬ ॥

টীকা।—ইদানীং তস্যৈবেশ্বরস্য সমুদায়োপাধিরেব কারণশরীরত্ব-মানন্দময়কোষত্বং সুষুপ্ত্যবস্থাবৈশিষ্ট্যঞ্চ লভতে ইত্যাহ—অস্যেয়মিতি।

কারণশরীরত্বে হেতুমাহ—অখিলেতি।

আনন্দময়ত্বে হেতুমাহ—আনন্দপ্রচুরত্বাদিতি। কারণত্বাবস্থায়াং প্রকৃতি-পুরুষমাত্রব্যতিরিক্তস্য স্থূলসূক্ষ্মকার্য্যপ্রপঞ্চস্যৈবাভাবাদানন্দবাহুল্যমিতি।

কোষত্বে যুক্তিমাহ—আচ্ছাদকত্বাদিতি। শরীরাচ্ছাদকচর্ম্মবৎ আত্মাচ্ছাদ-কত্বাদজ্ঞানস্য কোষ ইতি ব্যবহারঃ।

নন্থ তথাঽপি কারণত্বোপাধেরজ্ঞানস্য সুষুপ্তিত্বং কুতঃ? ইত্যত আহ—

সর্ব্বোপরমত্বাদিতি। সর্ব্বস্ত স্থূলসূক্ষ্মোপাধেঃ কারণোপাধৌ লীনত্বাৎ সুষুপ্তিত্ব-মিত্যর্থঃ। নমু স্থূলসূক্ষ্মপ্রপঞ্চ-লয়স্থানস্ত কথং সুষুপ্তিত্বম্? ইত্যাশঙ্ক্য সংজ্ঞাভেদো ন বস্তুভেদ ইত্যাহ—অত এবেতি। যতঃ কারণাৎ সুষুপ্তিত্বম্ অত এব পঞ্চীকৃতভূতকার্য্যস্থূলপ্রপঞ্চস্ত জাগ্রদবস্থাবিশিষ্টস্তাপঞ্চীকৃতভূত-কার্য্যস্ত সূক্ষ্মস্বাপ্নপ্রপঞ্চস্ত লয়স্থানমিত্যপি ব্যবহ্রিয়তে ইত্যর্থঃ।

সমষ্টিরূপাজ্ঞানং সপ্রপঞ্চং নিরূপ্যেদানীং ব্যষ্টিরূপমজ্ঞানং সপ্রপঞ্চং নিরূপয়িতুং দৃষ্টান্তৌ তাবদ্দর্শয়তি—যথা বনস্তেতি। যথা বহুবৃক্ষসমুদায়স্ত বনরূপত্বেনৈকত্ব-ব্যবহারেঽপি প্রত্যেকবৃক্ষবিবক্ষয়া চূতাদয়ো বহবো বৃক্ষাস্তিষ্ঠন্তীতি বহুত্ব-ব্যবহারঃ, যথা বা বাপীকূপতড়াগাদিষু সমুদায়বিবক্ষয়া জলাশয় ইত্যেকত্ব-ব্যবহারেঽপি প্রত্যেকং বাপ্যাদিবিবক্ষয়া বহূনি জলানি তিষ্ঠন্তীতি বহুত্বব্যব-হারঃ, তথা সকলপ্রপঞ্চকারণস্তাজ্ঞানস্ত সমুদায়রূপেণৈকত্বেঽপি অহঙ্কারাদি-কারণীভূতানাং জীবগতাজ্ঞানানাং প্রত্যেকবিবক্ষয়া বহুত্বব্যবহার ইত্যর্থঃ।

অস্মিন্নর্থে শ্রুতিং প্রমাণয়তি—ইন্দ্র ইতি ॥ ৩৬ ॥

অনুবাদ।- ঈশ্বরের উপাধিরূপ এই অজ্ঞানসমষ্টিই সমগ্র জগৎপ্রপঞ্চের কারণ বলিয়া ইহাকে কারণশরীর কহে। আনন্দ-প্রচুর এবং কোষের ন্যায় আবরক বলিয়া ইহা আনন্দময় কোষ শব্দে কথিত হইয়া থাকে। স্থূল সূক্ষ্ম ইত্যাদি উপাধিবিশিষ্ট সর্ব্ববিধ প্রপঞ্চ ইহাতেই বিলীন হয় বলিয়া ইহা সুষুপ্তি, মহাসুষুপ্তি বা প্রলয় শব্দে অভিহিত হয়, অত এব স্থূল সূক্ষ্ম যাবতীয় জগৎ-প্রপঞ্চের বিলয়স্থান এই নামেও কথিত হয়। যেমন বহুবৃক্ষযুক্ত স্থানকে সমষ্টি অভিপ্রায়ে প্রয়োগ করিতে হইলে একমাত্র "বন" এই শব্দ দ্বারাই ঐ অভিপ্রায় সিদ্ধ হয়, এইরূপ বনশব্দকেও ব্যষ্টির

অভিপ্রায়ে প্রয়োগ করিতে হইলে "বহু বৃক্ষ" এই শব্দ ব্যবহৃত হয়, কিংবা যেরূপ জলসমূহের সমষ্টি অভিপ্রায়ে এক "জলাশয়" এই শব্দ ও ব্যষ্টি অভিপ্রায়ে "নদ নদী তড়াগ কূপ" ইত্যাদি বহু শব্দ ব্যবহৃত হয়, তদ্রূপ অজ্ঞানেরও সমষ্টি অভিপ্রায়ে একত্ব ও ব্যষ্টি অভিপ্রায়ে প্রত্যেক জীবাশ্রিত অজ্ঞানসমূহ এই বহু অর্থে ব্যবহৃত হয়। শ্রুতিও আছে যে, "ইন্দ্র অর্থাৎ ষড়ৈশ্বর্য্যশালী এক পরমেশ্বর মায়াসমূহ দ্বারা বহুরূপে প্রকাশিত হন অর্থাৎ মায়ার বিক্ষেপশক্তি দ্বারা বিক্ষিপ্ত হইয়া অনেকরূপ দেহ, ইন্দ্রিয় ও অন্তঃকরণসমূহে প্রতিফলিত হইয়া প্রকাশমান হন" ইত্যাদি ॥ ৩৬ ॥

অত্র সমস্তব্যস্তব্যাপিত্বেন সমষ্টিব্যষ্টিতাব্যপদেশঃ। ইয়ং ব্যষ্টির্নিকৃষ্টোপাধিতয়া মলিনসত্ত্বপ্রধানা। এতদুপহিত-চৈতন্যমল্পজ্ঞত্বানীশ্বরত্বাদিগুণকং প্রাজ্ঞ ইত্যুচ্যতে, এক-জ্ঞানাবভাসকত্বাৎ ॥ ৩৭ ॥

টীকা।—নন্বু তথাঽপি একস্যৈবাজ্ঞানস্য তদবচ্ছিন্নচৈতন্যস্য বা ব্যষ্টি-সমষ্টিতা কুতঃ? ইত্যত আহ—অত্র সমস্তেতি। ভেদবিবক্ষয়া ব্যষ্টিত্বং মৃদ্ঘটাদিবৎ, অভেদবিবক্ষয়া চ সমষ্টিত্বং মৃৎপিণ্ডবদিত্যর্থঃ।

তত্র মহাপ্রলয়কালীনসমষ্টিভূতবিশুদ্ধসত্ত্বপ্রধানায়াঃ মূলপ্রকৃতেঃ সকাশাৎ দৈনন্দিনপ্রলয়কালীনব্যষ্ট্যুপাধিভূতজীবপ্রকৃতেঃ ভেদং দর্শয়তি—ইয়ং ব্যষ্টি-রিতি। ইয়ং জীবগতা সুষুপ্ত্যবস্থাপন্নাহঙ্কারাদিবিক্ষেপসংস্কারাদিরূপা নিকৃষ্টোপাধিত্বেন মলিনসত্ত্বপ্রধানা ইত্যর্থঃ।

অনেনোপাধিনা প্রাজ্ঞচৈতন্যং লক্ষয়তি—এতদুপহিতেতি।

অনুবাদ।—ঘট ও মৃত্তিকা প্রকৃতপ্রস্তাবে অভিন্ন বস্তু হইলেও যেমন কার্য্যকারণভাবনিবন্ধন পরস্পর ভিন্ন বস্তু বলিয়া অভিহিত হয়, সেইরূপ এই অজ্ঞানেও কার্য্যোপাধিক জীবব্যাপকতানিবন্ধন সমষ্টিব্যবহার এবং প্রত্যেক জীবগত ভেদ-বিবক্ষা দ্বারা ব্যষ্টিরূপে ব্যবহার হইয়া থাকে। এই মহাপ্রলয়কালীন সমষ্টিভূত বিশুদ্ধসত্ত্বপ্রধান মূলপ্রকৃতি হইতে দৈনন্দিন প্রলয়কালীন ব্যষ্টিভূত জীবপ্রকৃতির ভেদ প্রদর্শিত হইতেছে। এই অজ্ঞান ব্যষ্টিভাবে নিকৃষ্টোপাধিক হইলেই মলিনসত্ত্বপ্রধান হয়; অর্থাৎ জ্ঞানপ্রতিবন্ধককারণবিশিষ্ট জীব নিকৃষ্টশব্দে কথিত হইয়া থাকে। এই অজ্ঞান যখন ব্যষ্টিভাবে প্রতি জীবগত হয়, তখন রজোগুণ ও তমোগুণ দ্বারা আক্রান্ত হয়; সুতরাং মলিনসত্ত্বগুণই তাহার প্রধান হয়। সত্ত্বগুণেই চৈতন্যের প্রতিবিম্ব হয়। রজোগুণ ও তমোগুণ অস্বচ্ছতা বশতঃ চৈতন্যপ্রতিবিম্বগ্রহণে সমর্থ হয় না। বিশুদ্ধসত্ত্বে প্রতিফলিত চৈতন্য ঈশ্বরশব্দবাচ্য এবং মলিনসত্ত্বে প্রতিফলিত চৈতন্য জীবশব্দবাচ্য। এই মলিনসত্ত্বপ্রধান অজ্ঞানে প্রতিফলিত চৈতন্যই অল্পজ্ঞতা, অনীশ্বরতা ইত্যাদি নিকৃষ্ট গুণ-বিশিষ্ট প্রাজ্ঞ বলিয়া কীর্ত্তিত হয়েন; কারণ, ইহা একই অজ্ঞানের প্রকাশক ॥ ৩৭ ॥

একাজ্ঞানাবভাসকত্বাৎ অস্য প্রাজ্ঞত্বং, অস্পষ্টোপাধি-তয়াহনতিপ্রকাশকত্বম্। অস্যাপীয়মহঙ্কারাদিকারণত্বাৎ কারণশরীরম্, আনন্দপ্রচুরত্বাৎ কোশবদাচ্ছাদকত্বাচ্চ

আনন্দময়কোষঃ, সর্ব্বোপরমত্বাৎ সুষুপ্তিঃ; অত এব স্থূলসূক্ষ্মশরীরপ্রপঞ্চ-লয়স্থানমিতি চোচ্যতে ॥ ৩৮ ॥

টীকা।—অত্রোপপত্তিমাহ—এতেতি। ঈশ্বরগতমূলাজ্ঞানস্য জীবগতাহঙ্কারাদিবিক্ষেপসংস্কারাদিরূপাজ্ঞানস্য চ বস্তুত একত্বেন তদবভাসকেশ্বরজীবচৈতন্যয়োরপ্যেকত্বমিত্যর্থঃ। সৌষুপ্তজীবচৈতন্যস্য প্রাজ্ঞত্বং সাধয়তি—অস্য প্রাজ্ঞত্বমিতি। সংস্কাররূপাস্পষ্টোপাধিতয়া তদাবৃতত্বেনাতি প্রকাশকত্বাভাবাৎ প্রাজ্ঞত্বমস্যেত্যর্থঃ।

যথা জগৎকারণেশ্বরোপাধেঃ কারণশরীরত্বমানন্দপ্রচুরত্বেন চানন্দময়ত্বং কোষদৃষ্টান্তেন কোষত্বং, তথৈতৎ সর্ব্বং তারতম্যেন প্রাজ্ঞচৈতন্যেঽপ্যতিদিশতি—অহঙ্কারাদীতি। প্রলয়কালে হিরণ্যগর্ভাদিপ্রপঞ্চোৎপাদকেশ্বরগতমূলপ্রকৃতিবৎ সুষুপ্তিকালে অহঙ্কারাদি-শরীরোৎপাদকসংস্কারমাত্রাবশিষ্ট-জীবগতাজ্ঞানস্যাপি কারণ-শরীরত্বং ইন্দ্রিয়তদ্বিষয়াভাবেন ব্যাসঙ্গাভাবাদানন্দবাহুল্যাদানন্দময়ত্বং আচ্ছাদকত্বাৎ কোষত্বঞ্চ যুক্তমিতি ভাবঃ।

নন্থ স্থূলসূক্ষ্মশরীরে লয়স্থানস্য কথং সুষুপ্তিশব্দবাচ্যত্বম্? ইত্যাশঙ্ক্য পূর্ব্ববৎ সংজ্ঞাভেদো ন বস্তুভেদ ইতি বক্তুং তত্র যুক্তিমাহ—সর্ব্বোপরমত্বাদিতি। পঞ্চীকৃতস্থূলশরীরস্য ব্যাবহারিকস্যাপঞ্চীকৃতসূক্ষ্মশরীরে প্রাতিভাসিকে প্রবিলাপিতত্বাৎ তস্যাপি প্রাতিভাসিকস্য স্বাপ্নপ্রপঞ্চস্য স্বকারণেঽজ্ঞানে লীনত্বাৎ সর্ব্বোপরতিরিত্যর্থঃ। তথা চোক্তম্,—"লয়ে ফেনস্য তদ্ধর্ম্মা দ্রবাদ্যাঃ স্যুস্তরঙ্গকে। তস্যাপি বিলয়ে নীরে তিষ্ঠন্ত্যেতে যথা পুরা॥ ব্যাবহারিকদেহস্য লয়ঃ স্যাৎ প্রাতিভাসিকে। তল্লয়ে সচ্চিদানন্দাঃ পর্য্যবস্যন্তি সাক্ষিণি॥" (বাক্যসুধা ৬৬।৪৭) ইতি॥ ৩৮॥

অনুবাদ।—প্রাজ্ঞ শব্দের অর্থ প্র—অজ্ঞ অর্থাৎ প্রায় অজ্ঞ। জীব ঈশ্বরের ন্যায় সকল অজ্ঞানের প্রকাশক নহেন। ইনি অস্পষ্টোপাধি বশতঃ (রজোগুণ ও তমোগুণে অভিভূত মলিনসত্ত্বগুণপ্রধানতা নিবন্ধন) ঈশ্বরের ন্যায় সম্পূর্ণ প্রকাশক নহেন; সুতরাং ইঁহাকে প্রাজ্ঞ বলে। ঈশ্বরোপাধিক শুদ্ধসত্ত্বপ্রধান অজ্ঞানসমষ্টি যে প্রকার নিখিল জগৎ-প্রপঞ্চের কারণ বলিয়া কারণদেহ শব্দে এবং আনন্দপ্রচুরতাবশতঃ ও কোষের ন্যায় আবরকতা বশতঃ আনন্দময় কোষ শব্দে আর আকাশাদি সকলের বিলয়স্থান বলিয়া সুষুপ্তি শব্দে কথিত হইয়া থাকে, তদ্রূপ মলিন-সত্ত্বপ্রধান জীবগত অজ্ঞানও সুষুপ্তিসময়ে সংস্কারমাত্রাবশিষ্ট অহঙ্কারাদির কারণ বলিয়া কারণশরীর শব্দে এবং আনন্দ-প্রচুরতা বশতঃ ও কোষের ন্যায় আচ্ছাদকতা হেতু আনন্দময় কোষ শব্দে আর ইন্দ্রিয় ও বিষয়সকলের বিলয়স্থান বলিয়া সুষুপ্তি শব্দে কথিত হয়। অতএব এই মলিনসত্ত্বপ্রধান অজ্ঞানই স্থূল-সূক্ষ্ম-শরীরপ্রপঞ্চের বিলয়স্থান বলিয়া নির্দ্দিষ্ট হইয়া থাকে ॥ ৩৮ ॥

তদানীমেতাবীশ্বরপ্রাজ্ঞৌ চৈতন্যপ্রদীপ্তাভিরতিসূক্ষ্মা-ভিরজ্ঞানবৃত্তিভিরানন্দমনুভবতঃ "আনন্দভুক্ চেতোমুখঃ প্রাজ্ঞঃ" (মাণ্ডু০ উপ০৫) ইতি শ্রুতেঃ, "সুখমহমস্বাপ্সং ন কিঞ্চিদবেদিষম্" ইত্যুত্থিতস্য পরামর্শোপপত্তেশ্চ ॥ ৩৯ ॥

টীকা।—নন্থ প্রলয়কালে সুষুপ্তিকালে চান্তঃকরণতদ্‌বৃত্ত্যভাবে-নানন্দগ্রাহকাভাবাদানন্দ-প্রাচুর্য্যসদ্ভাবে প্রমাণাভাবমাশঙ্ক্য পরিহরতি—

তদানীমিতি। যথা স্বচ্ছত্বেনান্তঃকরণস্য বৃত্তিরঙ্গীক্রিয়তে, তথা চৈতন্য-প্রদীপ্তাজ্ঞানস্যাপি সূক্ষ্মা বৃত্তয়ঃ স্বীক্রিয়ন্তে, তথা চেশ্বরঃ স্বকীয়াজ্ঞান-বৃত্তিভিঃ স্বানন্দবাহুল্যং অনুভবতি, জীবোঽপি সংস্কারমাত্রাবশিষ্টাজ্ঞান-বৃত্তিভিঃ স্বানন্দবাহুল্যং তারতম্যেন অনুভবতি ইতি ভাবঃ।

অত্রৈবোপষ্টম্ভকত্বেন শ্রুতিমবতারয়তি—আনন্দভুগিতি।

উত্তরকালীন-সুখপরামর্শোপপত্তিরপি পূর্ব্বানুভূত-সুখবাহুল্যানুভব-সদ্ভাবে প্রমাণমিত্যাহ—সুখমহমিতি। সুখমহমস্বাপ্সমিত্যানন্দ-পরামর্শঃ; ন কিঞ্চিদবেদিষমিত্যজ্ঞানপরামর্শঃ; তথা চ সুষুপ্তিদশায়াং প্রলয়কালে চ প্রাজ্ঞেশ্বরাবজ্ঞানবৃত্তিভিরানন্দমনুভবত এবেত্যর্থঃ॥ ৩৯॥

অনুবাদ।—সুষুপ্তি অবস্থাতে ঈশ্বর ও প্রাজ্ঞ অর্থাৎ জীব সংস্কারমাত্রাবশিষ্ট চৈতন্যপ্রদীপ্ত অতিসূক্ষ্ম অজ্ঞানবৃত্তি দ্বারা আনন্দবোধ করিয়া থাকেন। শ্রুতিতে লিখিত আছে যে, "চৈতন্যরূপমুখবিশিষ্ট ঈশ্বর ও প্রাজ্ঞ আনন্দভোগী হন। সুষুপ্তির পর উত্থিত ব্যক্তির সুষুপ্তিকালীন সুখপরামর্শবিষয়ে শ্রুতি আছে যে, "আমি সুখে নিদ্রা গিয়াছিলাম, তখন কিছুই অবগত হইতে পারি নাই।" আমি সুখে নিদ্রা গিয়াছিলাম, এই বচন দ্বারা আনন্দের পরামর্শ অর্থাৎ জ্ঞান হইল॥ ৩৯॥

অনয়োঃ সমষ্টিব্যষ্ট্যোর্ব্বনবৃক্ষয়োরিব জলাশয়-জলয়োরিব চাভেদঃ। এতদুপাহিতয়োরীশ্বরপ্রাজ্ঞয়োরপি বন-বৃক্ষাবচ্ছিন্নাকাশয়োরিব জলাশয়-জলতদ্গতপ্রতিবিম্বা-কাশয়োরিব চাভেদঃ। "এষঃ সর্ব্বেশ্বর এষঃ সর্ব্বজ্ঞ

এষোঽন্তর্যাম্যেষ যোনিঃ সর্ব্বস্য প্রভবাপ্যয়ৌ হি ভূতানাম্” (মাণ্ডু০ উপ০ ৬) ইত্যাদি শ্রুতেঃ ॥ ৪০ ॥

টীকা।—ইদানীমীশ্বরগতমূলাজ্ঞানস্য জীবগতসংস্কারমাত্রাবশিষ্টাজ্ঞানস্য চ সমষ্টিব্যষ্ট্যভিপ্রায়েণ ভেদভানেঽপি বস্তুতো ভেদো নাস্তীত্যেতৎ সদৃষ্টান্তমাহ—অনয়োরিতি।

উক্তোপাধিদ্বয়দ্বারেণেশ্বরপ্রাজ্ঞয়োরপ্যভেদং দৃষ্টান্তমুখেন দর্শয়তি—এতদুপহিতয়োরিতি।

ঈশ্বরস্য বনাবচ্ছিন্নাকাশবৎ প্রাজ্ঞস্য বৃক্ষাবচ্ছিন্নাকাশবৎ তথা জলাশয়-জলোপাধ্যবচ্ছিন্নাকাশবৎ তদগ প্রতিবিম্বাকাশবচ্চ কারণোপাধ্যবচ্ছিন্নে-শ্বরস্য কার্য্যোপাধ্যবচ্ছিন্নপ্রাজ্ঞস্য চ বস্তুতোঽভেদ এবেত্যর্থঃ।

তত্র প্রমাণমাহ—এষ ইতি। তথা চোক্তমাচার্য্যৈঃ,—“কার্য্যোপাধিরয়ং জীবঃ কারণোপাধিরীশ্বরঃ। কার্য্যকারণতাং হিত্বা পূর্ণবোধোঽবশিষ্যতে ॥” (অনুভূতিপ্রকাশ ১০।৬১) ইতি ॥ ৪০ ॥

অনুবাদ।—বন ও বৃক্ষে যেমন কোন ভেদ নাই, জলাশয় ও জলে যেমন ভেদ নাই, তদ্রূপ অজ্ঞানের এই সমষ্টি-ব্যষ্টিতেও ভেদ নাই অর্থাৎ ঈশ্বরে অবস্থিত মূল অজ্ঞান এবং জীবে অবস্থিত সংস্কারমাত্রাবশিষ্ট অজ্ঞান এই দুইটির পরস্পর সমষ্টি-ব্যষ্টিভাব বশতঃ বনের সহিত তরুর ন্যায় এবং জলাশয়ের সহিত জলের ন্যায় বাস্তবিক প্রভেদ নাই। এই অজ্ঞানাচ্ছন্ন চৈতন্য ঈশ্বর ও জীবের আপাততঃ ভেদজ্ঞান হইলেও ফলে পরস্পর কোন পার্থক্য নাই। ঈশ্বর বনব্যাপী গগনের ন্যায় সমষ্টি, প্রাজ্ঞ অর্থাৎ জীব বনান্তর্গত তরুব্যাপী গগনবৎ ব্যষ্টি; ঈশ্বর জলাশয়ব্যাপী

প্রতিবিম্বিত আকাশের ন্যায় সমষ্টি, জীব জলাশয়ান্তর্গত জলব্যাপী প্রতিবিম্বিত আকাশের ন্যায় ব্যষ্টি; সুতরাং জীব ও ঈশ্বরে পার্থক্য দৃষ্ট হয় না। শ্রুতিতে লিখিত আছে যে, "ইনি সকলের ঈশ্বর, ইনি সর্ব্বজ্ঞ, ইনি অন্তর্য্যামী, ইনি সকলের উৎপত্তিস্থল এবং ইনিই সর্ব্বভূতের উৎপত্তি ও নাশের হেতু" ॥ ৪০ ॥

বনবৃক্ষতদবচ্ছিন্নাকাশয়োর্জ্জলাশয়জল-তদ্গতপ্রতিবিম্বাকাশয়োর্ব্বা আধারভূতানুপহিতাকাশবদনয়োরজ্ঞানতদুপহিত-চৈতন্যয়োরাধারভূতং যদনুপহিতং চৈতন্যং তত্তুরীয়মিত্যুচ্যতে। "শান্তং শিবমদ্বৈতং চতুর্থং মন্যন্তে স আত্মা স বিজ্ঞেয়ঃ" (মাণ্ডু০ উ০ ৭) ইত্যাদি শ্রুতেঃ ॥ ৪১ ॥

টীকা।—উপাধিদ্বয়াবচ্ছিন্নৌ প্রাজ্ঞেশ্বরৌ সপ্রপঞ্চং নিরূপ্য ইদানীং অনবচ্ছিন্নং তুরীয়ং যৎ চৈতন্যং তৎ লক্ষয়তি—বনবৃক্ষেত্যাদি। যথা স্থূলবনোপাধ্যবচ্ছিন্নাকাশাপেক্ষয়া সূক্ষ্মবৃক্ষোপাধ্যবচ্ছিন্নাকাশাপেক্ষয়া চ মহাকাশস্য তদুভয়াধারতয়া অনবচ্ছিন্নত্বাচ্চ তুরীয়ত্বং, তথা কার্য্যকারণোপাধিতদবচ্ছিন্নচৈতন্যদ্বয়াপেক্ষয়া তদাধারভূতং যদনবচ্ছিন্নং সর্ব্বব্যাপি চৈতন্যং বিশুদ্ধং তুরীয়মুচ্যতে ইত্যর্থঃ। অস্য চৈতন্যস্য তুরীয়ত্বং বক্ষ্যমাণবিশ্বাদ্যপেক্ষয়া দ্রষ্টব্যম্।

অস্মিন্নর্থে শ্রুতিং সংবাদয়তি—শান্তমিতি ॥ ৪১ ॥

অনুবাদ।—বন ও বৃক্ষ, বনাকাশ ও বৃক্ষাকাশ, জলাশয় ও জল, জলাশয়প্রতিবিম্বিতাকাশ ও জলপ্রতিবিম্বিতাকাশ এই সকলের আধারস্বরূপ উন্মুক্ত আকাশের ন্যায় এই সমষ্টি ও ব্যষ্টিভূত অজ্ঞান ও অজ্ঞানাচ্ছন্ন ঈশ্বর-চৈতন্য ও প্রাজ্ঞ-চৈতন্যের আধারস্বরূপ যে অনাবৃত বা স্বপ্রকাশ সর্ব্বব্যাপী বিশুদ্ধ চৈতন্য, তাহাকে তুরীয় চৈতন্য কহে। শ্রুতি আছে যে, "যিনি মঙ্গলময়, শান্ত, অদ্বৈত ও চতুর্থ বলিয়া বিবেচিত হন, তিনিই আত্মা এবং তিনিই জ্ঞাতব্য।" ॥ ৪১ ॥

ইদমেব তুরীয়ং শুদ্ধচৈতন্যং অজ্ঞানাদি-তদুপহিত-চৈতন্যাভ্যাং তপ্তায়ঃপিণ্ডবদবিবিক্তং সন্মহাবাক্যস্য বাচ্যং, বিবিক্তং সল্লক্ষ্যমিত্যুচ্যতে ॥ ৪২ ॥

টীকা।—এতদেব বিশুদ্ধচৈতন্যং তদেব পূর্ব্বোক্তচৈতন্যদ্বয়েন সহ ঐক্যবিবক্ষায়াং মহাবাক্যস্য বাচ্যত্বং লভতে, ভেদবিবক্ষায়াঞ্চ লক্ষ্যত্বং লভতে ইত্যাহ—ইদমেবেতি। ত্রয়াণাং চৈতন্যানাং চৈতন্যেন রূপেণ একত্বেঽপি অবচ্ছিন্নানবচ্ছিন্নত্বেন রূপেণ বাচ্যত্বলক্ষ্যত্বে সম্ভবত ইতি ভাবঃ ॥ ৪২ ॥

অনুবাদ।—এই বিশুদ্ধ তুরীয়-চৈতন্যই উত্তপ্ত লৌহপিণ্ডের ন্যায় অজ্ঞান প্রভৃতি ও সেই অজ্ঞান প্রভৃতি দ্বারা আক্রান্ত ঈশ্বর-চৈতন্য ও প্রাজ্ঞচৈতন্যের সহিত একীভূতভাবে "তুমিই ব্রহ্ম" এই মহাবাক্যের বাচ্য ও পৃথক্‌ভাবে লক্ষ্য হন, এইরূপ উক্ত হয়, অর্থাৎ তপ্তলৌহে হাত দগ্ধ হইল, এই কথা বলিলে যেরূপ লৌহ ও লৌহগত অগ্নি ঐ কথার বাচ্য অর্থ হয় এবং দাহকতাশক্তিযুক্ত

শুদ্ধ অগ্নিই লক্ষ্য অর্থ হয়, তদ্রূপ, "তৎ ত্বমসি" (তুমি সেই চৈতন্য) এই মহাবাক্যের বাচ্য অর্থ অজ্ঞানাদি ও তদুপহিত চৈতন্য এবং লক্ষ্য অর্থ অনুপহিত শুদ্ধচৈতন্য হইতেছে। এখানে অজ্ঞানাদি কেবল লৌহের ন্যায়, অজ্ঞানে উপহিত চৈতন্য বহ্নি-সন্তপ্ত লৌহের ন্যায় এবং তুরীয় শুদ্ধচৈতন্য শুদ্ধ বহ্নির তুল্য ॥ ৪২ ॥

অস্যাজ্ঞানস্যাবরণবিক্ষেপনামকং শক্তিদ্বয়মস্তি ॥ ৪৩ ॥

টীকা।—ইদানীং স্বপ্রকাশচিদ্রূপস্যাত্মনঃ কথং কুণ্ঠিতপ্রকাশত্বম্? কথং বা অসঙ্গোদাসীনস্যাত্মনঃ আকাশাদি-প্রপঞ্চজনকত্বম্? ইত্যেতন্মহা-বিরোধপরিহারায়াজ্ঞানস্য শক্তিদ্বয়ং নিরূপয়তি—অস্যাজ্ঞানস্যেতি।

তে এব নামতো নির্দ্দিশতি—আবরণবিক্ষেপনামকমিতি। আবরণ-শক্তিস্তাবৎ সচ্চিদানন্দস্বরূপমাবৃণোতীত্যাবরণশক্তিঃ; বিক্ষেপশক্তিস্তাবৎ ব্রহ্মাদিস্থাবরান্তং জগৎ জলবুদ্‌বুদবন্নামরূপাত্মকং বিক্ষিপতি সৃজতীতি বিক্ষেপশক্তিঃ ইতি শক্তিদ্বয়মজ্ঞানস্যেত্যর্থঃ ॥ ৪৩ ॥

অনুবাদ।—এই অজ্ঞানের আবরণ ও বিক্ষেপ নামে অর্থাৎ আবরণ ও বিক্ষেপের অনুকূল দুইটি শক্তি আছে, তন্মধ্যে আবরণশক্তি সচ্চিদানন্দের স্বরূপকে আচ্ছাদন করে এবং বিক্ষেপ-শক্তি জলবুদ্‌বুদের ন্যায় আব্রহ্মস্তম্বপর্য্যন্ত নামরূপাত্মক এই মিথ্যা সংসারের সৃষ্টি করিতেছে ॥ ৪৩ ॥

আবরণশক্তিস্তাবৎ—অল্পোঽপি মেঘোঽনেকযোজ-নায়তমাদিত্যমণ্ডলমবলোকয়িতৃ-নয়ন-পথপিধায়কতয়া যথা

আচ্ছাদয়তীব, তথাঽজ্ঞানং পরিচ্ছিন্নমপ্যাত্মানমপরিচ্ছিন্নম-সংসারিণমবলোকয়িতৃবুদ্ধিপিধায়কতয়াচ্ছাদয়তীব তাদৃশং সামর্থ্যম্। তদুক্তম্—"ঘনচ্ছন্নদৃষ্টির্ঘনচ্ছন্নমর্কং যথা নিষ্প্রভম্মন্যতে চাতিমূঢ়ঃ। তথা বদ্ধবদ্ভাতি যো মূঢ়দৃষ্টেঃ স নিত্যোপলব্ধিস্বরূপোঽহমাত্মা॥" (হস্তামলক০ ১০ শ্লো০) ইতি। অনয়াবৃতস্যাত্মনঃ কর্ত্তৃত্বভোক্তৃত্বসুখিত্ব-দুঃখিত্বাদিসংসারসম্ভাবনাঽপি ভবতি। যথা স্বাজ্ঞানে-নাবৃতায়াং রজ্জ্বাং সর্পত্বসম্ভাবনা॥ ৪৪॥

টীকা। নন্বপরিচ্ছিন্নস্য স্বপ্রকাশচিদ্রূপাখণ্ডপরিপূর্ণস্বরূপস্যাত্মনঃ পরি-চ্ছিন্নেনানিত্যেন জড়তমোরূপেণাব্যাপকেনাজ্ঞানশক্তিবিশেষেণ কথমাবরণম্? ইত্যাশঙ্ক্য বস্তুতোঽজ্ঞানস্যাত্মাচ্ছাদকত্বাভাবেঽপি প্রমাতৃবুদ্ধিমাত্রাচ্ছাদকত্বে-নাজ্ঞানস্য আচ্ছাদকত্বমুপচারাদুচ্যতে ইত্যাহ—আবরণশক্তিস্তাবদিতি। যথা অল্পোঽপি মেঘোঽনেকযোজনবিস্তীর্ণমাদিত্যমণ্ডলমবলোকয়িতৃপুরুষদৃষ্টি-মাত্রাচ্ছাদকত্বেন আচ্ছাদয়তীব, তথা অজ্ঞানং পরিচ্ছিন্নমপ্যপরিচ্ছিন্নমাত্মানম-সংসারিণমবলোকয়িতৃবুদ্ধিপিধায়কত্বেনাচ্ছাদয়তীত্যুপচারাদুচ্যতে ইত্যর্থঃ।

অস্মিন্নর্থে বৃদ্ধসম্মতিমাহ—তদুক্তমিত্যাদি। ইয়মাবরণশক্তিরাত্মনো ভেদবুদ্ধিজনকত্বেন সংসারহেতুরিতি ভাবঃ।

অত্রানুরূপং দৃষ্টান্তমাহ—যথা স্বাজ্ঞানেনেতি॥ ৪৪॥

অনুবাদ।—আবরণশক্তি কি, তাহা বলিতেছেন—চৈতন্য অপরিচ্ছিন্ন অখণ্ড, স্বপ্রকাশ ও পরিপূর্ণস্বরূপ; তাঁহাকে পরি-চ্ছিন্ন, অনিত্য, জড়স্বরূপ, অব্যাপক, অজ্ঞানশক্তিবিশেষ কি

প্রকারে আচ্ছাদন করিতে পারে? এই আশঙ্কায় বলিতেছেন।—এক খণ্ড ক্ষুদ্র মেঘ কোটি কোটি যোজনবিস্তীর্ণ দিবাকরকে কদাচ আবরণ করিতে পারে না সত্য, কিন্তু ঐ মেঘ দর্শকের চক্ষু আবরণ করে বলিয়াই বোধ হয় যেন সুবিস্তীর্ণ দিনমণিকে আবরণ করিল; এই প্রকার অজ্ঞান পরিচ্ছিন্ন হইয়াও অবলোকনকারীর বুদ্ধিকে আবরণ করাতে বোধ হয় যেন অপরিচ্ছিন্ন অসংসারী আত্মাকেই আচ্ছাদন করিয়া রাখিয়াছে। অজ্ঞানের সামর্থ্যই এইরূপ। প্রাচীন সুধীগণ বলেন যে, "মূঢ় ব্যক্তি মেঘ দ্বারা দৃষ্টি আবৃত হওয়ায় সূর্য্যকেই মেঘাবৃত ও নিষ্প্রভ বলিয়া যেরূপ মনে করে, তদ্রূপ অজ্ঞান দ্বারা আচ্ছন্নদৃষ্টিবিশিষ্ট ব্যক্তির নিকট যিনি বদ্ধ বলিয়া প্রতীত হন, আমি সেই নিত্য নির্লিপ্ত নির্গুণ নির্বিশেষ জ্ঞেয়স্বরূপ সচ্চিদানন্দ আত্মা।" যেরূপ অজ্ঞানাচ্ছন্নতা বশতই রজ্জুতে সর্পভ্রান্তির উৎপত্তি হয়, তদ্রূপ অজ্ঞানের আবরণশক্তি দ্বারা আত্মার স্বরূপ আচ্ছন্ন হওয়াতে জীব নিজেকে পৃথক্ মনে করিয়া "আমি কর্ত্তা, আমি ভোক্তা, আমি সুখী, আমি দুঃখী" ইত্যাদি অভিমান বশতঃ সংসারী হইতেছে॥ ৪৪॥

বিক্ষেপশক্তিস্তু—যথা রজ্জ্বজ্ঞানং স্বাবৃতরজ্জৌ স্বশক্ত্যা সর্পাদিকমুদ্ভাবয়তি, এবমজ্ঞানমপি স্বাবৃতাত্মনি স্বশক্ত্যা আকাশাদিপ্রপঞ্চমুদ্ভাবয়তি, তাদৃশং সামর্থ্যম্॥ ৪৫॥

টীকা।—যদুক্তমসঙ্গোদাসীনস্যাত্মনঃ কথং জগৎকারণত্বমিতি? তন্নিরাকর্ত্তুং বিক্ষেপশক্তিস্বরূপমাহ—বিক্ষেপশক্তিস্ত্বিতি। যথা রজ্জুবিষয়ক-

মজ্ঞানং সর্পমুৎপাদয়তি তথাহহত্মবিষয়কমজ্ঞানমপি স্বাবচ্ছিন্নে আত্মনি বিক্ষেপশক্তিপ্রভাবেণাকাশাদিপ্রপঞ্চমুৎপাদয়তীত্যর্থঃ ॥ ৪৫ ॥

অনুবাদ।—অধুনা বিক্ষেপশক্তি কি, তাহা বিবৃত হইতেছে। —রজ্জুবিষয়ক অজ্ঞানতা যেমন নিজ শক্তি দ্বারা ঐ অজ্ঞানাচ্ছন্ন রজ্জুতে সর্পাদিভ্রান্তি উৎপাদন করে, তদ্রূপ আত্মার আবরক অজ্ঞানও নিজশক্তিবলে ঐ অজ্ঞানাচ্ছন্ন আত্মাতে আকাশাদি জগৎপ্রপঞ্চ উৎপাদিত করিয়া থাকে, অজ্ঞানের শক্তিই এইরূপ এবং এইরূপ শক্তিকেই বিক্ষেপশক্তি বলে ॥ ৪৫ ॥

তদুক্তং "বিক্ষেপশক্তির্লিঙ্গাদিব্রহ্মাণ্ডান্তং জগৎ সৃজেৎ" (বাক্যসুধা ১৩) ইতি ॥ ৪৬ ॥

টীকা।—অস্মিন্নর্থে গ্রন্থান্তরসম্মতিং দর্শয়তি—তদুক্তমিতি ॥ ৪৬ ॥

অনুবাদ।—কথিত আছে, অজ্ঞানের বিক্ষেপশক্তিই পঞ্চতন্মাত্র সূক্ষ্মশরীর অবধি স্থূল ব্রহ্মাণ্ড পর্য্যন্ত সমুদয় জগৎ সৃষ্টি করিয়াছে ॥ ৪৬ ॥

শক্তিদ্বয়বদজ্ঞানোপহিতং চৈতন্যং স্বপ্রধানতয়া নিমিত্তং, স্বোপাধিপ্রধানতয়া উপাদানঞ্চ ভবতি, যথা লূতা তন্তুকার্য্যং প্রতি স্বপ্রধানতয়া নিমিত্তং, স্বশরীরপ্রধানতয়োপাদানঞ্চ ভবতি ॥ ৪৭ ॥

টীকা।—নমু কিমাত্মা চরাচরাত্মকপ্রপঞ্চস্য নিমিত্তকারণং উপাদানকারণং বা ? নাদ্যঃ, দণ্ডাদিবৎ স্বকার্য্যব্যাপিত্বং ন স্যাৎ আত্মনঃ "তৎ সৃষ্ট্বা তদেবানুপ্রাবিশৎ" (তৈত্তি० উপ० ২।৬) ইতি শ্রুত্যা স্বকার্য্যব্যাপিত্বশ্রবণাৎ। নাপি দ্বিতীয়ঃ, অচেতনস্য জড়স্য প্রপঞ্চস্য চৈতন্যোপাদানকত্বাসম্ভবাৎ। উপাদানত্বে চ কার্য্যকারণয়োরভেদেন প্রপঞ্চস্যাপি চৈতন্যরূপত্বপ্রসঙ্গাৎ অনিত্যত্বং ন স্যাদিত্যাশঙ্ক্য জড়প্রপঞ্চং প্রত্যাত্মনশ্চৈতন্যপ্রাধান্যেন নিমিত্তত্বং স্বাজ্ঞানপ্রাধান্যেনোপাদানত্বঞ্চ সম্ভবতীত্যাহ—শক্তিদ্বয়েতি। যথা অয়স্কান্তসন্নিধানে জড়মপি লোহং চেষ্টতে, তথা চৈতন্যসন্নিধানে জড়মজ্ঞানং চেষ্টতে ইত্যজ্ঞানবিকারং প্রতি চৈতন্যস্য নিমিত্তত্বং, জড়াকাশাদিকার্য্যং প্রতি মায়ায়াঃ সাক্ষাদুপাদানত্বেন মায়াবিন ঈশ্বরস্যাপি পরম্পরয়া উপচারাদুপাদানত্বং ন বিরুধ্যত ইত্যর্থঃ। যদুক্তং চৈতন্যস্য নিমিত্তকারণত্বে কার্য্যানুপ্রবেশো ন স্যাদিতি, তন্ন, কারণস্য কার্য্যানুপ্রবেশনিয়মস্য উপাদানকারণত্ববিষয়ত্বেন নিমিত্তকারণবিষয়ত্বাভাবাৎ, "তৎ সৃষ্ট্বা" ইত্যাদি শ্রুতেরপ্যুপাদানকারণপরত্বাৎ। যদপ্যুক্তং আত্মন উপাদান কারণত্বে প্রপঞ্চস্যানিত্যত্বং ন স্যাদিতি, তদপি ন, তস্য পরিণামবিষয়ত্বেন বিবর্ত্তবিষয়ত্বাভাবাৎ প্রপঞ্চস্য ব্রহ্মবিবর্ত্তত্বাৎ, বিবর্ত্তত্বঞ্চ স্বস্বরূপাপরিত্যাগেন স্বরূপান্তরপ্রদর্শকত্বম্। যথা রজ্জ্ববচ্ছিন্নচৈতন্যনিষ্ঠাজ্ঞানস্য রজ্জুস্বরূপাপরিত্যাগেন সর্পাদিস্বরূপান্তরপ্রদর্শকত্বং, তথেশ্বরচৈতন্যনিষ্ঠাজ্ঞানশক্তেরপি চৈতন্যস্বরূপাপরিত্যাগেন আকাশাদিস্বরূপান্তরাকারেণ প্রদর্শকত্বম্। এতাবতা আকাশাদিপ্রপঞ্চস্যাপি নিত্যত্বং ন সম্ভবতি, অজ্ঞানস্য মিথ্যারূপত্বেন তজ্জন্যাকাশাদিপ্রপঞ্চস্যাপি মিথ্যাত্বাৎ, ন চৈবমজ্ঞানস্যৈব মিথ্যাত্বে তৎপ্রযুক্তবন্ধমোক্ষয়োরপি মিথ্যাত্বপ্রসঙ্গ ইতি বাচ্যং, ইষ্টাপত্তেঃ। তদুক্তং ভাগবতে—"বদ্ধো মুক্ত ইতি ব্যাখ্যা গুণতো মে ন বস্তুতঃ। গুণস্য মায়ামূলত্বাৎ ন মে মোক্ষো ন বন্ধনম্॥" (১১।১১।১) ইতি।

অলমতিবিস্তরেণ। একস্যৈবাত্মনো নিমিত্তকারণত্বে উপাদানকারণত্বে চ দৃষ্টান্তমাহ—যথা লূতেতি। যথা লূতা স্বোৎপাদ্যমানং তন্তুলক্ষণং কার্য্যং প্রতি স্বচৈতন্যপ্রধানতয়া নিমিত্তং, চৈতন্যসন্নিধানব্যতিরেকেণ জড়স্য দেহস্য মৃত-দেহবৎ তন্তুজনকত্বাসম্ভবাৎ স্বশরীরপ্রধানাপেক্ষয়া উপাদানঞ্চ ভবতি, অশরীরস্য সাক্ষাৎ তন্তুজনকত্বাসম্ভবাৎ, শরীরস্য সাক্ষাৎ তন্তূপাদানত্বেন তদবচ্ছিন্নচৈতন্যস্যাপ্যুপাদানত্বমুপচারাৎ, এবমীশ্বরস্যাপি স্বচৈতন্যপ্রধানতয়া নিমিত্তত্বং স্বোপাধিপ্রধানতয়োপাদানত্বঞ্চ ভবতীত্যর্থঃ॥ ৪৭॥

অনুবাদ।—আবরণ ও বিক্ষেপ, এই শক্তিদ্বয়বিশিষ্ট অজ্ঞানোপহিত চৈতন্য, জগৎসৃষ্টিরূপ কার্য্যসম্পাদনে স্বয়ং প্রধান বলিয়া নিমিত্তকারণ এবং স্বীয় উপাধিভূত অজ্ঞানই প্রধান উপাদান হয় বলিয়া উপাদানকারণ। যেরূপ জালপ্রস্তুতকরণকালে ঊর্ণনাভ স্বয়ং তন্তুরূপ কার্য্য করে বলিয়া নিমিত্তকারণ এবং তাহার স্বীয় দেহেই জালের উৎপাদন হয় বলিয়া সে স্বয়ংই উপাদানকারণ হয়, এই জগৎ-সৃষ্টিরূপকার্য্যে অজ্ঞানোপহিত চৈতন্যও তদ্রূপ নিমিত্ত ও উপাদানকারণ হন॥ ৪৭॥

তমঃপ্রধান-বিক্ষেপশক্তিমদজ্ঞানোপহিতচৈতন্যাদাকাশঃ, আকাশাদ্বায়ুর্ব্বায়োরগ্নিরগ্নেরাপঃ অদ্ভ্যঃ পৃথিবী চোৎপদ্যতে। "তস্মাদ্বা এতস্মাদাত্মন আকাশঃ সম্ভূতঃ" (তৈত্তি০ উপ০ ২।১) ইত্যাদি শ্রুতেঃ॥ ৪৮॥

টীকা।—ইদানীং বিক্ষেপশক্তিকৃত্যমাহ—তম ইতি। আকাশাদের্জড়ত্বাৎ তমোগুণপ্রধান-বিক্ষেপশক্তিযুক্তাজ্ঞানাবচ্ছিন্ন-চৈতন্যস্যৈবাকাশাদি-প্রপঞ্চজনকত্বমিতি ভাবঃ।

অস্মিন্নর্থে শ্রুতিঃ প্রমাণয়তি—তস্মাদ্বেত্যাদি। এতেনার্থাৎ সাঙ্খ্য-নৈয়ায়িকপক্ষৌ নিরস্তৌ, শক্তেরজ্ঞানস্য শক্তিমৎপরতন্ত্রত্বাৎ, স্বতন্ত্রস্য তস্য কেবলস্য জড়স্যাজ্ঞানস্য জগৎকারণত্বানুপপত্তেঃ, "ঈক্ষতের্নাশব্দম্" (ব্রহ্ম, সূ, ১।১।৫) "রচনানুপপত্তেশ্চ নানুমানম্" (ব্রহ্ম, সূ, ২।২।১) ইত্যাদি ন্যায়-নিরস্তত্বাচ্চ, পরমাণোরপ্যুক্তদোষগ্রাসত্রাসানপায়াৎ, অভিন্ন-নিমিত্তোপাদান-প্রতিপাদক-শ্রুতিস্মৃতি-ন্যায়বিরোধাচ্চ। "যতো বা ইমানি ভূতানি জায়ন্তে, যেন জাতানি জীবন্তি, যৎ প্রয়ন্ত্যভিসংবিশন্তি" (তৈত্তি, উপ, ৩।১) "সদেব সোম্যেদমগ্র আসীৎ" (ছান্দো, উপ, ৬।২।১) "এতস্মাজ্জায়তে প্রাণঃ" (মুণ্ড, উপ, ২।১।৩) "অহং সর্ব্বস্য প্রভবো মত্তঃ সর্ব্বং প্রবর্ত্ততে।" (গীতা ৭।১০) "বীজং মাং সর্ব্বভূতানাম্" (গীতা ৭।১০) ইত্যাদি-শ্রুতিস্মৃতিভিরীশ্বরস্যৈব জগৎকারণত্বপ্রতিপাদনাৎ॥ ৪৮॥

অনুবাদ:—তমঃপ্রধান বিক্ষেপশক্তিবিশিষ্ট অজ্ঞান দ্বারা আচ্ছন্ন চৈতন্য হইতে আকাশ, আকাশ হইতে বায়ু, বায়ু হইতে তেজ, তেজ হইতে জল ও জল হইতে পৃথিবী উৎপন্ন হইতেছে। এ বিষয়ে শ্রুতি আছে যে, "সেই এই অজ্ঞানাচ্ছন্ন আত্মা হইতে আকাশ উৎপন্ন হইয়াছে" ইত্যাদি॥ ৪৮॥

তেষু জাড্যাধিক্য-দর্শনাত্তমঃ-প্রাধান্যং তৎকারণস্য। তদানীং সত্ত্বরজস্তমাংসি কারণগুণপ্রক্রমেণ তেষ্বাকাশাদি-ষূৎপদ্যন্তে। ইমান্যেব সূক্ষ্মভূতানি তন্মাত্রাণ্যপঞ্চীকৃতানি চোচ্যন্তে। এতেভ্যঃ সূক্ষ্মশরীরাণি স্থূলভূতানি চোৎ-পদ্যন্তে॥ ৪৯॥

টীকা:—নন্বাকাশাদিপ্রপঞ্চোৎপাদকচৈতন্যাবচ্ছেদকাজ্ঞানে কুতস্তমঃ-

প্রাধান্যম্ ? ইত্যাশঙ্ক্যাহ—তেম্বিত্যাদি। "কারণগুণা হি কার্য্যগুণানারভন্তে" ইতি ন্যায়াদিতি ভাবঃ।

নন্বু ত্রিগুণাত্মকত্বাদজ্ঞানস্য কথং তমোগুণমাত্রপ্রাধান্যেন আকাশাদি-জনকত্বমিত্যাশঙ্ক্যাহ—তদানীমিতি। তস্যামুৎপত্তিবেলায়াং সত্ত্বাদয়স্ত্রয়োঽপি গুণাস্তারতম্যেন কারণগুণপ্রক্রমন্যায়েন তেষ্বাকাশাদিষু পঞ্চভূতেষূত্তরোত্তরা-ধিক্যেন জায়ন্তে ইত্যর্থঃ।

ইমান্যেব সূক্ষ্মশরীরাদিকারণভূতান্যপঞ্চীকৃতানি সূক্ষ্মরূপপঞ্চভূততন্মাত্রাণী-ত্যুচ্যন্তে ইত্যাহ—ইমান্যেবেতি। "পঞ্চপ্রাণমনোবুদ্ধি-দশেন্দ্রিয়সমন্বিতম্। অপঞ্চীকৃতভূতোত্থং সূক্ষ্মাঙ্গং ভোগসাধনম্॥" ইতি বচনাদপাপঞ্চীকৃত-ভূতেভ্যঃ অপঞ্চীকৃতসূক্ষ্মশরীরাণি পঞ্চীকৃতস্থূলভূতেভ্যঃ স্থূলশরীরাণি চোৎপদ্যন্তে ইত্যাহ—এতেভ্য ইতি॥ ৪৯॥

অনুবাদ।—সেই আকাশ, বায়ু, অগ্নি, জল ও পৃথিবীরূপ পঞ্চমহাভূতে তমোগুণের কার্য্যে জড়তার আধিক্য দেখা যায় বলিয়া তাহার কারণস্বরূপ অজ্ঞানাবৃত চৈতন্যও তমঃপ্রধান বলিয়াই জানিবে, যেহেতু, কারণের গুণই কার্য্যে সংক্রামিত হয় অর্থাৎ কারণে যে গুণ যে পরিমাণে থাকে, তৎকার্য্যেও সেই গুণ সেই পরিমাণেই বিদ্যমান থাকে। আকাশাদি পঞ্চমহাভূতের সৃষ্টিকালে তাহার কারণীভূত অজ্ঞানোপহিত চৈতন্যে যে পরিমাণ সত্ত্ব, রজঃ ও তমোগুণের অংশ ছিল, তৎকার্য্যস্বরূপ আকাশাদি পঞ্চমহাভূতেও সেই পরিমাণেই ঐ গুণত্রয়ের অংশ বিদ্যমান আছে; ইহারাই সূক্ষ্মভূত, অপঞ্চীকৃত এবং পঞ্চতন্মাত্র নামে অভিহিত হয়। পঞ্চতন্মাত্রের নাম—শব্দতন্মাত্র, স্পর্শতন্মাত্র,

রূপতন্মাত্র, রসতন্মাত্র ও গন্ধতন্মাত্র। এই সূক্ষ্মভূত হইতে সূক্ষ্মদেহ ও পঞ্চবিধ মহাভূত সঞ্জাত হয়। পঞ্চীকরণের পর শব্দতন্মাত্র হইতে গগন, স্পর্শতন্মাত্র হইতে অনিল, রূপতন্মাত্র হইতে তেজ, রসতন্মাত্র হইতে জল এবং গন্ধতন্মাত্র হইতে পৃথিবী সঞ্জাত হইয়া থাকে ॥ ৪৯ ॥

সূক্ষ্মশরীরাণি—সপ্তদশাবয়বানি লিঙ্গশরীরাণি। অবয়বাস্তু—জ্ঞানেন্দ্রিয়পঞ্চকং বুদ্ধিমনসী কর্ম্মেন্দ্রিয়পঞ্চকং বায়ুপঞ্চকঞ্চেতি ॥ ৫০ ॥

টীকা ঃ—সূক্ষ্মশরীরস্বরূপভূতানবয়বানাহ—অবয়বাস্ত্বিতি ॥ ৫০ ॥

অনুবাদ ঃ—সপ্তদশ অবয়বযুক্ত লিঙ্গদেহের নাম সূক্ষ্মদেহ। সেই সপ্তদশ অবয়ব যথা,—নেত্র, কর্ণ, নাসিকা, জিহ্বা, ত্বক্ এই পঞ্চ জ্ঞানেন্দ্রিয়; বাক্, পাণি, পাদ, পায়ু, উপস্থ এই পঞ্চ কর্ম্মেন্দ্রিয়; প্রাণ, অপান, সমান, উদান, ব্যান এই পঞ্চ বায়ু এবং বুদ্ধি ও মন ॥ ৫০ ॥

জ্ঞানেন্দ্রিয়াণি—শ্রোত্র-ত্বক্-চক্ষুর্জ্জিহ্বাঘ্রাণাখ্যানি। এতান্যাকাশাদীনাং সাত্ত্বিকাংশেভ্যো ব্যস্তেভ্যঃ পৃথক্ পৃথক্ক্রমেণোৎপদ্যন্তে ॥ ৫১ ॥

টীকা ঃ—সাত্ত্বিকাংশাদাকাশাৎ শ্রোত্রমুৎপদ্যতে, সাত্ত্বিকাংশাদ্বায়োস্ত্বগিন্দ্রিয়ং, সাত্ত্বিকাংশাত্তেজসশ্চক্ষুঃ, সাত্ত্বিকাংশাৎ জলাৎ জিহ্বা,

সাত্ত্বিকাংশায়াঃ পৃথিব্যা ঘ্রাণেন্দ্রিয়ঞ্চেতি ক্রমেণোৎপন্নস্তে ইত্যাহ—এতানীতি ॥ ৫১ ॥

অনুবাদ।—কর্ণ, ত্বক্, নেত্র, জিহ্বা ও ঘ্রাণ, এই পাঁচটি জ্ঞানেন্দ্রিয়। অপঞ্চীকৃত আকাশাদির সত্ত্বহুল অংশ-সমূহ হইতে ক্রমান্বয়ে পৃথক্ পৃথক্ এই পঞ্চ জ্ঞানেন্দ্রিয়ের উদ্ভব হয় অর্থাৎ গগনের সাত্ত্বিকাংশ হইতে কর্ণ, বায়ুর সাত্ত্বিকাংশ হইতে ত্বক্, তেজের সাত্ত্বিকাংশ হইতে নেত্র, সলিলের সাত্ত্বিকাংশ হইতে রসনা এবং পৃথিবীর সাত্ত্বিকাংশ হইতে ঘ্রাণেন্দ্রিয় সঞ্জাত হইয়া থাকে ॥ ৫১ ॥

বুদ্ধির্নাম—নিশ্চয়াত্মিকাঽন্তঃকরণবৃত্তিঃ। মনো নাম—সঙ্কল্পবিকল্পাত্মিকাঽন্তঃকরণবৃত্তিঃ ॥ ৫২ ॥

টীকা।—বুদ্ধের্লক্ষণমাহ—বুদ্ধিরিতি। "ব্রহ্মৈবাহম্" ইতি নিশ্চয়াত্মিকাঽন্তঃকরণবৃত্তিরেব বুদ্ধিঃ।

মনসো লক্ষণমাহ—মন ইতি। "অহং চিদ্রূপো দেহো বা ?" ইতি সংশয়াত্মিকাঽন্তঃকরণবৃত্তিরেব মন ইত্যর্থঃ ॥ ৫২ ॥

অনুবাদ।—নিশ্চয়াত্মিকা অন্তঃকরণবৃত্তিকে বুদ্ধি কহে অর্থাৎ চিত্তের যে বৃত্তি দ্বারা কোন বিষয়ে নিশ্চিতধারণা করা যায়, তাহাই বুদ্ধি। সঙ্কল্পবিকল্পাত্মিকা অন্তঃকরণবৃত্তিকে মন বলে। ইহাকে সংশয়াত্মিকা অন্তঃকরণবৃত্তিও বলা যায় অর্থাৎ চিত্তের যে বৃত্তি দ্বারা কোন বিষয়ে নিশ্চিত হইতে না

পারিয়া "ইহা কি উহা" এইরূপ সংশয়াপন্ন অবস্থা আনয়ন করে, তাহাই মন ॥ ৫২ ॥

অনয়োরেব চিত্তাহঙ্কারয়োরন্তর্ভাবঃ। অনুসন্ধানাত্মিকা-হন্তঃকরণবৃত্তিঃ চিত্তম্। অভিমানাত্মিকাহন্তঃকরণবৃত্তিঃ অহঙ্কারঃ। এতে পুনরাকাশাদিগত-সাত্ত্বিকাংশেভ্যো মিলিতেভ্য উৎপদ্যন্তে। এতেষাং প্রকাশাত্মকত্বাৎ সাত্ত্বিকাংশকার্য্যত্বম্ ॥ ৫৩ ॥

টীকা।—স্মরণাত্মকচিত্তস্য গর্ব্বাত্মকাহঙ্কারস্য চ বুদ্ধিমনসোরন্তর্ভাব ইত্যাহ—অনয়োরিতি। যদ্যপ্যন্তঃকরণত্বেন চতুর্ণামেকত্বং, তথাহপ্যেকস্যৈব পুরুষস্য পাচকঃ পাঠকঃ ইত্যাদি বৃত্তিভেদাৎ ভেদবৎ একস্যাপ্যন্তঃকরণস্য নিশ্চয়সংশয়স্মরণাহঙ্কারবিষয়ভেদৈর্ব্বুদ্ধ্যাদিভেদ ইত্যর্থঃ।

বুদ্ধ্যাদীনামুৎপত্তিপ্রকারং দর্শয়তি—এতে পুনরিতি।

এতেষাং চতুর্ণাং সাত্ত্বিকাংশেভ্যঃ ভূতেভ্যঃ উৎপত্তৌ নিমিত্তমাহ—এতেষামিতি। বুদ্ধ্যাদীনাং প্রকাশাত্মকত্বাৎ সাত্ত্বিকাংশভূতকার্য্যত্ব-মিত্যর্থঃ ॥ ৫৩ ॥

অনুবাদ।—চিত্ত এবং অহঙ্কার বুদ্ধি ও মনের অন্তর্ভূতবৃত্তি-বিশেষ। তাহার মধ্যে অনুসন্ধানাত্মিকা অন্তঃকরণবৃত্তির নাম চিত্ত, এই চিত্ত বুদ্ধির অন্তর্ভূত। অভিমানাত্মিকা অন্তঃকরণ-বৃত্তির নাম অহঙ্কার, এই অহঙ্কারও মনের অন্তর্ভূত। বস্তুতঃ যেমন একই ব্যক্তি কখন পাঠ, কখন পাক, কখন বা পূজা ইত্যাদি কর্ম্মভেদে পাচক, পাঠক, পূজক ইত্যাদি ভিন্ন

ভিন্ন নামে অভিহিত হয়, তদ্রূপ অন্তঃকরণ এক হইলেও তাহার নিশ্চয়, সংশয়, স্মরণ ও অহঙ্কাররূপ বৃত্তিভেদে বুদ্ধি, মন, চিত্ত ও অহঙ্কার এই চারিটি পৃথক্ পৃথক্ নামে অভিহিত হয়। এই বুদ্ধি, মন, চিত্ত ও অহঙ্কার মিলিত আকাশাদিপঞ্চভূতের সাত্ত্বিকাংশ হইতে সঞ্জাত। বুদ্ধি, মন, চিত্ত, অহঙ্কার ও পঞ্চজ্ঞানেন্দ্রিয় ইহারা প্রকাশাত্মক বলিয়া আকাশাদির সাত্ত্বিকাংশের কর্ম্ম ॥ ৫৩ ॥

ইয়ং বুদ্ধির্জ্ঞানেন্দ্রিয়ৈঃ সহিতা সতী বিজ্ঞানময়কোষো ভবতি। অয়ং কর্ত্তৃত্ব-ভোক্তৃত্ব-সুখিত্ব-দুঃখিত্বাদ্যভিমানিত্বেন ইহলোকপরলোকগামী ব্যাবহারিকো জীব ইত্যুচ্যতে ॥৫৪॥

টীকা।—বুদ্ধের্বিজ্ঞানময়কোষত্বং দর্শয়তি—ইয়মিতি। বুদ্ধেঃ সত্ত্বকার্য্যত্বাৎ জ্ঞানেন্দ্রিয়সাহিত্যেন প্রকাশাধিক্যাৎ বিজ্ঞানময়ত্বং, আত্মাচ্ছাদকত্বাচ্চ কোষত্বং ইত্যর্থঃ।

বিশুদ্ধবুদ্ধিপ্রতিবিম্বিত-চিদাত্মনো জীবত্বং দর্শয়তি—অয়মিতি। তপ্তায়ঃপিণ্ডবৎ বুদ্ধ্যারোপিতং চৈতন্যং বস্তুতোঽকর্ত্তৃ অভোক্তৃ নিত্যানন্দমপরিচ্ছিন্নমক্রিয়মপি কর্ত্তৃত্ব-ভোক্তৃত্ব-সুখিত্ব-দুঃখিত্ব-পরিচ্ছিন্নত্ব-ক্রিয়াবত্ত্বাদ্যভিমানেন স্বর্গাদিলোকান্তরগামিত্বং ব্যাবহারিকজীবত্বঞ্চ লভতে ইত্যর্থঃ ॥ ৫৪ ।

অনুবাদ।—এই বুদ্ধি জ্ঞানেন্দ্রিয়ের সহিত মিলিত হইয়া বিজ্ঞানময় কোষ নামে কথিত হয়। এই বিজ্ঞানময় কোষ অর্থাৎ তপ্তলৌহপিণ্ডতুল্য বুদ্ধিগত চৈতন্য, বাস্তবিক পক্ষে অকর্ত্তা, অভোক্তা ও নিত্যানন্দস্বরূপ হইয়াও কর্ত্তৃত্ব, ভোক্তৃত্ব, সুখিত্ব ও

দুঃখিত্ব ইত্যাদি বিষয়ে অভিমানী হইয়া ইহলোক ও পরলোকগামী ব্যাবহারিক জীব বলিয়া কথিত হন ॥ ৫৪ ॥

মনস্তু কর্ম্মেন্দ্রিয়ৈঃ সহিতং সন্মনোময়কোষো ভবতি। কর্ম্মেন্দ্রিয়াণি—বাক্‌পাণিপাদপায়ূপস্থানি। এতানি পুনরাকাশাদীনাং রজোঽংশেভ্যো ব্যস্তেভ্যঃ পৃথক্ পৃথক্ ক্রমেণোৎপদ্যন্তে ॥ ৫৫ ॥

টীকা।—মনোময়কোষং নিরূপয়তি—মনস্থিতি। সত্ত্বগুণপ্রধানং মনঃ রজোগুণাংশেভ্যো জাতৈর্ব্বাগাদিকর্ম্মেন্দ্রিয়ৈরেব সহিতং সৎ মনোময়-কোষো ভবতীত্যর্থঃ। অত্র তু মনসঃ সত্ত্বোপহিত-রজোবিকারেচ্ছারূপত্বাৎ সঙ্কল্পবিকল্পাত্মকত্বেন বুদ্ধ্যপেক্ষয়া জাড্যাধিক্যাৎ মনোময়ত্বম্, আত্মাচ্ছাদকত্বাৎ কোষত্বমিতি ভাবঃ।

কর্ম্মেন্দ্রিয়াণ্যুদ্দিশতি—কর্ম্মেন্দ্রিয়াণীতি। এতেষামুৎপত্তৌ সাধনা-পেক্ষামাহ—এতানীতি। ভূতানাং ত্রিগুণত্বেঽপি রজোগুণবহুলেভ্যো ভূতেভ্যো বাগাদীনি পৃথক্ পৃথক্ ক্রমেণ উৎপদ্যন্তে। রজোগুণপ্রধানাদা-কাশাৎ বাগুৎপদ্যতে, রজোগুণপ্রধানাদ্‌বায়োঃ পাণীন্দ্রিয়ং, রজোগুণপ্রধানা-দগ্নেঃ পাদেন্দ্রিয়ং, রজোগুণপ্রধানাৎ জলাৎ পায়্বিন্দ্রিয়ং, রজোগুণপ্রধানায়াঃ পৃথিব্যাঃ উপস্থেন্দ্রিয়ং উৎপদ্যতে ইত্যর্থঃ ॥ ৫৫ ॥

অনুবাদ।—মন কর্ম্মেন্দ্রিয়পঞ্চকের সহিত মিলিত হইয়া মনোময় কোষ শব্দে কীর্ত্তিত হইয়া থাকে। বাক্, পাণি, পাদ, পায়ু (মলদ্বার) ও উপস্থ (লিঙ্গ) ইহাদিগের নাম কর্ম্মে-ন্দ্রিয়। আকাশাদি পঞ্চভূতের পৃথক্ পৃথক্ রজোগুণাংশ হইতে

ক্রমশঃ ভিন্ন ভিন্ন এই পঞ্চ কর্ম্মেন্দ্রিয়ের উদ্ভব হয়; যথা—আকাশের রাজসিক অংশ হইতে বাক্য, বায়ুর রাজসিক অংশ হইতে কর, তেজের রাজসিক অংশ হইতে চরণ, জলের রাজসিক অংশ হইতে পায়ু এবং ক্ষিতির রাজসিক অংশ হইতে উপস্থ সঞ্জাত হয়॥ ৫৫॥

বায়বঃ,—প্রাণাপান-ব্যানোদান-সমানাঃ। প্রাণো নাম—প্রাগ্‌গমনবান্ নাসাগ্রস্থানবর্ত্তী। অপানো নাম—অবাগ্‌গমনবান্ পায়্বাদিস্থানবর্ত্তী। ব্যানো নাম—বিশ্বগ্‌-গমনবানখিলশরীরবর্ত্তী। উদানো নাম—কণ্ঠস্থানীয়ঃ ঊর্দ্ধ্বগমনবানুৎক্রমণবায়ুঃ। সমানো নাম—শরীরমধ্যগতা-শিতপীতান্নাদিসমীকরণকরঃ। সমীকরণন্তু—পরিপাক-করণং, রসরুধিরশুক্রপুরীষাদিকরণমিতি যাবৎ॥ ৫৬॥

টীকা।—বায়ূন্নির্দ্দিশতি—বায়ব ইতি। যথোদ্দেশং প্রাণস্য লক্ষণমাহ—প্রাণ ইতি। ঊর্দ্ধ্বগমনশীলো নাসাগ্রস্থায়ী বায়ুঃ প্রাণ ইত্যর্থঃ।

অপানস্য লক্ষণমাহ—অপান ইতি। অধোগমনশীলঃ পায়্বাদিস্থায়ী বায়ুরপান ইত্যর্থঃ।

ব্যানস্য লক্ষণমাহ—ব্যানো নাম ইতি। সর্বনাড়ীগমনশীলঃ অখিলশরীর-স্থায়ী বায়ুর্ব্যান ইত্যর্থঃ।

উদানস্য লক্ষণমাহ—উদান ইতি। ঊর্দ্ধ্বমুৎক্রমণশীলঃ কণ্ঠস্থায়ী বায়ু-রুদান ইত্যর্থঃ।

সমানস্য লক্ষণমাহ—সমান ইতি। শরীরমধ্যগতান্নরসাদিনেতা বায়ুঃ

সমান ইত্যর্থঃ। প্রাণাদীনাং বায়ুত্বেন রূপেণ একত্বেঽপি ক্রিয়াভেদেন ভেদ ইত্যর্থঃ॥ ৫৬

অনুবাদ।—পঞ্চবায়ু যথা—প্রাণ, অপান, ব্যান, উদান ও সমান। এই পাঁচটির মধ্যে ঊর্দ্ধগমনশীল নাসাগ্রবর্ত্তী বায়ুর নাম প্রাণ; অধোগমনশীল পায়ু প্রভৃতি স্থানস্থ বায়ুর নাম অপান; সর্ব্বনাড়ীগমনশীল সর্ব্বদেহস্থ বায়ুর নাম ব্যান; ঊর্দ্ধগমনশীল কণ্ঠ-স্থানস্থ বায়ুর নাম উদান; ভুক্ত-পীত অন্ন-জলাদির সমীকরণ অর্থাৎ পরিপাক দ্বারা রস, রক্ত, শুক্র, পুরীষাদি-জনক বায়ুর নাম সমান॥ ৫৬॥

কেচিত্তু নাগ-কূর্ম্ম-কৃকর-দেবদত্ত-ধনঞ্জয়াখ্যাঃ পঞ্চান্যে বায়বঃ সন্তীত্যাহুঃ। তত্র নাগঃ উদ্গিরণকরঃ। কূর্ম্মঃ উন্মীলনকরঃ। কৃকরঃ ক্ষুধাকরঃ। দেবদত্তঃ জৃম্ভণ-করঃ। ধনঞ্জয়ঃ পোষণকরঃ। এতেষাং প্রাণাদিষ্বন্ত-র্ভাবাৎ প্রাণাদয়ঃ পঞ্চৈবেতি কেচিৎ। ইদং প্রাণাদিপঞ্চকং আকাশাদিগত-রজোঽংশেভ্যো মিলিতেভ্য উৎপদ্যতে। ইদং প্রাণাদিপঞ্চকং কর্ম্মেন্দ্রিয়সহিতং সৎ প্রাণময়কোষো ভবতি। অস্য ক্রিয়াত্মকত্বেন রজোঽংশকার্য্যত্বম্॥ ৫৭॥

টীকা।—কাপিলমতানুসারিণঃ ক্রিয়াভেদেনান্যেঽপি পঞ্চ বায়বঃ সন্তীতি বদন্তীত্যাহ—কেচিত্ত্বিতি।

তান্যেব নামানি নির্দ্দিশতি—নাগ ইত্যাদি। তথা চোক্তম্,—"উদ্গারে নাগ আখ্যাতঃ কূর্ম্মস্তূন্মীলনে স্মৃতঃ। কৃকরস্তু ক্ষুধি জ্ঞেয়ো দেবদত্তো

বিজৃম্ভণে॥ ন জহাতি মৃতঞ্চাপি সর্ব্বব্যাপী ধনঞ্জয়ঃ॥" (গোরক্ষশতক ৩৫।৩৬) ইতি।

বেদান্তিনস্তু নাগাদীনাং প্রাণাদিষ্বন্তর্ভাবং বদন্তীত্যাহ—এতেষামিতি।

প্রাণাদিবায়ূনামুৎপত্তৌ কারণাপেক্ষায়ামাহ—ইদমিতি। অপঞ্চীকৃত-পঞ্চমহাভূতেভ্যো রজঃপ্রধানেভ্যঃ প্রাণাদয়ো জায়ন্তে ইত্যর্থঃ।

এতেষাং প্রাণাদীনাং প্রাণপ্রাচুর্য্যাৎ প্রাণময়ত্বম্, আত্মাচ্ছাদকত্বাৎ কোষত্বঞ্চ ভবতীত্যাহ—ইদমিতি। প্রাণাদীনাং রজঃপ্রধানভূতকার্য্যত্বে নিমিত্তমাহ—অস্যেতি। প্রাণাদীনাং ক্রিয়াত্মকত্বাৎ রজোঽংশকার্য্যত্ব-মিত্যর্থঃ॥ ৫৭॥

অনুবাদ ;—কপিলমতাবলম্বী আর্য্যগণ বলেন, কথিত পঞ্চবায়ু ভিন্ন আরও পঞ্চবিধ বায়ু আছে। ঐ বায়ুপঞ্চক নাগ, কূর্ম্ম, কৃকর, দেবদত্ত ও ধনঞ্জয় নামে অভিহিত। যে বায়ু উদ্গিরণ অর্থাৎ উদ্গারজনক, তাহার নাম নাগ; যে বায়ু নয়নের উন্মীলনক্রিয়াসম্পাদক, তাহার নাম কূর্ম্ম; যে বায়ুপ্রভাবে ক্ষুধা উৎপন্ন হয়, তাহার নাম কৃকর ; যে বায়ু জৃম্ভণ অর্থাৎ জৃম্ভা (হাই) উৎপাদক, তাহার নাম দেবদত্ত; যে বায়ু দেহের পুষ্টিসম্পাদন করে, তাহার নাম ধনঞ্জয়। বৈদান্তিকেরা বলেন, নাগ, কূর্ম্ম ইত্যাদি পঞ্চবায়ু প্রাণ অপানাদি পঞ্চবায়ুরই অন্তর্গত, অতএব প্রাণাদি পাঁচটিই বায়ু, নাগাদির পৃথক্ উল্লেখ অনাবশ্যক। সম্মিলিত আকাশাদির রজোগুণাংশ হইতে এই প্রাণাদি পাঁচটি বায়ুর উৎপত্তি। এই প্রাণাদি পাঁচটি বায়ু বাক্পাণিপাদাদি পাঁচটি কর্ম্মেন্দ্রিয়ের সহিত মিলিত হইয়া

প্রাণময়কোষ এই নামে অভিহিত হয়। এই প্রাণাদিপঞ্চক ক্রিয়াত্মক অর্থাৎ বাক্যোচ্চারণাদিক্রিয়া-সম্পাদক বলিয়া আকাশাদির রজোগুণাংশের কার্য্য ॥ ৫৭ ॥

এতেষু কোষেষু মধ্যে বিজ্ঞানময়ো জ্ঞানশক্তিমান্ কর্ত্তৃরূপঃ। মনোময় ইচ্ছাশক্তিমান্ করণরূপঃ। প্রাণময়ঃ ক্রিয়াশক্তিমান্ কার্য্যরূপঃ। যোগ্যত্বাদেবমেতেষাং বিভাগ ইতি বর্ণয়ন্তি। এতৎ কোষত্রয়ং মিলিতং সৎ সূক্ষ্মশরীরমিত্যুচ্যতে ॥ ৫৮ ॥

টীকা।—এতেষু পঞ্চসু কোষেষু মধ্যে বিজ্ঞানময়-মনোময়-প্রাণময়-কোষাণাং ক্রমেণ জ্ঞানেচ্ছা-ক্রিয়াশক্তিভেদেন কর্ত্তৃকরণক্রিয়ারূপত্বং দর্শয়তি—এতেম্বিতি।

তত্র হেতুমাহ—যোগ্যত্বাদিতি। ইদমেব কোষত্রয়ং সূক্ষ্মশরীরমিতি ব্যবহ্রিয়তে ইত্যাহ—এতদিতি ॥ ৫৮ ॥

অনুবাদ।—এই কোষত্রয়ের মধ্যে বিজ্ঞানময়কোষ জ্ঞানশক্তিযুক্ত, সুতরাং কর্ত্তৃরূপ; মনোময়কোষ ইচ্ছাশক্তিবিশিষ্ট, সুতরাং করণরূপ; প্রাণময়কোষ ক্রিয়াশক্তিযুক্ত, সুতরাং কার্য্যরূপ। যোগ্যতাবশতই ইহাদের এইরূপ বিভাগ হইয়াছে, ইহাই পণ্ডিতগণ বলেন। বিজ্ঞানময়কোষ, মনোময়কোষ ও প্রাণময়কোষ এই কোষত্রয় একত্র সমবেত হইয়া সূক্ষ্মদেহ বা লিঙ্গদেহ এই নামে কথিত হইয়া থাকে ॥ ৫৮ ॥

অত্রাপ্যখিলসূক্ষ্মশরীরং একবুদ্ধিবিষয়তয়া বনবজ্জলাশয়বদ্বা সমষ্টিঃ, অনেকবুদ্ধিবিষয়তয়া বৃক্ষবজ্জলবদ্বা ব্যষ্টিশ্চ ভবতি। এতৎ সমষ্ট্যুপহিতং চৈতন্যং সূত্রাত্মা, হিরণ্যগর্ভঃ, প্রাণ ইতি চোচ্যতে, সর্ব্বত্রানুস্যূতত্বাৎ জ্ঞানেচ্ছাক্রিয়াশক্তিমদপঞ্চীকৃতপঞ্চমহাভূতাভিমানিত্বাচ্চ॥৫৯

টীকা ।—অস্য সমষ্টিত্বে হেতুমাহ—অত্রাপীতি। একবুদ্ধীতি। চরাচরপ্রাণিমাত্রস্য যাবন্ত্যনন্তানি সূক্ষ্মশরীরাণি তেষাং সর্ব্বেষাং সূক্ষ্মশরীরাণাং সূত্রাত্মনা হিরণ্যগর্ভাখ্যেন স্বীয়ৈকবুদ্ধ্যা বিষয়ীকৃতত্বাৎ সমষ্টিত্বমিত্যর্থঃ।

অত্র দৃষ্টান্তমাহ—বনবদিত্যাদি।

অস্যৈব সূক্ষ্মশরীরস্য ব্যষ্টিত্বং দর্শয়তি—অনেকেত্যাদি। অনেকেষাং জীবানাং প্রত্যেকং স্বস্বলিঙ্গশরীরস্য স্বস্ববুদ্ধিবিষয়ত্বেনানেকবুদ্ধিবিষয়তয়া ব্যষ্টিত্বমিত্যর্থঃ।

অত্র দৃষ্টান্তমাহ—বৃক্ষবদিত্যাদি।

উক্তসমষ্ট্যবচ্ছিন্নচৈতন্যস্য সূত্রাত্মেত্যাদিসংজ্ঞাং প্রদর্শয়তি—এতদিত্যাদি।

তত্র হেতুমাহ—সর্ব্বত্রেতি। সর্ব্বপ্রাণলিঙ্গশরীরেষু অনুস্যূতত্বাদ্-বিদ্যমানত্বাদিত্যর্থঃ।

হেত্বন্তরমাহ—জ্ঞানেচ্ছেত্যাদি। জ্ঞানেচ্ছাক্রিয়াশক্তিমৎকোষত্রয়োপাধ্যবচ্ছিন্নত্বাদিত্যর্থঃ ॥ ৫৯ ॥

অনুবাদ ।—এ স্থানেও সমস্ত সূক্ষ্মদেহ এক বুদ্ধির বিষয় হইলে বন বা জলাশয়ের ন্যায় সমষ্টি, বহুবুদ্ধির বিষয় হইলে তরু কিংবা জলের ন্যায় ব্যষ্টিও হইয়া থাকে। এই সূক্ষ্মশরীররূপ

সমষ্টি দ্বারা উপহিত চৈতন্যকে সূত্রাত্মা, হিরণ্যগর্ভ ও প্রাণ বলে, যে হেতু তিনি সর্ব্বপ্রাণীর লিঙ্গশরীরে সূত্রের ন্যায় অনুস্যূত অর্থাৎ অনুপ্রবিষ্ট আছেন এবং তিনি জ্ঞানশক্তি, ইচ্ছাশক্তি ও ক্রিয়াশক্তিবিশিষ্ট অপঞ্চীকৃতপঞ্চমহাভূতাভিমানী। তিনি সর্ব্বত্র মালান্তর্গত সূত্রের ন্যায় অনুস্যূত আছেন বলিয়া তাঁহার নাম সূত্রাত্মা। তিনি জ্ঞানশক্তিবিশিষ্ট অন্তঃকরণে উপহিত আছেন, এই হেতু হিরণ্যগর্ভ শব্দে কীর্ত্তিত হন। তিনি ক্রিয়াশক্তিবিশিষ্ট প্রাণের অধিদেবতা বলিয়া প্রাণশব্দে অভিহিত হন ॥ ৫৯ ॥

অস্যৈষা সমষ্টিঃ স্থূলপ্রপঞ্চাপেক্ষয়া সূক্ষ্মত্বাৎ সূক্ষ্মশরীরং বিজ্ঞানময়াদিকোষত্রয়ং, জাগ্রদ্‌বাসনাময়ত্বাৎ স্বপ্নঃ, অতএব স্থূলপ্রপঞ্চলয়স্থানমিতি চোচ্যতে। এতদ্‌ব্যষ্ট্যুপহিতং চৈতন্যং তৈজসো ভবতি, তেজোময়ান্তঃকরণোপহিতত্বাৎ ॥ ৬০ ॥

টীকা।—বিজ্ঞানময়াদিকোষত্রয়স্য সূক্ষ্মশরীরতাং দর্শয়তি—অস্যেত্যাদি। অস্য সূত্রাত্মনো হিরণ্যগর্ভাখ্যস্য বিজ্ঞানময়াদিকোষত্রয়ং সূক্ষ্মশরীরম্ অস্য স্থূলপ্রপঞ্চাপেক্ষয়া সূক্ষ্মত্বাদিত্যর্থঃ।

অস্যৈব বিজ্ঞানময়াদিকোষত্রয়স্য স্বপ্নত্বে যুক্তিমাহ—জাগ্রদিত্যাদি। বিরাড়্‌রূপেণানুভূতস্থূলপ্রপঞ্চবিষয়কবাসনাময়ত্বাৎ স্বপ্নত্বমস্যেত্যর্থঃ। যতঃ স্বপ্নত্বং সূক্ষ্মত্বঞ্চ, অত এব স্থূলপ্রপঞ্চলয়স্থানমিত্যুচ্যতে ইত্যর্থঃ।

বিজ্ঞানময়াদিসমষ্ট্যুপাধ্যবচ্ছিন্নচৈতন্যস্য হিরণ্যগর্ভত্বং প্রতিপাদ্য ইদানীং তদ্‌ব্যষ্ট্যুপলক্ষিতচৈতন্যস্য তৈজসত্বং নিরূপয়তি—এতদিত্যাদি।

তত্র হেতুমাহ—তেজোময়েত্যাদি ॥ ৬০ ॥

অনুবাদ।—হিরণ্যগর্ভের এই সূক্ষ্মদেহসমষ্টি, স্থূল-প্রপঞ্চ অপেক্ষা সূক্ষ্মতা বশতঃ সূক্ষ্মদেহ ও বিজ্ঞানময়াদি কোষত্রয় শব্দে অভিহিত হয়। জাগ্রদবস্থাতে বাসনাময় বলিয়া ইহাকে স্বপ্নও বলে; সুতরাং এই সূক্ষ্মদেহসমষ্টি স্থূলপ্রপঞ্চের লয়স্থান, ইহাও বলে। এই সূক্ষ্মদেহব্যষ্টি দ্বারা উপহিত চৈতন্য তৈজস, অর্থাৎ প্রতি সূক্ষ্মদেহে যে পৃথক্ পৃথক্ চৈতন্য, তাহা তৈজস শব্দে কথিত। তৈজস শব্দ ব্যবহার করিবার তাৎপর্য্য এই যে, ঐ চৈতন্য তেজোময় অন্তঃকরণে প্রতিফলিত হয়েন ॥ ৬০ ॥

অস্যাপীয়ং ব্যষ্টিঃ স্থূলশরীরাপেক্ষয়া সূক্ষ্মত্বাৎ সূক্ষ্ম-শরীরং, বিজ্ঞানময়াদিকোষত্রয়ং জাগ্রদ্বাসনাময়ত্বাৎ স্বপ্নঃ, অত এব স্থূলশরীরলয়স্থানমিতি চোচ্যতে। এতৌ সূত্রাত্মতৈজসৌ তদানীং সূক্ষ্মাভির্ম্মনোবৃত্তিভিঃ সূক্ষ্ম-বিষয়াননুভবতঃ। "প্রবিবিক্তভুক্ তৈজসঃ" (মাণ্ডু॰ উপ॰ ৩) ইত্যাদি শ্রুতেঃ ॥ ৬১ ॥

টীকা।—তৈজসস্যাপি সূক্ষ্মশরীরত্বমিতি দর্শয়তি—অস্যাপীতি। সূক্ষ্মশরীরত্বে হেতুমাহ—স্থূলেতি।

অস্যাপি স্বপ্নত্বে হেতুমাহ—জাগ্রদিত্যাদি। বিশ্বচৈতন্যেনানুভূতস্থূলশরীর-বিষয়কবাসনাময়ত্বাৎ স্বপ্নত্বমিত্যর্থঃ।

অস্যৈব সূক্ষ্মশরীরস্য স্থূলশরীরলয়স্থানত্বে যুক্তিমাহ—অত এবেতি।

যথা পূর্ব্বং প্রাজ্ঞেশ্বরাবজ্ঞানবৃত্তিভিঃ সুষুপ্ত্যবস্থায়ামানন্দমনুভবতঃ, তথা

হিরণ্যগর্ভতৈজসাবপি স্বপ্নাবস্থায়াং মনোবৃত্তিভিঃ বাসনাময়ান শব্দাদিবিষয়াননুভবত ইতি দর্শয়তি—এতাবিত্যাদি।

অস্মিন্নর্থে শ্রুতিমুদাহরতি—প্রবিবিক্তেত্যাদি ॥ ৬১ ॥

অনুবাদ।—এই তৈজসেরও এই ব্যষ্টি অর্থাৎ প্রত্যেক লিঙ্গদেহ স্থূলদেহ অপেক্ষা সূক্ষ্মতা বশতঃ সূক্ষ্মদেহ ও বিজ্ঞানময়াদি কোষত্রয়, এবং জাগ্রদবস্থাতে বাসনাময় বলিয়া ইহাকে স্বপ্নও বলে। অত এব এই সূক্ষ্মদেহ স্থূলদেহের লয়স্থান বলিয়াও কীর্ত্তিত হয়। এই সূত্রাত্মা ও তৈজস উভয়েই সুষুপ্তিসময়ে সূক্ষ্ম মনোবৃত্তি দ্বারা সূক্ষ্মবিষয়সমূহ অনুভব করেন অর্থাৎ বাসনাময়-শব্দাদি-বিষয়-সমূহ অনুভব করিতে থাকেন। শ্রুতিতেও লিখিত আছে যে, "তৈজস সূক্ষ্মবিষয় ভোগ করিয়া থাকেন" ॥ ৬১ ॥

অত্রাপি সমষ্টি-ব্যষ্ট্যোস্তদুপহিতসূত্রাত্মতৈজসয়োশ্চ বনবৃক্ষবত্তদবচ্ছিন্নাকাশবচ্চ জলাশয়জলবত্তদ্গতপ্রতিবিম্বাকাশবচ্চাভেদঃ। এবং সূক্ষ্মশরীরোৎপত্তিঃ ॥ ৬২ ॥

টীকা।—ইহাপি বিজ্ঞানময়াদিকোষত্রয়স্য সমষ্টিরূপস্য তদবচ্ছিন্নসূত্রাত্মনশ্চ ব্যষ্টিরূপবিজ্ঞানময়াদিকোষত্রয়স্য তদবচ্ছিন্নতৈজসচৈতন্যস্য চ বনবৃক্ষাদিতদবচ্ছিন্নাকাশাদিদৃষ্টান্তমুখেনাভেদং দর্শয়তি—অত্রাপীত্যাদি। সমষ্টিব্যষ্ট্যুপাধ্যোর্ব্বনবৃক্ষবৎ জলাশয়জলবচ্চাভেদঃ, উপাধিদ্বয়াবচ্ছিন্নচৈতন্যয়োঃ সূত্রাত্মতৈজসয়োরপি বনবৃক্ষাবচ্ছিন্নাকাশবৎ জলাশয়জলগতপ্রতিবিম্বাকাশবচ্চাভেদ ইত্যর্থঃ।

সূক্ষ্মশরীরোৎপত্তিপ্রকরণমুপসংহরতি—এবমিত্যাদি ॥ ৬২ ॥

অনুবাদ।—এ স্থানেও সমষ্টি ও ব্যষ্টি এবং সমষ্টি দ্বারা উপহিত সূত্রাত্মা ও ব্যষ্টি দ্বারা উপহিত তৈজস চৈতন্য বন ও বৃক্ষের ন্যায় এবং বনাবচ্ছিন্ন আকাশের সহিত বৃক্ষাবচ্ছিন্ন আকাশের ন্যায়, জলাশয় ও জলের ন্যায় এবং জলাশয়গত প্রতি-বিম্বিত আকাশের সহিত জলগত প্রতিবিম্বিত আকাশের ন্যায় পরস্পর অভিন্ন অর্থাৎ সমষ্টি ও ব্যষ্টি পরস্পর বন ও পাদপের ন্যায় এবং জলাশয় ও জলের ন্যায় অভিন্ন এবং প্রত্যেক লিঙ্গদেহে উপহিত চৈতন্য তৈজস আর সমস্ত দেহে উপহিত চৈতন্য হিরণ্যগর্ভ পরস্পর বৃক্ষাবচ্ছিন্ন আকাশের সহিত বনাবচ্ছিন্ন গগনের ন্যায় ও সলিলগত প্রতিবিম্বিত আকাশের সহিত জলাশয়গত প্রতিবিম্বাকাশের তুল্য পরস্পর অভিন্ন। এই প্রকারে সূক্ষ্মদেহের উদ্ভব হইয়াছে ॥ ৬২ ॥

স্থূলভূতানি তু পঞ্চীকৃতানি। পঞ্চীকরণন্তু আকাশাদি-পঞ্চস্বেকৈকং দ্বিধা সমং বিভজ্য, তেষু দশস্থ ভাগেষু মধ্যে প্রাথমিকান্ পঞ্চভাগান্ প্রত্যেকং চতুর্দ্ধা সমং বিভজ্য, তেষাং চতুর্ণাং ভাগানাং স্বস্বদ্বিতীয়ার্দ্ধভাগং পরি-ত্যজ্য ভাগান্তরেষু সংযোজনম্। তদুক্তম্,—"দ্বিধা বিধায় চৈকৈকং চতুর্দ্ধা প্রথমং পুনঃ। স্বস্বেতরদ্বিতীয়াংশৈ-র্যোজনাৎ পঞ্চ পঞ্চ তে॥" (পঞ্চদ০ ১।২৭) ইতি ॥ ৬৩ ॥

টীকা।—অথেদানীং স্থূলশরীরোৎপত্তিং নিরূপয়িতুমুপক্রমতে—

স্থূলেত্যাদি। তুশব্দঃ পূর্ব্বস্মাদ্‌বৈষম্যং দ্যোতয়তি—পঞ্চীকৃতানীতি। অপঞ্চীকৃতসূক্ষ্মভূতাপেক্ষয়া স্থূলভূতানি পঞ্চীকৃতানীত্যর্থঃ।

পঞ্চীকরণমেব প্রতিপাদয়িতুং প্রতিজানীতে—পঞ্চীকরণন্তিতি।

পঞ্চীকরণপ্রকারমেবাহ—আকাশাদিপঞ্চস্বিত্যাদি। অয়মর্থঃ,—সৃষ্টিকালে সকলপ্রাণ্যদৃষ্টবশাদীশ্বরপ্রেরণয়া আকাশবায়ুতেজোবন্নান্যবিদ্যা-সহায়ভূতাৎ পরমাত্মনঃ সকাশাদনুক্রমজাতানি তান্যপঞ্চীকৃতানি সূক্ষ্মাণি ব্যবহারাসমর্থানীতি কৃত্বা তদীয়স্থৌল্যাপেক্ষায়াং ব্যবহর্তৃপ্রাণিজাতধর্ম্মাধর্ম্মা-পেক্ষয়ৈব তান্যেব ভূতানি পঞ্চীকৃতানি ভবন্তি। তানি চ প্রত্যেকং দ্বৈবিধ্যমাপদ্যন্তে। তেষ্বাকাশাদিষু দশসু ভাগেষু প্রাথমিকান্ পঞ্চভাগান্ প্রত্যেকং চতুর্দ্ধা সমং বিভজ্য স্বার্দ্ধপরিত্যাগেন চতুর্ণাং প্রত্যেকং ভাগান্তরেষু সন্নিবেশেন পঞ্চীকৃতানি স্থূলানি ভবন্তীতি।

অস্মিন্নর্থে বৃদ্ধসম্মতিমাহ—তদুক্তমিত্যাদি ॥ ৬৩ ॥

অনুবাদ ।—পঞ্চীকৃত পঞ্চভূতকে স্থূলভূত কহে। পঞ্চী-করণপ্রকরণ বর্ণিত হইতেছে।—প্রথমতঃ আকাশাদি পঞ্চভূতের প্রত্যেককে সমান দুই দুই ভাগে বিভক্ত করিয়া পরে সেই দশ ভাগের মধ্যে প্রথম পাঁচ ভাগকে আবার সমান চারি চারি অংশে বিভক্ত করিয়া সেই সকল চারি চারি ভাগের নিজ নিজ দ্বিতীয়ার্দ্ধ-ভাগকে পরিত্যাগপূর্ব্বক তাহা অন্য অন্য ভাগগুলিতে যোজনা করার নাম পঞ্চীকরণ অর্থাৎ অগ্রে আকাশকে দুই অংশে বিভক্ত করিয়া নিজের জন্য অর্দ্ধাংশ রাখিয়া অপর অর্দ্ধাংশ পুনরায় চারি অংশ করিয়া ঐ চারি অংশের এক অংশ বায়ুতে, এক অংশ তেজে, এক অংশ জলে, এক অংশ পৃথিবীতে যোজনা করিতে

হইবে। এই প্রকার বায়ুকে প্রথমতঃ দুই অংশে বিভক্ত করিয়া অর্দ্ধাংশ আপনার জন্য রাখিয়া অপর অর্দ্ধাংশ চারি অংশ করিয়া এক অংশ আকাশে, এক অংশ তেজে, এক অংশ জলে, এক অংশ পৃথিবীতে যোগ করিবে। এইরূপ তেজকে প্রথমে সমান দুই অংশ করিয়া অর্দ্ধাংশ নিজের জন্য রাখিয়া অপর অর্দ্ধাংশ চারি অংশ করিয়া উহার এক অংশ আকাশে, এক অংশ বায়ুতে, এক অংশ জলে, এক অংশ পৃথিবীতে যোগ দিবে। এই প্রকার জলকে সম দ্বি-অংশে বিভক্ত করিয়া অর্দ্ধাংশ আপনার জন্য রাখিয়া অপর অর্দ্ধাংশ পুনর্ব্বার চারি অংশ করিয়া এক অংশ আকাশে, এক অংশ বায়ুতে, এক অংশ তেজে, এবং এক অংশ পৃথিবীতে যোগ করিবে। এই প্রকার পৃথিবীকে অগ্রে দুই অংশে বিভক্ত করিয়া পৃথিবীর জন্য অর্দ্ধাংশ রাখিয়া অপর অর্দ্ধাংশ পুনর্ব্বার চারি অংশে বিভক্ত করিয়া তাহার এক অংশ আকাশে, এক অংশ বায়ুতে, এক অংশ তেজে এবং এক অংশ জলে যোগ করিবে। এইরূপে পঞ্চীকরণ দ্বারা যথাযথরূপে আকাশে আকাশের অর্দ্ধাংশ, বায়ুর অষ্টমাংশ, তেজের অষ্টমাংশ, সলিলের অ টমাংশ ও পৃথিবীর অষ্টমাংশ একত্র হইল। বায়ুতেও বায়ুর অর্দ্ধাংশ, গগনের অষ্টমাংশ, তেজের অষ্টমাংশ, জলের অষ্টমাংশ ও পৃথিবীর অষ্টমাংশ একত্র হইল। এই প্রকার তেজেও তেজের অর্দ্ধাংশ, আকাশের অষ্টমাংশ, বায়ুর অষ্টমাংশ, সলিলের অষ্টমাংশ ও পৃথিবীর অষ্টমাংশ একত্র হইয়া গেল। এই প্রকার জলেও জলের অর্দ্ধাংশ, আকাশের অষ্টমাংশ, বায়ুর অষ্টমাংশ,

তেজের অষ্টমাংশ ও পৃথিবীর অষ্টমাংশ একত্র হইল। এই প্রকার পৃথিবীতেও পৃথিবীর অর্দ্ধাংশ, আকাশের অষ্টমাংশ, বায়ুর অষ্টমাংশ, তেজের অষ্টমাংশ ও জলের অষ্টমাংশ একত্র হইয়া গেল। এই পঞ্চীকরণ দ্বারা গগনে আকাশের আট আনা, বায়ুর দুই আনা, তেজের দুই আনা, জলের দুই আনা ও পৃথিবীর দুই আনা অংশ থাকিল। এই প্রকার বায়ুতে বায়ুর অংশ আট আনা, অন্যান্য ভূতচতুষ্টয়ের অংশ দুই আনা করিয়া আট আনা হইয়াছে। তেজ, জল এবং পৃথিবীতেও ঐ প্রকার। এ বিষয়ে শাস্ত্রান্তরে উক্ত হইয়াছে যে, "প্রত্যেক ভূতকে দুই অংশ করিয়া তাহার প্রথমাংশকে পুনরায় চারি ভাগ করিবে এবং ঐ চারি অংশ নিজ ভাগ ভিন্ন অন্য চারিটি ভূতের যে অর্দ্ধাংশ পৃথক্ করিয়া রাখা হইয়াছিল, সেই অংশে যোজনা করিবে। এইরূপে পরস্পর পরস্পরে মিলিত পঞ্চভূতকে পঞ্চীকৃত বা স্থূলভূত বলা যায় ॥ ৬৩ ॥

অস্যাপ্রামাণ্যং নাশঙ্কনীয়ং, ত্রিবৃৎকরণশ্রুতেঃ পঞ্চীকরণস্যাপ্যুপলক্ষণত্বাৎ। পঞ্চানাং পঞ্চাত্মকত্বে সমানেঽপি তেষু চ "বৈশিষ্যাত্তু তদ্‌বাদস্তদ্‌বাদঃ" (ব্রহ্মসূ° ২।৪।২২) ইতি ন্যায়েন আকাশাদিব্যপদেশঃ সম্ভবতি ॥ ৬৪ ॥

টীকা।—পঞ্চীকরণস্য ত্রিবৃৎকরণপ্রতিপাদকশ্রুত্যন্তরবিরোধমাশঙ্ক্য পরিহরতি—অস্যেত্যাদি ভূতত্রয়সৃষ্টিশ্রুতৌ সৃষ্টিপরিপূর্ত্ত্যর্থমত্রাশ্রুতমপি

ভূতদ্বয়মাশ্রিত্য ভূতপঞ্চকাভিপ্রায়েণ ভূতত্রয়সৃষ্টিপ্রতিপাদনাদবিরোধ ইত্যর্থঃ।

আকাশাদিপঞ্চভূতেষু চতুর্দ্ধা বিভক্তানামংশেষাং পঞ্চভূতানাং প্রত্যেকানুপ্রবেশেন পঞ্চীকৃতানামাকাশাদীনাং পঞ্চাত্মকত্বাবিশেষাদাকাশাদিব্যপদেশো ন স্যাদিত্যাশঙ্ক্য পরিহরতি—পঞ্চানামিত্যাদি। আকাশাদীনাং পঞ্চানাং পঞ্চাত্মকত্বে সমানেঽপি তেষু পঞ্চভূতেষু তদ্বিশেষানুপ্রবেশাৎ তত্তন্নামভির্ব্যবহারঃ সম্ভবতীত্যর্থঃ॥ ৬৪॥

অনুবাদ।—এই পঞ্চীকরণব্যাপার অপ্রামাণিক, এরূপ সন্দেহেরও কারণ নাই, যেহেতু ত্রিবৃৎকরণশ্রুতি আছে। ত্রিবৃৎকরণশ্রুতি পঞ্চীকরণের উপলক্ষণ। পঞ্চীকরণের পর আকাশাদি পঞ্চভূত প্রত্যেক সমভাবে পঞ্চাত্মক হইলেও "বৈশিষ্ট্য অর্থাৎ আধিক্য হেতু সেই সেই নাম প্রাপ্ত হয়" এই ন্যায়ানুসারে স্ব স্ব অংশের আধিক্য বশতঃ আকাশাদি নামে ব্যবহৃত হয়। অর্থাৎ গগনে গগনের অংশ অধিক আছে বলিয়া তাহাকে আকাশ কহে। এইরূপ অন্য অন্য ভূতচতুষ্টয়েও স্ব স্ব অংশ অধিক থাকায় সেই সেই নামকরণ হয়॥ ৬৪॥

তদানীমাকাশে শব্দোঽভিব্যজ্যতে, বায়ৌ শব্দস্পর্শৌ, অগ্নৌ শব্দস্পর্শরূপাণি, অপ্সু শব্দস্পর্শরূপরসাঃ, পৃথিব্যাং শব্দস্পর্শরূপরসগন্ধাশ্চ॥ ৬৫॥

টীকা।—তদানীমিত্যাদি। যদা পঞ্চীকৃতান্যাকাশাদীনি তদানীং স্থূলত্বেন স্বস্বকার্য্যোৎপাদনসমর্থত্বাদাকাশেঽব্যক্তরূপেণ স্থিতঃ শব্দোঽভিব্যজ্যতে ব্যক্তো ভবতীত্যর্থঃ॥ ৬৫॥

অনুবাদ।—এইরূপে পঞ্চীকৃত হইলে তখন আকাশে শব্দগুণ, বায়ুতে শব্দ ও স্পর্শগুণ, তেজে শব্দ, স্পর্শ ও রূপ, সলিলে শব্দ, স্পর্শ, রূপ ও রস, ক্ষিতিতে শব্দ, স্পর্শ, রূপ, রস ও গন্ধ এই গুণ-সমূহ অভিব্যক্ত হয় ॥ ৬৫ ॥

এতেভ্যঃ পঞ্চীকৃতেভ্যো ভূতেভ্যো ভূর্ভুবঃ স্বর্ম্মহর্জ্জনস্তপঃ সত্যমিত্যেতন্নামকানামুপর্য্যুপরি বিদ্যমানানাং অতলবিতলসুতলরসাতলতলাতলমহাতল-পাতাল-নামকানামধোঽধো বিদ্যমানানাং লোকানাং, ব্রহ্মাণ্ডস্য, তদন্তর্গত-চতুর্ব্বিধস্থূলশরীরাণাং তদুচিতানামন্নপানাদীনাঞ্চোৎপত্তির্ভবতি ॥ ৬৬ ॥

টীকা।—উক্তেভ্যো ভূতেভ্যশ্চ চতুর্দ্দশভুবনোৎপত্তিপ্রকারং দর্শয়তি—এতেভ্য ইতি। এতেভ্যঃ ভূতেভ্যো সমুৎপন্নব্রহ্মাণ্ডস্য চতুর্ব্বিধশরীরাণাঞ্চ তদ্যোগ্যান্নপানাদীনাঞ্চোৎপত্তির্ভবতীত্যর্থঃ ॥ ৬৬ ॥

অনুবাদ।—এই পঞ্চীকৃত পঞ্চভূত হইতে ভূর্লোক, ভুবর্লোক, স্বর্লোক, মহর্লোক, জনলোক, তপোলোক ও সত্যলোক এই সপ্তলোক ; অতল, বিতল, সুতল, রসাতল, তলাতল, মহাতল ও পাতাল অধোঽধোভাবে অবস্থিত এই সপ্তলোক ; এই চতুর্দ্দশলোকের আধার ব্রহ্মাণ্ড ; ব্রহ্মাণ্ডের অন্তর্ভূত জরায়ুজ, অণ্ডজ, স্বেদজ ও উদ্ভিজ্জ এই চতুর্বিবধ স্থূলদেহ এবং এই চতুর্ব্বিধ দেহের উপযোগী অন্নপান ইত্যাদি উৎপন্ন হয় ॥৬৬॥

চতুর্ব্বিধস্থূলশরীরাণি—জরায়ুজাণ্ডজস্বেদজোদ্ভিজ্জাখ্যানি।
জরায়ুজানি—জরায়ুভ্যো জাতানি মনুষ্য-পশ্বাদীনি।
অণ্ডজানি—অণ্ডেভ্যো জাতানি পক্ষিপন্নগাদীনি।
স্বেদজানি—স্বেদেভ্যো জাতানি যূকমশকাদীনি।
উদ্ভিজ্জানি—ভূমিমূদ্ভিদ্য জাতানি লতাবৃক্ষাদীনি ॥ ৬৭ ॥

টীকা ;—চতুর্ব্বিধশরীরাণ্যুদ্দিশতি—চতুর্ব্বিধেত্যাদি। তানি চ নামোদ্দেশং বিবৃণোতি—জরায়ুজানীত্যাদি ॥ ৬৭ ॥

অনুবাদ ;—জরায়ুজ, অণ্ডজ, স্বেদজ ও উদ্ভিজ্জ এই চতুর্ব্বিধ দেহকে স্থূলদেহ কহে। জরায়ু হইতে জাত মনুষ্যপশ্বাদির নাম জরায়ুজ, অণ্ড হইতে জাত বিহঙ্গ-ভুজঙ্গাদির নাম অণ্ডজ, স্বেদ হইতে জাত মশকাদির নাম স্বেদজ এবং ভূমি ভেদ পূর্ব্বক উদ্ভূত তরুলতাদির নাম উদ্ভিজ্জ ॥ ৬৭ ॥

অত্রাপি চতুর্ব্বিধস্থূলশরীরং একানেকবুদ্ধিবিষয়তয়া বনবজ্জলাশয়বদ্‌বা সমষ্টিঃ, বৃক্ষবজ্জলবদ্‌বা ব্যষ্টিরপি ভবতি ॥ ৬৮ ॥

টীকা ;—পূর্ব্ববদত্রাপি সমষ্টিব্যষ্টিভেদং দর্শয়তি—অত্রাপীত্যাদি। চতুর্ব্বিধশরীরজাতমপি শরীরমিত্যেকবুদ্ধিবিষয়তয়া বনবৎ সমষ্টিত্বং, প্রত্যেকং তচ্ছরীরবিষয়তয়াঽনেকবুদ্ধিবিষয়ত্বাৎ ব্যষ্টিত্বঞ্চ লভতে ইত্যর্থঃ ॥ ৬৮ ॥

অনুবাদ ।—এখানেও এই চতুর্ব্বিধ স্থূলদেহ শরীরত্বাবচ্ছেদে একবুদ্ধিবিষয়তাবশতঃ অর্থাৎ শরীর হিসাবে এক ধরিয়া লইয়া বনের ন্যায় বা জলাশয়ের ন্যায় সমষ্টিরূপে এবং প্রত্যেক

দেহ ভিন্ন ভিন্ন বুদ্ধির বিষয় হেতুক অর্থাৎ প্রত্যেকেই পৃথক্ পৃথক্ ধরিয়া লইয়া বৃক্ষ বা জলের ন্যায় ব্যষ্টিরূপে ব্যবহৃত হয় ॥ ৬৮ ॥

এতৎ সমষ্ট্যুপহিতং চৈতন্যং বৈশ্বানরো বিরাড়িতি চোচ্যতে, সর্ব্বনরাভিমানিত্বাৎ, বিবিধং রাজমানত্বাচ্চ। অস্যৈষা সমষ্টিঃ স্থূলশরীরং, অন্নবিকারত্বাদন্নময়কোষঃ, স্থূলভোগায়তনত্বাচ্চ স্থূলশরীরং জাগ্রদিতি চোচ্যতে ॥৬৯॥

টীকা ।—অধুনা ভূরাদিচতুর্দ্দশভুবনান্তর্গতচতুর্ব্বিধস্থূলশরীরসমষ্ট্যুপহিতচৈতন্যস্য বৈশ্বানরত্বাপরপর্য্যায়বৈরাজত্বং দর্শয়তি—এতদিত্যাদি।

তত্র যুক্তিমাহ—সর্ব্বেত্যাদি। সর্ব্বপ্রাণিনিকায়েম্বহমিত্যভিমানবত্ত্বাৎ বৈশ্বানরত্বং, বিবিধং নানাপ্রকারেণ প্রকাশমানত্বাচ্চ বৈরাজত্বং লভতে ইত্যর্থঃ।

অস্য বিরাট্চৈতন্যস্য এষা পূর্ব্বোক্তা ব্রহ্মাণ্ডান্তর্গতচতুর্ব্বিধস্থূলশরীরসমষ্টিরেব স্থূলশরীরমিত্যর্থঃ। অন্নবিকারবাহুল্যাদন্নময়ত্বং, আচ্ছাদকত্বাৎ কোষত্বং, স্থূলশরীরাদিবিষয়প্রবৃত্তসুখদুঃখভোগায়তনত্বাচ্চ স্থূলশরীরত্বং, ইন্দ্রিয়ৈরর্থোপলব্ধেশ্চ জাগ্রদবস্থাত্বং ঘটতে ইত্যর্থঃ ॥ ৬৯ ॥

অনুবাদ ।—এই স্থূলদেহ সমুদায়ের সমষ্টিতে উপহিত চৈতন্যকে বৈশ্বানর ও বিরাট্ বলে, সর্ব্বজীবদেহে আমি বর্ত্তমান আছি, এই অভিমান বশতঃ বৈশ্বানর অর্থাৎ বিশ্বস্থ নরে বর্ত্তমান, বিবিধভাবে প্রকাশ পাইতেছেন বলিয়া বিরাট্। পূর্ব্বোক্ত চতুর্বিধ জরায়ুজাদি স্থূলশরীরসমষ্টিই এই বিরাট চৈতন্যের স্থূলশরীর, অন্নবিকারসম্ভূত বলিয়া অন্নময়কোষ ও স্থূলদেহে ভোগ্য

সুখদুঃখাদি ভোগের আশ্রয় বলিয়া স্থূলশরীর ও জাগ্রৎ এই নামে অভিহিত হয় ॥ ৬৯ ॥

এতদ্ব্যষ্ট্যুপহিতং চৈতন্যং বিশ্ব ইত্যুচ্যতে, সূক্ষ্ম-শরীরাভিমানমপরিত্যজ্য স্থূলশরীরাদিপ্রবেষ্টৃত্বাৎ।

অস্যাপ্যেষা ব্যষ্টিঃ স্থূলশরীরং, অন্নবিকারত্বাৎ অন্নময়-কোষঃ, স্থূলভোগায়তনত্বাৎ জাগ্রদিতি চোচ্যতে ॥ ৭০ ॥

টীকা।—চতুর্ব্বিধস্থূলশরীরসমষ্ট্যুপহিতচৈতন্যং, সপ্রপঞ্চমভিধায় ইদানীং তদ্ব্যষ্ট্যুপহিতচৈতন্যমভিধত্তে—এতদিত্যাদি। এতেষাং চতুর্ব্বিধ-শরীরাণাং যা ব্যষ্টিস্তত্তচ্ছরীরব্যক্তিস্তদুপহিতং চৈতন্যং বিশ্ব ইত্যুচ্যতে ইত্যর্থঃ।

তত্র হেতুমাহ—সূক্ষ্মেত্যাদি। সূক্ষ্মলিঙ্গশরীরাভিমানমপরিত্যজ্য স্থূলশরীরেষু প্রবিশ্য তত্তৎস্থূলশরীরেষু সর্ব্বেষু প্রত্যেকমহমহমিত্যভিমানবত্ত্বা-দ্বিশ্বত্বমিত্যর্থঃ।

অস্য বিশ্বচৈতন্যস্যাপ্যেষা তত্তচ্ছরীরব্যক্তিবিশেষলক্ষণা ব্যষ্টিঃ, সৈব স্থূলশরীরমিত্যর্থঃ।

অত্রাপ্যন্নবিকারবাহুল্যাদন্নময়ত্বং চৈতন্যাচ্ছাদকত্বাৎ কোষত্বং, ইন্দ্রিয়ৈরর্থোপলম্ভাৎ জাগ্রত্ত্বঞ্চ ক্রমেণ দর্শয়তি—অন্নেত্যাদি ॥ ৭০ ॥

অনুবাদ।—পূর্ব্বোক্ত চতুর্বিধ স্থূলদেহের ব্যষ্টি অর্থাৎ প্রত্যেক স্থূলদেহে উপহিত চৈতন্যকে বিশ্ব কহে, যে হেতু সূক্ষ্ম-শরীর এই অভিমান পরিত্যাগ না করিয়াই সেই সেই স্থূলদেহে প্রবেশ করিয়া সর্ব্বত্রই "অহং" এই অভিমানকে পোষণ করেন। বিশ্বচৈতন্যের এই ব্যষ্টিরূপ স্থূলশরীরও অন্নবিকারসম্ভূত বলিয়া

অন্নময় কোষ ও স্থূলদেহে ভোগ্য সুখদুঃখাদি ভোগের আয়তন বলিয়া জাগ্রৎ এই নামেও অভিহিত হয় ॥ ৭০ ॥

তদানীমেতৌ বিশ্ববৈশ্বানরৌ, দিগ্‌বাতার্কপ্রচেতো-হশ্বিভিঃ ক্রমান্নিয়ন্ত্রিতেন শ্রোত্রাদীন্দ্রিয়পঞ্চকেন ক্রমাচ্ছব্দস্পর্শরূপরসগন্ধান্, অগ্নীন্দ্রোপেন্দ্র-যম-প্রজাপতিভিঃ ক্রমান্নিয়ন্ত্রিতেন বাগাদীন্দ্রিয়পঞ্চকেন ক্রমাদ্‌বচনাদান-গমনবিসর্গানন্দান্, চন্দ্রচতুর্ম্মুখশঙ্করাচ্যুতৈঃ ক্রমান্নিয়ন্ত্রি-তেন মনোবুদ্ধ্যহঙ্কারচিত্তাখ্যেনান্তরিন্দ্রিয়-চতুষ্কেণ ক্রমাৎ সংশয়নিশ্চয়াহঙ্কার্য্যচৈত্তাংশ্চ সর্ব্বানেতান্ স্থূলবিষয়াননু-ভবতঃ "জাগরিতস্থানো বহিঃপ্রজ্ঞঃ" (মাণ্ডু° উ° ৩) ইত্যাদি শ্রুতেঃ ॥ ৭১ ॥

টীকা ঃ—অধুনা জাগ্রদবস্থায়াং বিশ্ববৈশ্বানরয়োস্তত্তদ্দেবতাধিষ্ঠিত-শ্রোত্রাদিভিশ্চতুর্দ্দশভিঃ করণৈঃ শব্দাদিবিষয়গ্রহণপ্রকারং দর্শয়তি—তদানীমিত্যাদি।

অস্মিন্নর্থে শ্রুতিং সংবাদয়তি—জাগরিতেত্যাদি ॥ ৭১ ॥

অনুবাদ ঃ—জাগ্রদবস্থাতে এই বিশ্ব ও বৈশ্বানর, দিক্ কর্ত্তৃক নিয়ন্ত্রিত শ্রোত্র দ্বারা শব্দ, বায়ু কর্ত্তৃক নিয়ন্ত্রিত ত্বগিন্দ্রিয় দ্বারা স্পর্শ, অর্ক কর্ত্তৃক নিয়ন্ত্রিত দর্শনেন্দ্রিয় দ্বারা রূপ, প্রচেতা অর্থাৎ বরুণ কর্ত্তৃক নিয়ন্ত্রিত রসনেন্দ্রিয় দ্বারা রস, অশ্বিনীকুমার-দ্বয় কর্ত্তৃক নিয়ন্ত্রিত ঘ্রাণেন্দ্রিয় দ্বারা গন্ধ উপলব্ধি করেন। এই বিশ্ব ও বৈশ্বানর, বহ্নি কর্ত্তৃক নিয়ন্ত্রিত বাগিন্দ্রিয় দ্বারা বচন, ইন্দ্র

কর্ত্তৃক নিয়ন্ত্রিত হস্ত দ্বারা গ্রহণ, উপেন্দ্র অর্থাৎ বিষ্ণু কর্ত্তৃক নিয়ন্ত্রিত চরণ দ্বারা গমন, যম কর্ত্তৃক নিয়ন্ত্রিত পায়ু দ্বারা বিসর্গ অর্থাৎ মলত্যাগ এবং প্রজাপতি কর্ত্তৃক নিয়ন্ত্রিত উপস্থ অর্থাৎ লিঙ্গ দ্বারা হর্ষ এই পাঁচটি স্থুল বাহ্যবিষয় অনুভব করেন। এই বিশ্ব ও বৈশ্বানর চন্দ্র কর্ত্তৃক নিয়ন্ত্রিত সঙ্কল্পবিকল্পাত্মক অন্তঃকরণ-বৃত্তিস্বরূপ মনোদ্বারা সংশয়, চতুর্ম্মুখ কর্ত্তৃক নিয়ন্ত্রিত নিশ্চয়াত্মক অন্তঃকরণবৃত্তিস্বরূপ বুদ্ধি দ্বারা নিশ্চয়, শঙ্কর কর্ত্তৃক নিয়ন্ত্রিত অভিমানাত্মক অন্তঃকরণবৃত্তিস্বরূপ অহঙ্কার দ্বারা অহঙ্কার্য্য এবং অচ্যুত কর্ত্তৃক নিয়ন্ত্রিত অনুসন্ধানাত্মক অন্তঃকরণবৃত্তিস্বরূপ চিত্ত দ্বারা চৈত্ত, এই সকল স্থূল বিষয় অনুভব করিয়া থাকেন। যে হেতু শ্রুতিতে উল্লিখিত আছে—"জাগরিতস্থান বহিঃপ্রজ্ঞাবিশিষ্ট" অর্থাৎ জাগ্রৎ নামক এই বিশ্ব ও বৈশ্বানর স্থূলবাহ্যবিষয়সমূহ ভোগ করেন॥ ৭১ ॥

অত্রাপ্যনয়োঃ স্থূলব্যষ্টিসমষ্ট্যোস্তদুপহিতয়োর্ব্বিশ্ব-বৈশ্বানরয়োশ্চ বনবৃক্ষবত্তদবচ্ছিন্নাকাশবচ্চ জলাশয়জল-বত্তদ্গতপ্রতিবিম্বাকাশবচ্চ বা পূর্ব্ববদভেদঃ।

এবং পঞ্চীকৃতপঞ্চভূতেভ্যঃ স্থূলপ্রপঞ্চোৎপত্তিঃ ॥ ৭২॥

টীকা।—অনয়োর্ব্বিশ্ববৈশ্বানরয়োর্ব্বনবৃক্ষাবচ্ছিন্নাকাশদৃষ্টান্তেন জলা-শয়জলগতপ্রতিবিম্বাকাশদৃষ্টান্তেন চ পূর্ব্ববদভেদং সাধয়তি—অত্রাপীত্যাদি।

স্থূলপ্রপঞ্চোৎপত্তিমুপসংহরতি—এবমিত্যাদি ॥ ৭২ ॥

অনুবাদ।—এ স্থানেও বনের সহিত তরুর ন্যায় অথবা

বনাবচ্ছিন্ন আকাশের সহিত বৃক্ষাবচ্ছিন্ন আকাশের ন্যায় অথবা জলাশয়ের সহিত জলের ন্যায়, বা জলাশয়গত প্রতিবিম্বের সহিত জলাশয়গত আকাশের ন্যায় স্থূল ব্যষ্টির সহিত স্থূল সমষ্টির এবং তদুপহিত অর্থাৎ তৎকর্ত্তৃক অধিষ্ঠিত বিশ্বের সহিত বৈশ্বানরের অর্থাৎ স্থূলদেহের সমষ্টিগত চৈতন্যস্বরূপ বৈশ্বানরের সহিত স্থূল-দেহের ব্যষ্টিগত চৈতন্যস্বরূপ বিশ্বের কোন পার্থক্য নাই। এই প্রকারে পঞ্চীকৃত পঞ্চভূত হইতে স্থূল জগৎ-প্রপঞ্চের উদ্ভব হইয়াছে ॥ ৭২ ॥

এষাং স্থূলসূক্ষ্মকারণপ্রপঞ্চানাং সমষ্টিরেকো মহান্ প্রপঞ্চো ভবতি, যথা অবান্তরবনানাং সমষ্টিরেকং মহদ্-বনং, যথা বা অবান্তরজলাশয়ানাং সমষ্টিরেকো মহান্ জলাশয়ঃ।

এতদুপহিতং বিশ্ববৈশ্বানরাদীশ্বরপর্য্যন্তং চৈতন্যমপি অবান্তরবনাবচ্ছিন্নাকাশবদবান্তরজলাশয়গতপ্রতিবিম্বাকাশ-বচ্চ একমেব ॥ ৭৩ ॥

টীকা।—স্থূলসূক্ষ্মকারণপ্রপঞ্চানাং ব্যষ্টিভূতানাং প্রত্যেকবিবক্ষয়া-হবান্তরপ্রপঞ্চত্বমভিধায়েদানীং তেষাং সমষ্টেরেব মহাপ্রপঞ্চত্বং দর্শয়তি—এষামিত্যাদি।

তত্র দৃষ্টান্তমাহ—যথেত্যাদি। যথা ধবখদিরপলাশাদ্যবান্তরবনানাং সমষ্টিঃ সমুদায়বিবক্ষয়া একং মহদ্‌বনং ভবতি, যথা চ বাপীকূপতড়াগাদ্যবান্তর-জলাশয়ানাং সমুদায়বিবক্ষয়া একো মহান্ জলাশয়ো ভবতি, তথা স্থূলসূক্ষ্ম-কারণাবান্তরপ্রপঞ্চানাং সমুদায়ঃ একো মহান্ প্রপঞ্চো ভবতীত্যর্থঃ।

এতদবান্তরমহাপ্রপঞ্চোপহিতানাং বিশ্বতৈজসপ্রাজ্ঞানাং বৈশ্বানরহিরণ্যগর্ভাব্যাকৃতানাঞ্চাবান্তরবনাবচ্ছিন্নাকাশবৎ অবান্তরজলাশয়জলগতপ্রতিবিম্বাকাশবচ্চাভেদ ইত্যাহ—এতদুপহিতমিত্যাদি ॥ ৭৩ ॥

অনুবাদ।—যেরূপ ধবখদিরপলাশাদি অবান্তরবনসকলের সমষ্টি এক মহাবন অথবা বাপীকূপতড়াগাদি অবান্তরজলাশয়সকলের সমষ্টি এক মহাজলাশয় বলিয়া গণ্য হয়, তদ্রূপ এই স্থূল, সূক্ষ্ম, কারণদেহ ও প্রপঞ্চসমূহের সমষ্টিতে এক মহান্ প্রপঞ্চ হইয়া থাকে, তাহাই এই মহাজগৎপ্রপঞ্চ জানিবে। এই মহাপ্রপঞ্চ দ্বারা উপহিত বিশ্ব-বৈশ্বানর হইতে ঈশ্বর পর্য্যন্ত চৈতন্যও অবান্তরবনবিশিষ্ট আকাশের ন্যায় ও অবান্তরজলাশয়গত প্রতিবিম্বাকাশের ন্যায় একই জানিবে অর্থাৎ অভিন্ন ॥ ৭৩ ॥

আভ্যাং মহাপ্রপঞ্চতদুপহিতচৈতন্যাভ্যাং তপ্তায়ঃপিণ্ডবদবিবিক্তং সৎ অনুপহিতং চৈতন্যং 'সর্ব্বং খল্বিদং ব্রহ্ম' (ছান্দো০উ০৩।১৪।১) ইতি মহাবাক্যস্য বাচ্যং ভবতি, বিবিক্তং সল্লক্ষ্যমপি ভবতি ॥ ৭৪ ॥

